সাপ্তাহিক

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৫ || সংখ্যা ৫১ || সোমবার || আসিন ৫ || ১৪২৮ || সফর ১৩ || ১৪৪৩ || Vol. 25 || Issue 51 || 20 September || 2021 || USA. FREE in NY, Other State $1



আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১



আলাদীন
Aladdin
২৯-০৩ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


## বিমানে হিজাব দেখেই চিৎকার ‘মুসলিম সন্ত্রাসী’

**বাংলা পত্রিকা ডেস্ক :** যুক্তরাষ্ট্রে ফের হিজাব পরার জন্য বর্ণ বিদ্বেষের শিকার হলেন এক মুসলিম নারী। বিমানে হামলার শিকার হন তিনি। যুক্তরাষ্ট্রের (বাকি অংশ ২০ পাতায়)



**২৪ সেপ্টেম্বর জাতিসংঘে ভাষণ: জেএফকে বিমান বন্দরে আওয়ামী লীগের অভ্যর্থনা র‍্যালি**

# নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

**বাংলা পত্রিকা ডেস্ক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিনল্যান্ডের রাজধানী হেলসিংকিতে দুই দিনের যাত্রাবিরতি শেষে গতকাল রোবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে এসেছেন। এর আগে প্রধানমন্ত্রী গত শুক্রবার ঢাকা থেকে হেলসিংকির উদ্দেশে রওনা হন। নিউ ইয়র্কের জেএফকে বিমান বন্দরে এসে নামলে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব বিন ফাতিমা। এসময় সেখানে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে আছেন পররাষ্ট্রমন্ত্রী ড: একে আব্দুল মোমেন ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি ।প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানাতে জেএফকে বিমান বন্দরে শুভেচ্ছা সমাবেশ করেছে (বাকি অংশ ২০ পাতায়)

## ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট চালু

**বাংলা পত্রিকা ডেস্ক :** মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসীদের চাহিদা পূরণের জন্য ওয়াশিংটন ডিসিতে ইলেকট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) (বাকি অংশ ৩ পাতায়)

## নতুন প্রস্তাবে ৭০ লাখ লোকের গ্রীন কার্ডের সুযোগ

**রওশন হক:** অভিবাসন সংস্কার আইন পাশ না করেই কংগ্রেসে অর্থ আইনের আওতায় লাখ লাখ অভিবাসীদের অভিবাসন সুবিধা প্রদান করার উদ্যোগ নেয়া হচ্ছে। ক্ষমতাসীন ডেমোক্র্যাট দল বাজেট রিক-ন্সিলিয়েশন নামের কংগ্রেসীয় পদ্ধতিতে ইমিগ্রেশন দেয়া এ সুবিধায় কয়েক লাখ লোকজন গ্রীন কার্ড পাওয়ার সুযোগ সৃষ্টি হচ্ছে। গত ১০ সেপ্টেম্বর শুক্রবার কংগ্রেসে ডেমোক্র্যাট দলের আইন প্রণেতারা আসছে বাজেট রিকন্সিলিয়েশন আইন প্রস্তাবে অভিবাসন সুবিধার বিষয়টি আলাদা করে অন্তর্ভুক্ত (বাকি অংশ ১৪ পাতায়)

## যে কারণে প্রিন্স ফিলিপের উইল গোপন রাখার নির্দেশ

বাংলা পত্রিকা ডেস্ক : ব্রিটেনের রানি এলিজাবেথের প্রয়াত স্বামী প্রিন্স ফিলিপের উইল সিল করা অবস্থায় ৯০ বছর সিল করা অবস্থায় (বাকি অংশ ২০ পাতায়)

## ৬৫ বছরের উর্ধ্বে সবার জন্য বুস্টার ডোজ



**বাংলা পত্রিকা ডেস্ক :** ৬৫ বছরের উর্ধ্বে এবং উচ্চঝুঁকিতে থাকা লোকজনকে ফাইজার-বায়োএনটেকের বুস্টার ডোজ দেওয়ার অনুমোদন (বাকি অংশ ২০ পাতায়)

## ‘রেড লিস্ট’ থেকে বাংলাদেশ মুক্ত

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাজ্যে ভ্রমণের ‘রেড লিস্ট’ থেকে বাংলাদেশের নাম প্রত্যাহার করা হয়েছে। আগামী ২২ সেপ্টেম্বর স্থানীয় সময় (বাকি অংশ ০৮ পাতায়)

## বোরকা নিয়ে মন্তব্য তোপের মুখে ব্রিটিশ মন্ত্রী



**বাংলা পত্রিকা ডেস্ক :** যুক্তরাজ্যের সদ্য নিয়োগপ্রাপ্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নাডিন ডরিস বোরকাকে ‘মধ্যযুগীয়’ পোশাক হিসেবে অভিহিত করেছেন। মুসলিম নারীদের (বাকি অংশ ২০ পাতায়)

## সরকার হঠাতে একদফা আন্দোলন বিএনপি'র

**বাংলা পত্রিকা ডেস্ক :** আগামী জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়ার শর্তে বেশ কিছু দফা তুলে ধরবে বিএনপি। এরমধ্যে অন্যতম হচ্ছে নির্বাচনকালীন নিরপেক্ষ সরকার। দলীয় সরকারের অধীনে নির্বাচনে যাবে না-আপাতত এমন বার্তাই দেওয়া হবে। এসব দাবির পেছনে যৌক্তিক (বাকি অংশ ২০

## ইসলাম একটি বিজ্ঞানসম্মত ধর্ম

— ডা. জাফরুল্লাহ চৌধুরী



**বাংলা পত্রিকা ডেস্ক :** গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেছেন, ‘ন্যায় প্রতিষ্ঠার প্রক্রিয়ার নামই হলো জিহাদ। মানুষের ওপর অত্যাচারের প্রতিবাদে ইসলাম একটি বিজ্ঞানসম্মত ধর্ম। অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামই জিহাদ। (বাকি অংশ ২৯ পাতায়)

## অস্ত্রোপচারের পর সুস্থ পেলে



**বাংলা পত্রিকা ডেস্ক :** তিনবারের বিশ্বকাপজয়ী ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার পেলের বৃহদান্তের টিউমার অপসারণে সফল অস্ত্রোপচার হয়েছে। গত ছয় দিন ধরে হাসপাতালে ভর্তি রয়েছেন তিনি। বর্তমানে পেলে সুস্থ আছেন। অস্ত্রোপচারের বিষয়টি সোমবার (বাকি অংশ ২৯


APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali, President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801



QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company



CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Associate



AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury



AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101



CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার ডিল $649+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



SUNNATI HAJJ & UMRAH GROUP
Hajj trusted since 2000
All Air Tickets, Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com



স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.


www.banglapatrikausa.com


BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে
BANGLA CDPAP SERVICES
BANGLA HOME CARE
PASHMINA
Comfort Pharmacy
518 McDONALD AVENUE
BROOKLYN OFFICE
Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372
WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE
HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।
• Highest Rate • Home Care Services
• CDPAP Services • MLTC Related Supports
• Medicaid Apply, Renewal & Code Removal
BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218
FOR MORE INFO
718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388
E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika




# ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্টের শুভ উদ্বোধন

**ওয়াশিংটন ডিসি:** ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসীদের চাহিদা পূরণের জন্য ইলেকট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) সেবা চালু করেছে। বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহীদুল ইসলাম এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব মোঃ মোকাব্বির হোসেন যৌথভাবে ওয়াশিংটন দূতাবাসে উক্ত সেবার উদ্বোধন করেন। সুরক্ষা সেবা বিভাগের সচিব মোঃ মোকাব্বির হোসেন তাঁর বক্তব্যে পূর্বে প্রচলিত হাতে লেখা এবং মেশিন রিডেবল পাসপোর্টের কিছু সীমাবদ্ধতা তুলে ধরে বলেন নতুন প্রচলিত ই-পাসপোর্ট বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তির হওয়ায় এতে জালিয়াতির কোন সুযোগ নেই যার ফলে বহির্বিশ্বে এই পাসপোর্টধারীদের মর্যাদা বৃদ্ধি পাবে। তিনি উল্লেখ করে, বিশ্বের অনেক উন্নত দেশ এখনও ই-পাসপোর্ট এর প্রচলন করতে পারেনি এবং দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে বাংলাদেশই (বাকি অংশ ০৬ পাতায়)



# যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

**বাংলা পত্রিকা ডেস্ক:** গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সংবাদ সম্মেলন করেছেন। **গত ১৫ সেপ্টেম্বর** বুধবার জ্যাকসন হাইটসের নবান্ন'র পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। সংবাদ সম্মেলনে দলীয় এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে পঠিত লিখিত বক্তব্যের পূর্ণ বিবরণ নিম্নরূপ:

**প্রিয় সম্পাদক ও সাংবাদিক বন্ধুরা**

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে আপনাদের সালাম, আদাব ও শুভেচ্ছা।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি জননেত্রী শেখ হাসিনা জাতিসংঘেন ৭৬তম অধিবেশেনে যোগদানের লক্ষ্যে আগামী ১৯ সেপ্টেম্বর রোববার নিউইয়র্ক আসছেন। মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে অতীতের মতো এবারও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও দলের সকল অঙ্গ ও সহযোগী সংগঠন জেএফকে এয়ারপোর্টে জননেত্রীতে স্বাগতম জানাবে। পাশাপাশি আগামী ২৪ সেপ্টেম্বর লাগোর্টিয়া ম্যারিয়ট হোটেল থেকে ভার্চ্যুয়ালী প্রধানমন্ত্রীর সাথে মতবিনিময় ও সংবর্ধনা জানাবে। প্রধানমন্ত্রী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত নিউইয়র্কে অবস্থান এবং জাতিসংঘের সাধারণ অধিবেশনে ভাষণ প্রধান সহ বিভিন্ন ইভেন্টে অংশ নেবেন। তিনি নিউইয়র্ক থেকে ভার্জেনিয়া যাবেন এবং ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিসের সাথে তাঁর বৈঠকের সম্ভাবনা রয়েছে বলে আমরা জেনেছি। আগামী ২ অক্টোবর প্রধানমন্ত্রী লন্ডনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র ত্যাগ করবেন।

**প্রিয় সাংবাদিক ভায়েরা,**

আপনারা জানেন, মহামারী করোনা মোকাবেলা সহ দেশীয় ও আন্তর্জাতিক সকল ষড়যন্ত্র মোকাবেলা করে শেখ হাসিনা সরকার পদ্মা সেতু নির্মাণ, রোহিঙ্গা সমস্যার সমাধানে কাজ করে চলেছেন। চালু হয়েছে মেট্রো রেল। বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হতে যাচ্ছে। দেশের প্রবৃদ্ধি বাড়ছে। এসবই জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন-অগ্রগতির ফসল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার রাজনৈতিক প্রজ্ঞা, মেধা, সূদূর প্রসারী চিন্তা আর কর্মের মধ্য দিয়ে দেশ-জাতিকে বিশ্বের দরবারে অনন্য বাংলাদেশ হিসেবে তুলে ধরেছেন। তাঁর জন্য আমরা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানাই প্রাণঢালা শুভেচ্ছা, অভিনন্দন।

**প্রিয় সাংবাদিক ভায়েরা,**

আমরা প্রত্যাশা করছি জাতিসংঘের এবারের সাধারণ অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রী করোনা পরবর্তী বিশ্ব পরিস্থিতিসহ রোহিঙ্গা সমস্যার সমাধানে জাতিসংঘ সহ বিশ্ব নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ সহ এইসব সমস্যার সমাধানে অগ্রনী ভূমিকা রাখবেন বলেই আমরা বিশ্বাস করি।

**প্রিয় সাংবাদিক ভায়েরা,**

আমরা মনে করি অতীতের মতো এবারো মানীয় প্রধানমন্ত্রীর জাতিসংঘ সফর সফল হবে। এবং অতীতের মতো সকল প্রিন্ট ও ইলেক্টনিকস মিডিয়ার সার্বিক সহযোগিতা থাকবে। এজন্য আমরা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে সকল মিডিয়ার প্রতি কৃতজ্ঞতা জানাই।



# ড. প্রদীপ কর নেতৃত্বাধীন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সংবাদ সম্মেলনে

**বাংলা পত্রিকা ডেস্ক:** গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে ড. প্রদীপ কর নেতৃত্বাধীন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সংবাদ সম্মেলন করেছেন। **গত ১৮** সেপ্টেম্বর শনিবার অপরাহ্নে জ্যাকসন হাইটসের নবান্ন'র পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোহাম্মদ আলী সিদ্দিকী। সংবাদ সম্মেলনে দলীয় এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে পঠিত বক্তব্যের পূর্ণ বিবরণ নিম্নরূপ:

সম্মানীত সাংবাদিক ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম/আদাব। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সকল অঙ্গ/সহযোগী সংগঠনের পক্ষ থেকে আপনাদেরকে জানাচ্ছি স্বশ্রদ্ধ সালাম ও মুজিবীয় শুভেচ্ছা। আমরা অত্যন্ত আনন্দের সাথে আপনাদেরকে অবহিত করতে চাই যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে আসছেন। প্রিয় নেত্রীর আগমন উপলক্ষে আমাদের সকল কর্মসূচী আপনাদের সঙ্গে শেয়ার করতে চাই।

প্রিয় সাংবাদিক বন্ধুরা,

আগামী ১৯ সেপ্টেম্বর রোববার সন্ধ্যা ০৬:০০ ঘটিকায় জেএফকে বিমান বন্দরে দলীয় ব্যানার ফেস্টুনসহ মাননীয় প্রধানমন্ত্রীকে ফুলেল অভ্যর্থনা জানানো হবে। আমাদের সকল নেতাকর্মীকে ইতোমধ্যে এ ব্যাপারে যথাযথ নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ২৪ সেপ্টেম্বর জাতিসংঘে ভাষণ প্রদানকালে বাইরে শান্তি সমাবেশে যোগদান করা হবে। একই দিন সন্ধ্যায় যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী কমিউনিটি কর্তৃক আয়োজিত নাগরিক সংর্বধনায় যোগদান।

প্রিয় সাংবাদিক বন্ধুগণ,

সারা বিশ্বব্যাপী মরণব্যাধী কোভিড-১৯ ছড়িয়ে পড়ায় প্রায় দুই বছর পর মাননীয় প্রধানমন্ত্রী দেশের বাইরে তথা যুক্তরাষ্ট্রে আগমন করছেন। দীর্ঘদিন পর বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার যুক্তরাষ্ট্রে আগমনের সংবাদে প্রবাসী মুজিব আদর্শের নেতাকর্মীরা আনন্দের স্রোতে ভাসছে। গত ৩ বছর যাবৎ যুক্তরাষ্ট্রে আওয়ামী লীগের কোন কমিটি নাই। আপনারা সকলে অবগত আছেন, বিগত ২০১৯ সালে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ও জাতিসংঘে বাংলাদেশ মিশনের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেনের সঞ্চালনায় সর্বশেষ নাগরিক সংবর্ধনা অনুষ্ঠিত হয়। আগের বছর 'নো মোর সিদ্দিক' স্লোগানে স্লোগানে পুরো বলরুম প্রকম্পিত হয়। বাংলাদেশ আওয়ামী লীগের 'কনভেনশন' অনুযায়ী কেন্দ্রীয় সভাপতি জেলা কমিটির কোন সভায় সভাপতিত্ব করলে ঐ কমিটির আর বৈধতা/অস্তিত্ব থাকে না। সুতরাং তখন থেকেই সিদ্দিকুর রহমান আর সভাপতি পদে নাই বলেই অধিকাংশ নেতাকর্মী মনে করেন। এবার (বাকি অংশ ৮ পাতায়)









الحرمين
AL HARAMAIN
50 Years
SINCE 1970 منذ ١٩٧٠
الحرمين
بلاتينيوم عود
AL HARAMAIN
PLATINUM OUD
الحرمين
روز عود
AL HARAMAIN
ROSE OUD
AL HARAMAIN
GOLDEN OUD
الحرمين
جولدن عود
OFFICE: P.O.Box: 13754, Dubai - UAE CORPORATE OFFICE & INDUSTRY: New Industrial Area 1, Munah Street, P.O.Box: 1885, Ajman - UAE
Tel: 800-42 72 62 46 / +971 6 74 80 555 +971 52 102 6080 shop.alharamainperfumes.com
SAUDI ARABIA • U.A.E. • KUWAIT • OMAN • QATAR • BAHRAIN • MOROCCO • SINGAPORE • MALAYSIA • BANGLADESH • U.K. • U.S.A.

# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935


## সম্পাদকীয়

### স্বাগতম প্রধানমন্ত্রী শেখ হাসিনা

স্বাগতম প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মহামারী করোনা, বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশনে এবারের যোগদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা, গত বছরের মতো এবারো রোহিঙ্গা সমস্যা জাতিসংঘের অধিবেশনে বিশেষ গুরুত্ব পাবে। প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফল হোক, সফল হোক জাতিসংঘের সাধারণ অধিবেশন।

পাশাপাশি দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা, একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন, বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতার পাশাপাশি বাক স্বাধীনতা আর মিডিয়ার স্বাধীনতা সময়ের দাবী। বাংলাদেশ অনেক ক্ষেত্রেই বিশ্বের বিভিন্ন দেশের কাছে মডেল রাষ্ট্র, সরকারের মন্ত্রী আর আওয়ামী লীগের শীর্ষ নেতাদের ভাষায় দেশ উন্নয়নের মহাসড়কে ভাসছে। কিন্তু দেশ, জাতি আর জনগণের মৌলিক অধিকারের প্রশ্নে কোন আপোষ করা যাবে না। যার জন্য একাত্তুরের মহান মুক্তিযুদ্ধ, আমাদের লাল-সবুজের পতাকা, আমাদের স্বাধীন-সার্বভৌম প্রিয় বাংলাদেশ। সেই প্রিয় বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে হলে মৌলিক অধিকার প্রতিষ্ঠার কোন বিকল্প নেই। আমরা শেখ হাসিনা সরকারের কাছে সেই অধিকারই চাই। চাই সন্ত্রাস আর দূর্নীতিমূক্ত বাংলাদেশ। চাই, আইনের শাসন। চাই বঙ্গবন্ধু'র সোনার বাংলা, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বাংলাদেশ আর শেখ হাসিনার সত্যিকারের 'ডিজিটাল বাংলাদেশ'।

পাশাপাশি আরেকটি কথা না বললেই নয় যে, প্রধানমন্ত্রীর নিউইয়র্ক আগমন ঘিরে আওয়ামী লীগ-বিএনপি'র রাজনৈতিক কর্মকান্ড ঘিরে এবার যেসব ঘটনা ঘটলো তা অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে। বিশেষ করে গত শনিবার (১৮ সেপ্টেম্বর) প্রবাসী বাংলাদেশীদের প্রাণ কেন্দ্র হিসেবে পরিচিত জ্যাকসন হাইটসে নজিরবিহীন মারামারীর যে ঘটনা ঘটলো তা রীতিমত শংকায় ফেলে দিয়েছে। প্রবাসী বাংলাদেশীরা তো বটেই ভিনদেশীরাও এই ঘটনায় অংতক হয়ে পড়েন। যা কোনভাবেই দল, দেশ ও জাতির জন্য সম্মানজনক নয়। আমরা এমন ঘটনার অবসান চাই। এজন্য দল দুটির শীর্ষ পর্যায় থেকে কঠোর দিক নির্দেশনা চাই। চাই জাতীয় নেতাদের সম্মান। সবার মনে রাখা উচিৎ 'ব্যক্কির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়'।

# পরাজয়ের চুক্তিতে আমেরিকানদের মুক্তির দিশা



**ড. এ কে এম মাকসুদুল হক**

২০১১ সালে আলকায়েদা নেতা ওসামা বিন লাদেনকে কথিত হত্যার মধ্য দিয়ে প্রেসিডেন্ট বারাক ওবামা তার দ্বিতীয় মেয়াদের নির্বাচন পূর্ববর্তী ক্যারিশমা প্রদর্শনে সফল হওয়ার পর থেকেই আফ-গানিস্তানে আমেরিকান যুদ্ধ চালিয়ে যাওয়ার যৌক্তিকতা প্রশ্নবিদ্ধ হতে থাকে। অন্য দিকে ব্যাপক অর্থ ও জনবল ক্ষয়ের ভয়াবহতা থেকে বের হয়ে আসার জন্য আমেরিকান প্রশাসন পথ খুঁজতে থাকে। তারই অংশ হিসেবে ২০১৪ সালে আমেরিকান নেতৃত্বাধীন ন্যাটো সেনাদের একটি বড় অংশ ফিরিয়ে নেয়া হয়। এরই ধারাবাহিকতায় ২৯ ফেব্রুয়ারী ২০২০ সালে কাতারের রাজধানী দোহাতে আফ-গানিস্তানে শান্তির সুবাতাস বইয়ে দেয়ার কথা বলে একটি শান্তিচুক্তি হয়।

দীর্ঘ দিন ধরে শান্তি আলোচনার পরিণতিতে এই চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে স্বাক্ষর করেন প্রতিষ্ঠাতা তালেবান নেতা মোল্লা ওমরের তৎকালীন ডেপুটি মোল্লা আবদুল গনি বারাদার এবং আফ-গানিস্তান-বিষয়ক আমেরিকান বিশেষ দূত জালমে খলিলজাদ। চুক্তির শর্তানুযায়ী তালেবানরা আফগানিস্তানে 'আইএস' ও 'আলকায়েদা'কে আশ্রয় দেবে না, তাদের সখ্যতা পরিত্যাগ করবে এবং আফগান সরকারের এক হাজার বন্দী সেনাকে তালেবানরা মুক্তি দেবে। বিনিময়ে আফ-গানিস্তানে যুদ্ধরত ১৪ হাজার আমেরিকান সেনা নিজ দেশে ফিরে যাবে এবং আফ-গান সরকার পাঁচ হাজার বন্দী তালেবান যোদ্ধাকে মুক্তি দেবে। তালেবানরা শর্ত মেনে চললে পরবর্তী ১৪ মাসের মধ্যে মার্কিন সেনা প্রত্যাহার সম্পন্ন করা হবে। বিশ্ববাসীও চেয়েছিল চুক্তিটি বাস্তবায়িত হোক এবং আফগানিস্তানে উভয় পক্ষের নির্বিচারে মানুষ হত্যার প্রক্রিয়া বন্ধ হয়ে শান্তি ফিরে আসুক; কিন্তু এই চুক্তির ভেতরেই আমেরিকানদের পরাজয়ের বীজ বপন হয়েছিল বলে অনেকে মনে করেন। চুক্তিটির ব্যাপারে দূতিয়ালি করেছেন আমেরিকান বিশেষ দূত জালমে খলিলজাদ এবং তিনিই চুক্তিতে স্বাক্ষর করেছেন; কিন্তুআমেরিকান উচ্চ পর্যায়ের কেউ এতে উপস্থিত ছিলেন বলে জানা যায়নি। এরপর যুক্তরাষ্ট্র ও আফগান সরকার এক যৌথ ঘোষণায় জানায়, তালেবান চুক্তি মানলে আফগানিস্তান থেকে পুরোপুরি সেনা প্রত্যাহার করা হবে। আবার ট্রাম্প বলেছিলেন, তালেবান যেন কথা রাখে, সে দিকে ঘনিষ্ঠ নজর রাখা হবে। অন্য দিকে আফগান প্রেসিডেন্ট আশরাফ গনিও বলেছেন, 'চুক্তির সবকিছুই শর্তাধীন। শান্তিচুক্তির সাফল্য তালেবানের প্রতিশ্রুতির ওপরই নির্ভর করছে।' (দৈনিক প্রথম আলো : ১ মার্চ ২০২০)

যদিও একজন শীর্ষ তালেবান নেতা এতে স্বাক্ষর করেছিলেন; কিন্তু সব তালেবান এই চুক্তির প্রক্রিয়ার সাথে একমত হতে পারেনি। আর চুক্তিতেই বারবার স্মরণ করিয়ে দেয়া হয়েছে, যদি তালেবানরা চুক্তির শর্তগুলো মেনে চলে তবে শান্তি আসতে পারে। তার মানে আমেরিকানদের মনে তালেবানদের ব্যাপারে বিশ্বাসের ঘাটতি ছিল বা অজানা ভয় ছিল। অন্য দিকে তালেবানদেরকে তখন আফগান সরকারের সাথে আলোচনায় বসতে শর্ত জুড়ে দেয়া হয়েছিল যদিও তারা তৎকালীন আফগান সরকারকে অবৈধ বলে মনে করত। তালেবানদের মধ্যেও অনেক ভিন্ন মতাবলম্বী রয়েছে এবং আফগানরা সংস্কৃতিকগতভাবেই অত্যন্ড় স্বাধীনচেতা ও নিজের মতের বাইরে অন্য কিছু গ্রহণ করতে অভ্যস্ত নয়। তাই পরিস্থিতি পুরো-পুরি আফগান সরকার নিয়ন্ত্রণে রাখতে পারবে কি না তাতে যুক্তরাষ্ট্রের যথেষ্ট সন্দেহ ছিল। কারণ এরই মধ্যে আফ-গানিস্তানে দু'জন (আশরাফ গনি এবং আবদুল্লাহ) প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছিলেন এবং প্রত্যেকেই নিজেকে আফগানিস্তানের বৈধ প্রেসিডেন্ট বলে দাবি করছিলেন। অন্য দিকে আফগানিস্তানে প্রতিবেশী দেশগুলোরও বিভিন্ন ধরনের স্বার্থ জড়িত হয়ে রয়েছে। ওই স্বার্থান্বেষী দেশগুলো নিজেদের স্বার্থ ব্যাহত হতে দেখলে কোনো না কোনোভাবে এই শান্তি প্রক্রিয়ায় জড়িয়ে পড়ার সমূহ সন্দেহ ছিল আমেরিকান প্রশাসনের।

> **২০১১ সালে আলকায়েদা নেতা ওসামা বিন লাদেনকে কথিত হত্যার মধ্য দিয়ে প্রেসিডেন্ট বারাক ওবামা তার দ্বিতীয় মেয়াদের নির্বাচন পূর্ববর্তী ক্যারিশমা প্রদর্শনে সফল হওয়ার পর থেকেই আফগানিস্তানে আমেরিকান যুদ্ধ চালিয়ে যাওয়ার যৌক্তিকতা প্রশ্নবিদ্ধ হতে থাকে।**

আফগানিস্তানে প্রথম থেকেই পাকিস্তান জড়িত ছিল। আর তালেবান পরবর্তী সময়ে ভারত সেখানে যথেষ্ট প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছিল, যদিও এই প্রভাব ভারতের স্বার্থপরতার অভ্যাস মতো শুধু সরকারি পর্যায়েই ছিল। কাজেই আফগানিস্তানেও পাক-ভারত দ্বন্দ্বের একটি খেলা শুরুর আশঙ্কা ছিল। অন্য দিকে ইরান হাজারা সম্প্রদায়ের শিয়াদের আফগানিস্তানে শক্তিশালী করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে সুন্নি অধ্যুষিত আফগানিস্তানে। স্থিতিশীল আফগানিস্তানের বিষয়ে চীন বিচলিত ছিল এই আশঙ্কায় যে, তালেবান সংখ্যাগরিষ্ঠ সরকার উইঘুরের নির্যাতিত মুসলমানদের গোপন সহায়তায় এগিয়ে আসতে পারে। আবার রাশিয়াও ভেবেছিল একটি স্থিতিশীল আফগানিস্তান থেকে পুনরায় চেচেনরা উজ্জীবিত হওয়ার উপাদান ও রসদ পেতে পারে। অন্য দিকে 'আইএস'-এর সাথে তালেবানদের দ্বন্দ্ব থাকায় তালেবানদের চুক্তিবিরোধী অংশকে 'আইএস' কাছে টানার বড় একটা সম্ভাবনা ছিল। আবার আলকায়েদা প্রথম থেকেই তালেবানদের মেন্টর হিসেবে কাজ করেছে। এই আলকায়েদাকে তালেবানরা ত্যাগ করার বিষয়টি নিয়ে যুক্তরাষ্ট্র যথেষ্ট সন্দিহান ছিল।

চুক্তি স্বাক্ষরের সময়টি ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ২০১২ সালে শান্তি আলোচনা শুরু করে যুক্তরাষ্ট্রের নির্বাচনের ঠিক আগে আগে চুক্তিটিকে একটি পরিণতির দিকে নিয়ে আসাটা খুবই রহস্যময় মনে করেন বিশ্লেষকরা। তৎকালীন প্রেসিডেন্ট বারাক ওবামা তার নির্বাচনী ইশতেহারে আফগানিস্তান থেকে আমেরিকান সেনা প্রত্যাহার করে নিয়ে আসার ওয়াদা করেছিলেন। তিনি সেই ওয়াদা পূরণের চুক্তি সম্পন্ন করেছেন বলে তার নির্বাচনী প্রচারণায় এ ব্যাপারে যথেষ্ট মার্কেটিং করতে পেরেছিলেন। ২০০১ সালে প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ 'নাইন-ইলেভেন'-এর হৃদয়বিদারক সন্ত্রাসী আক্রমণের প্রতিক্রিয়ায় সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা দিয়ে আফগানিস্তান আক্রমণ করেছিলেন। এর মাধ্যমে তিনি তার ক্ষমতায় আরোহণের পরপরই অভ্যন্তরীণ সমস্যাগুলো থেকে আমেরিকান নাগরিকদের দৃষ্টি সরাতে সক্ষম হয়েছিলেন এবং পরবর্তী সময়ে তার দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য তার এই সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ প্রক্রিয়া মহৌষধ হিসেবে কাজে দিয়েছে। ঠিক এভাবেই পরবর্তী প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের জেনারেল কাশেম সোলাইমানি এবং 'আইএস' নেতা আবু বকর আল বাগদাদিকে হত্যার মাধ্যমে তার নিজের অভিশংসন প্রক্রিয়াকে সামাল দিতে সক্ষম হয়েছেন এবং এই আফগান চুক্তিকে তার দ্বিতীয় মেয়াদে নির্বাচনের ট্রাম্প কার্ড হিসেবে ব্যবহার করার চেষ্টা করেছেন। তার কাছে আমেরিকান সেনা প্রত্যাহারের জন্য চুক্তি সম্পন্ন হয়েছে এটিই বড় অর্জনের বিষয় ছিল বলে মনে হচ্ছে। নইলে এই স্বাক্ষরিত চুক্তি বাস্তবায়নের গুরুত্ব বা সদিচ্ছা থাকা সত্ত্বেও একটি স্থিতিশীল আফগানিস্তান প্রতিষ্ঠার কাজটি তারা করেননি। অবশ্য যদিও এটি আফগানিস্তানের অভ্যন্তরীণ বিষয় তবুও আমেরিকান কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে কখনো হস্তক্ষেপ করেনি এমন নজির নেই। অথচ প্রেসিডেন্ট বুশ একতরফাভাবে একটি স্বাধীন আফগানিস্তানে আক্রমণ করে দখল করে নিয়েছিলেন।

বুশ আফগানিস্তানে অবস্থানরত ওসামা বিন লাদেনকে 'নাইন-ইলেভেন'-এর আক্রমণের অপরাধে হস্তান্তর করার আহ্বান জানালে মোল্লা ওমরের আফ-গান সরকার বলেছিল, লাদেনের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রমাণ হাজির করলেই তবে লাদেনকে হস্তান্তর করা হবে। কিন্তু কোনো ধরনের বস্তুনিষ্ঠ প্রমাণ হাজিরের পরিবর্তে বরং স্মরণকালের ভয়াবহতম আক্রমণ চালিয়ে একটি হতদরিদ্র দেশকে তছনছ করে ফেলা হয়। এ দিকে আফগান সরকার চুক্তিমতো পাঁচ হাজার বন্দী তালেবান যোদ্ধাকে মুক্তি দেয়ার ব্যাপারে টালবাহানা করলে তালেবানদের হামলা জোরদার হতে থাকে সরকারি বাহিনীর ওপর। এতে করে আমেরিকান বাহিনীও ঝুঁকির মধ্যে পড়ে যায়। ফলে ট্রাম্প প্রশাসন অসহায় হয়ে পড়লে চুক্তি কার্যকর করার বিষয়টি আরো যৌক্তিক হয়ে পড়ে। কাজেই সমালোচকরা মনে করেন চুক্তি করে এই যুদ্ধ থেকে বের হওয়ার পথ খোঁজাটাও ট্রাম্পের অন্যতম উদ্দেশ্য ছিল। সময়ের অভাবে বাস্তবায়নের ব্যাপারে তার তেমন কোনো পদক্ষেপ নেয়া হয়নি। তিনি হয়তো ভেবেছিলেন, ২৪ শ' আমেরিকান সেনা নিহত **(বাকি অংশ ১২ পাতায়)**

## নামাজের সময়-সূচী

| সেপ্টেম্বর | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৫.২৫ | ৫.২৬ | ৫.২৭ | ৫.২৮ | ৫.২৯ | ৫.৩০ | ৫.৩১ |
| সূর্যোদয় | ৬.৪০ | ৬.৪১ | ৬.৪২ | ৬.৪৩ | ৬.৪৪ | ৬.৪৫ | ৬.৪৬ |
| জোহর | ১২.৪৯ | ১২.৪৯ | ১২.৪৯ | ১২.৪৮ | ১২.৪৮ | ১২.৪৮ | ১২.৪৭ |
| আসর | ৫.০৯ | ৫.০৮ | ৫.০৬ | ৫.০৫ | ৫.০৩ | ৫.০২ | ৫.০০ |
| মাগরিব | ৬.৫৮ | ৬.৫৭ | ৬.৫৫ | ৬.৫৩ | ৬.৫২ | ৬.৫০ | ৬.৪৮ |
| এশা | ৮.১৩ | ৮.১১ | ৮.০৯ | ৮.০৮ | ৮.০৬ | ৮.০৪ | ৮.০২ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**- সম্পাদক।**

# বিএনপির নির্বাচনী ঢোলে কাঠি পড়েছে



## আবদুল মান্নান

সব কিছু ঠিক থাকলে ২০২৩ সালের শেষে বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হওয়ার কথা। বাংলাদেশে নির্বাচন মানেই উৎসব। হতে পারে তা স্কুল গভর্নিং বোর্ডের নির্বাচন বা ইউনিয়ন পরিষদের নির্বাচন। সংসদ নির্বাচন হলে তো কথাই নেই। কিন্তু ২০১৪ সালের সংসদ নির্বাচনের সময় থেকে সংসদ নির্বাচন জন্ম দিয়েছে এক ভয়াবহ সংস্কৃতির, যার সম্পূর্ণ দায়দায়িত্ব বিএনপি ও তার প্রধান সহযোগী যুদ্ধাপরাধী দল জামায়াতে ইসলামীর। সন্ত্রাস কাকে বলে এ দেশের মানুষ ২০১৪ সালের নির্বাচনের প্রাক্কালে দেখেছে। এর একমাত্র উদ্দেশ্য ছিল সংবিধানবহির্ভূত উপায়ে নির্বাচন করে সরকার গঠন করা, যার অভিজ্ঞতা তাদের আছে। বিএনপির রাজনীতি অন্যান্য রাজনৈতিক দল থেকে আলাদা। তবে এটি অস্বীকার করার উপায় নেই, বিএনপি এ দেশের রাজনীতিতে অন্যতম একটি বড় দল। জামায়াতকে সঙ্গে নিলে তাদের শক্তি ৩ শতাংশ বাড়ে।

আশির দশকে দেশে ছাত্রদের নেতৃত্বে এরশাদবিরোধী আন্দোলনের সূত্রপাত হয়েছিল। এরপর এই আন্দোলনে যোগ দিয়েছিল দেশের সব জোটবদ্ধ রাজনৈতিক দল এবং পেশাজীবী, সাংস্কৃতিক ও শ্রমিক সংগঠনগুলো। রাজনৈতিক জোটগুলো রচনা করেছিল তিন জোটের রূপরেখা, যা ছিল এরশাদ পতনের পর দেশের রাজনীতির জন্য একটি রোডম্যাপ। এর মধ্যে অন্যতম ছিল এরশাদের অধীনে কোনো সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। নির্বাচন হতে হবে একটি কেয়ারটেকার সরকারের অধীনে, যার প্রধান হবেন দেশের প্রধান বিচারপতি। এরশাদবিরোধী আন্দোলন তীব্র হয়ে উঠলে তিনি ১৯৯০ সালের ৬ ডিসেম্বর পদত্যাগ করেন। পদত্যাগ করার আগে তিনি তাঁর উপরাষ্ট্রপতি ব্যারিস্টার মওদুদ আহমদের হাতে রাষ্ট্রপতির ক্ষমতা হস্তান্তর করেন। ব্যারিস্টার মওদুদ বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে উপরাষ্ট্রপতি নিয়োগ দেন। পরবর্তী ধাপে ব্যারিস্টার মওদুদ বিচারপতি সাহাবুদ্দীন আহমদের কাছে রাষ্ট্রপতির দায়িত্ব হস্তান্তর করেন। সব কিছুই সাংবিধানিক বাধ্যবাধকতা মেনেই করা হয়। যেহেতু তখন দেশে রাষ্ট্রপতির শাসনপদ্ধতি বিদ্যমান ছিল, বিচারপতি সাহাবুদ্দীন তাঁর মন্ত্রিসভা (উপদেষ্টা পরিষদ) নিজের পছন্দমতো করে গঠন করেন।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ নির্বাচন কমিশনও পুনর্গঠন করেন। সব দলের অংশগ্রহণে নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারি। মনোনয়নের ঠিক আগমুহূর্তে আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৫ দল থেকে আবদুর রাজ্জাকের নেতৃত্বাধীন বাকশালসহ আট দল জোট থেকে বের হয়ে যায় এবং তারা ঘোষণা করে কাস্তে মার্কা নিয়ে পৃথক নির্বাচন করবে। এ সময় আবদুর রাজ্জাক ছিলেন বাকশালের শীর্ষ নেতা। তিনি নিজে কিন্তু আওয়ামী লীগের নৌকা মার্কা নিয়ে নির্বাচন করেন আর কাস্তে মার্কা নিয়ে মোট পাঁচজন বিজয় লাভ করেন। ৪২টি আসনে কাস্তে মার্কার প্রার্থীরা এক থেকে দুই হাজার ভোটে নৌকা মার্কার প্রার্থীদের হারিয়ে দেন। তারা ১০০টির মতো আসনে নৌকার বিপক্ষে প্রার্থী দিয়েছিল। আওয়ামী লীগ নৌকা মার্কা নিয়ে ৮৮টি আসনে বিজয় লাভ করে। বাকশাল বা অন্যরা কাস্তে মার্কা নিয়ে যদি সেই নির্বাচনে অংশ না নিত, তাহলে এই নির্বাচনে আওয়ামী লীগের ফল ভিন্ন হতে পারত। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করার পর অনুষ্ঠিত এই অংশগ্রহণমূলক একটি নির্বাচনে আওয়ামী লীগের ক্ষতি করার জন্য নৌকা মার্কার বিরুদ্ধে যারা নির্বাচন করেছিল, তারা কাজটি ভালো করেনি। অন্যদিকে বিএনপি জামায়াতের সঙ্গে প্রায় ১০০ আসনে আঁতাত করে ১৪০টি আসনে বিজয় লাভ করেছিল আর জামায়াত নিজে ১৮টি আসনে বিজয়ী হয়েছিল। যেখানে জামায়াত কোনো নির্বাচনেই ৩ থেকে ৪ শতাংশের বেশি ভোট পায় না, সেখানে ১৯৯১ সালের নির্বাচনে তারা আঁতাতের ফলে ১২.১৩ শতাংশ ভোট পেয়েছিল। যে বিএনপি ৩০০টি আসনে প্রার্থী দেওয়ার মতো প্রার্থী পাচ্ছিল না, তারা সবাইকে অবাক করে দিয়ে ১৯৯১ সালে সরকার গঠন করেছিল। নির্বাচন শেষে বিচারপতি সাহাবুদ্দীন আবার তাঁর আগের কর্মক্ষেত্রে ফিরে গিয়েছিলেন।

> আশির দশকে দেশে ছাত্রদের নেতৃত্বে এরশাদবিরোধী আন্দোলনের সূত্রপাত হয়েছিল। এরপর এই আন্দোলনে যোগ দিয়েছিল দেশের সব জোটবদ্ধ রাজনৈতিক দল এবং পেশাজীবী, সাংস্কৃতিক ও শ্রমিক সংগঠনগুলো। রাজনৈতিক জোটগুলো রচনা করেছিল তিন জোটের রূপরেখা, যা ছিল এরশাদ পতনের পর দেশের রাজনীতির জন্য একটি রোডম্যাপ। এর মধ্যে অন্যতম ছিল এরশাদের অধীনে কোনো সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়।

মনে করা হয়েছিল, পরবর্তী নির্বাচনগুলো স্বাভাবিক নিয়মেই হবে। কিন্তু দুঃখজনকভাবে তা হয়নি। কারণ খালেদা জিয়া ক্ষমতার লোভে পড়ে গেছেন। ১৯৯৪ সালে মাগুরায় একটি উপনির্বাচনে বিএনপির প্রার্থীকে বিজয়ী করে আনার জন্য তাঁরা এমন কোনো অপকর্ম নেই, যা করেননি। আওয়ামী লীগের প্রার্থীকে ঘরছাড়া থেকে শুরু করে লাগামহীন সন্ত্রাস, বুথ দখল, বিনা বাধায় ব্যালট পেপারে সিল মেরে ব্যালট বাক্স ভর্তি করে দেওয়া–সব কিছুই বিএনপি করেছে। তার পরও আওয়ামী লীগ অনেকটা চুপ থেকেছে। একইভাবে ঢাকা-১০ আসনের নির্বাচনও অনুষ্ঠিত হয়। তার পরও আওয়ামী লীগ প্রতিবাদ ছাড়া তেমন কিছু করেনি। আওয়ামী লীগ বিএনপির এসব কর্মকাণ্ডের প্রেক্ষাপটে বুঝতে পারে, বিএনপির অধীনে কোনো সুষ্ঠু জাতীয় নির্বাচন হওয়া সম্ভব নয়। ১৯৯৬ সালের সংসদ নির্বাচনের আগেই আওয়ামী লীগ ঘোষণা করে, তারা বিএনপির অধীনে আর কোনো নির্বাচনে যাবে না। তত্ত্বাবধায়ক সরকার ছাড়া বিএনপির অধীনে কোনো নির্বাচন সুষ্ঠু হবে না বলে তারা সাফ জানিয়ে দেয়। তাদের সঙ্গে সংসদে থাকা অন্য দলগুলোও একই দাবি তোলে এবং সংসদ থেকে মেয়াদপূর্তির আগেই খালেদা জিয়া পদত্যাগ করেন। খালেদা জিয়ার আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ বেশ চাতুর্যের সঙ্গে সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসরের বয়স দুই বছর বাড়িয়ে দেন। সবার বাধা উপেক্ষা করে ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি বিএনপি ডামি প্রার্থী নিয়ে একটি প্রহসনের নির্বাচন করে, যাতে কোনো কেন্দ্রে ৪ থেকে ৫ শতাংশের বেশি ভোট পড়েনি, যদিও এই সংসদ মাত্র ১২ দিন স্থায়ী ছিল। তবে এই সংসদেই সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়। সাংবিধানিকভাবে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে দায়িত্ব নিলেন সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান। নির্বাচনে বিজয় লাভ করে আওয়ামী লীগ। তবে সরকার গঠন করতে তাদের সহায়তা নিতে হয় জাসদ ও জাতীয় পার্টির।

১৯৯৬ থেকে ২০০১ সাল শেখ হাসিনার নেতৃত্বে দীর্ঘ ২১ বছর পর আওয়ামী লীগের প্রথম সরকার গঠন। প্রশাসনের সর্বত্র বিএনপি আর জামায়াতের কর্মকর্তাদের দিয়ে ঠাসা। এমন বৈরী অবস্থায় দেশ শাসন কত কঠিন, শেখ হাসিনা তা ঠিকই টের পেয়েছিলেন। তার পরও তিনি চেষ্টা করেছেন। সংবিধান থেকে ইনডেমনিটি আইন রহিত করা হয়। জেনারেল জিয়া ক্ষমতা দখল করে এই আইনটি সংবিধানে সংযোজন করেন। এই আইন বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যাকারীদের দায়মুক্তি দিয়েছিল। এই দফায় শেখ হাসিনা দেশে আইনের শাসন ফিরিয়ে আনার চেষ্টা করেন। কিন্তু ২০০১ সালের নির্বাচনে আওয়ামী লীগ মাত্র ৬২টি আসনে বিজয় লাভ করতে সক্ষম হয়। তারা বুঝতেই পারেনি বিএনপি-জামায়াতের আঁতাত আর তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমানের চরম পক্ষপাতমূলক আচরণ। নির্বাচন শেষে দক্ষিণ বাংলায় নেমে আসে আওয়ামী লীগ সমর্থক আর সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর ভয়াবহ এক নির্যাতন, যার ফলে হাজার হাজার মানুষ দেশ ছাড়তে বাধ্য হয়। খালেদা জিয়া এই মেয়াদে বঙ্গবন্ধু হত্যার বিচারকাজ নানা অজুহাতে বন্ধ করে দেন। তাঁকে সহায়তা করেন তাঁর আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ। এই মেয়াদে তিনি আরো একটি কাজ করেন আর তা হচ্ছে বিচারপতিদের অবসরের বয়স বাড়িয়ে দেওয়া, যাতে পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হবেন বিচারপতি হাসান, যিনি একসময় বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ছিলেন। জিয়ার আমলে তিনি রাষ্ট্রদূতও ছিলেন। এমন তত্ত্বাবধায়ক সরকারের প্রধানকে আওয়ামী লীগ কেন মেনে নেবে! এরই মধ্যে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিরুদ্ধে হাইকোর্টে একটি রিট মামলা করেন সুপ্রিম কোর্টের আইনজীবী আবদুল মান্নান খান। সেই মামলায় আবেদনকারীর পক্ষে রায় দেওয়া হয়। এই রায়কে রিভিউ করার জন্য উচ্চ আদালতে ২০০৫ সালে আরেকটি মামলা রুজু করা হয়। সেই মামলার রায়েও বলা হয় তত্ত্বাবধায়ক সরকারের বিধান যেহেতু সংবিধানের মৌলিক কাঠামোর পরিপন্থী, সুতরাং এই ব্যবস্থা বাতিল করা হলো।

সেই বাতিল তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ফিরিয়ে না আনলে নাকি বিএনপি সামনের কোনো নির্বাচনে, মানে ২০২৩ সালের অনুষ্ঠেয় নির্বাচনে অংশ নেবে না। তাহলে তো সংবিধান স্থগিত করতে হয়। কারণ এই ত্রয়োদশ সংশোধনী মামলার আলোচনা অংশে মহামান্য সুপ্রিম কোর্ট বলে দিয়েছেন একটি গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় এক মিনিটের জন্যও কোনো অনির্বাচিত সরকারের হাতে দেশের শাসনভার দেওয়া যাবে না। সুতরাং সামনের নির্বাচন বিদ্যমান ব্যবস্থায়ই করতে হবে। আর যদি প্রধানমন্ত্রী মনে করেন তিনি ২০১৪ সালের মতো সংসদের নির্বাচিত সদস্যদের নিয়ে, যেখানে বিএনপির সদস্যরাও আছেন, একটি নির্বাচনকালীন সরকার গঠন করতে পারেন।

বিএনপি আরো বলে থাকে, নির্বাচনের আগে তাদের চেয়ারপারসন, যিনি অর্থ আত্মসাতের আভিযোগে সাজা খাটছেন, তাঁকে মুক্তি দিতে হবে। তাঁর বিরুদ্ধে তো অনেক মামলা অপেক্ষমাণ। আর এসব বিষয় তো আদালতের এখতিয়ার। সেখানে তো সরকারের কোনো কিছু করার নেই। আসলে বিএনপি সময় এলে নির্বাচনে ঠিকই অংশ নেবে। কারণ তাদের ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমান, যিনি যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আর আইনের দৃষ্টিতে লন্ডনে পলাতক তাঁর মনোনয়ন বাণিজ্যের জন্য নির্বাচনে তাদের যেতে হবে। লন্ডনে বিলাসী জীবন যাপন করতে হলে অনেক টাকা দরকার। তবে মানুষ আশা করে, ২০১৩ ও ২০১৪ সালের মতো বিএনপি আবার যেন দেশের মানুষের জানমালের ক্ষতি করতে মাঠে না নামে।**লেখক : বিশ্লেষক ও গবেষক**

## প্রবাসীদের জন্য সংসদে সংরক্ষিত

(শেষের পাতার পর)

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনগুলো ব্যাপক কর্মসূচী নিয়েছে। জেএফকে বিমানবন্দরে প্রধানমন্ত্রী শেখ হাসনাকে উষ্ণ অভ্যর্থনা জানানো ছাড়াও ভার্চ্যুয়াল সংবর্ধনা জানাবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। সেইসাথে বিএনপি ও বিভিন্ন নামের আড়ালে জামায়াতে ইসলামীর ষড়যন্ত্র ও বিশৃখংলা সৃষ্টির প্রচেষ্ঠা রুখে দিতে প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা নিবে দলটি। পাশাপাশি প্রধানমন্ত্রীর কাছে জাতীয় সংসদে প্রবাসীদের জন্য সংরক্ষিত আসনের জোরালো দাবী উত্থাপন করা হবে। প্রধানমন্ত্রী ২৪ সেপ্টেম্বর জাতিসংঘে ভাষন দেবেন। এদিন বিকালে কুইন্সের লাগোর্ডিয়া ম্যারিয়টে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত সংবর্ধনা ও মতনিমিয় সভায় ভার্চ্যুয়ালী যোগ দিনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সাংবাদিকদের সাথেও ভার্চুয়ালী মতবিমিনয় করবেন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২৫ সেপ্টেম্বর ওয়াশিংট ডিসিতে যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ২ অক্টোবর দেশের উদ্দেশ্যে রওয়ানা দেবেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্ক আগমন উপলক্ষে দলের কর্মসূচী তুলে ধরতে গত ১৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ মিট দ্য প্রেস আয়োজন করে। জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টের পার্টি হলে আয়োজিত এতে স্বাগত বক্তব্যে সভাপতি ড. সিদ্দিকুর রহমান উপরোক্ত কথা বলেন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। ড. সিদ্দিকুর রহমার বলেন, নারীদের জন্য সংরক্ষিত আসনের আদলে প্রবাসীদের জন্য জাতীয় সংসদে কমপক্ষে ২৫টি আসন বরাদ্দের দাবী নিয়ে আমরা কথা বলব প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে। বিশ্বের বিভিন্ন প্রান্তে বসবাসকারী ১ কোটি ১৮ লক্ষ প্রবাসীদের সমস্যা ও সম্ভাবনার বিষয়গুরো প্রবাসী প্রতিনিধিদের মাধ্যমে জাতীয় সংসদে তুলে ধরতে বিশ্বের বিভিন্ন দেশ থেকে আনুপাতিক হারে সদস্য নিয়ে মোট ২৫টি আসন বরাদ্দের দাবী থাকবে আমাদের। এছাড়া বাংলাদেশ বিমানের নি-উইয়র্ক ফ্লাইট চালু এখন সময়ের দাবী। আর আমরা জানি প্রধানমন্ত্রী শেখ হাসিনাও এই বিষয়টির প্রতি নজর রাখেন এবং তিনিও বলেছেন বাংলাদেশ বিমানে চড়ে নিউইয়র্কে আসার ইচ্ছা রয়েছে তারও।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

## ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ

(৩ পাতার পর)

প্রথম ই-পাসপোর্ট সেবা চালু করেছে। তিনি আরো বলেন বর্তমান সরকার ইতিমধ্যেই ঢাকা, সিলেট এবং চট্টগ্রাম বিমানবন্দরে ই-গেইট স্থাপন করেছে যা যাত্রীদের ইমিগ্রেশন প্রক্রিয়াকে আরো সহজতর করবে।

বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহীদুল ইসলাম তার বক্তব্যে ই-পাসপোর্ট সেবা সফলভাবে বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের একক কৃতিত্ব হিসেবে উল্লেখ করেন এবং এটি তার “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মানের আরেকটি যুগান্তকারী মাইলফলক হিসেবে তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন যে, আমাদের স্বাধীনতার ৫০তম বার্ষিকী এবং ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে ই-পাসপোর্ট প্রবর্তন সারা বিশ্বে বসবাসরত বাংলাদেশী প্রবাসীদের ভোগান্তি হ্রাস করবে। তিনি আরও বলেন, সরকারের প্রতিশ্রুতি অনুসারে, হাতের লেখা থেকে ইলেকট্রনিক পাসপোর্ট- এই পরিষেবার অগ্রগতিতে স্বল্প সময় লেগেছে। তিনি বাংলাদেশি অভিবাসীদের সর্বোত্তম সেবা প্রদানের জন্য ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মধ্যে কার্যকর সমন্বয়ের ওপর গুরুত্ব আরোপ করেন।



এছাড়াও তিনি বিদেশে অবস্থিত সকল মিশনের মধ্যে বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসিতে প্রাথমিক পর্যায়ে ই-পাসপোর্ট সেবা চালু করার বিষয়টি বিবেচনা করার জন্য সূরক্ষা সেবা এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে ধন্যবাদ জানান।

প্রকল্প পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সাইদুর রহমান খান উল্লেখ করেন যে, ২০২১ সালের ২২ জানুয়ারি তারিখে প্রধানমন্ত্রীর ই-পাসপোর্ট সেবা উদ্বোধনের পর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ইতিমধ্যে দেশে ১০ লাখ ই-পাসপোর্ট বিতরণ করেছে। তিনি আরও উল্লেখ করেন, ২০২১ সালের জুনের শেষে দেশের সব পাসপোর্ট অফিস ই-পাসপোর্ট সেবার আওতায় আনা হয় এবং বর্তমানে এই সেবাটি বিদেশে বাংলাদেশ মিশনে সম্প্রসারিত হল।

পরিশেষে দুইজন আবেদনকারীর আবেদনপত্র গ্রহণের মধ্য দিয়ে ইলেক্ট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) সেবা আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। উল্লেখ্য, ১০ সেপ্টেম্বর ২০২১ নিউইয়র্ক কনস্যুলেটে ই-পাসপোর্ট সেবা উদ্বোধন করা হয়। এছাড়াও বার্লিন এবং এথেন্সে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে ইতোপূর্বে উক্ত সেবা চালু হওয়ার প্রেক্ষিতে চতুর্থতম হিসেবে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ইলেকট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) সেবা চালু হল। -প্রেস বিজ্ঞপ্তি।


বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি
ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
Emirates
SUPER
WINTER
SALE
আমরা
IATA
অনুমোদিত
ফোন: 718-721-2012
উমরাহ্ স্পেশাল
★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান
KUWAIT AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
TURKISH AIRLINES
السعودية SAUDIA
আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়
ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
Digital Travel Astoria
2578, 31st Street, Astoria, NY 11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station
Cell: 917-459-7181
website: www.digitaltraveltour.com
We are on Facebook

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372
TEL: 718-701-2666

# ‘বুঝি না মানুষ কেন বিয়ে করে’

(১২ পাতার পর)

পরিবারকে টার্গেট করে। মালালা ও জিয়াউদ্দিন নিয়মিত মার্কিন রাষ্ট্রদূত রিচার্ড হলব্রুকের সাথেও সাক্ষাৎ করতেন ও সিআইএ স্টেশন কমান্ডার ও অন্য কর্মকর্তারা তখন উপস্থিত থাকতেন। সিআইএ এজেন্ট অ্যাডাম বি এলিকের সাথে সম্পর্কও অবাক করার মতো।

পাকিস্তানী সেনাবাহিনী সম্পর্কে বইতে লেখা আছে, ‘অনেক সময় সেনাবাহিনী এবং জঙ্গিদের দেখতে একই রকম।’ তিনি আরো বলেন, ‘আমি আমার সেনাবাহিনীর জন্য লজ্জিত।’ বিভিন্ন উন্নয়ন প্রকল্পে সেনাবাহিনী কাজ করে সে সম্পর্কে বইতে লেখা আছে ‘সেনাবাহিনীর স্ট্রেঞ্জ বিজনেস’ । তিনি আরো বলেন, আইএসআই গোয়েন্দারা ওসামা বিন লাদেনকে পলায়নে সহায়তা করেছিল।

মালালা স্বীকার করেন যে, তিনি ও তার বাবা পাকিস্তান সেনাবাহিনীর কাছ থেকে ১.১ মিলিয়ন রুপি পেয়েছিলেন। এভাবে মালালা পরিবার, পাকিস্তান সেনাবাহিনী, বিদেশী দূতাবাস, বিবিসি ও সিআইএ থেকে বহু অর্থ কামাই করে দস্তুরমতো টাকার নেশায় পড়ে যায়। পশ্চিমাদের বিভ্রান্তিকর রাজনৈতিক মতাদর্শের হট কেকগুলো বিক্রির জন্য ফন্দি-ফিকির করতে থাকে, যা অদ্যাবধি বিদ্যমান। যারা নারীদের শিক্ষা ও ক্ষমতার কথা বলছেন তারা কেন বিদেশী গোয়েন্দার সাথে নিয়মিত সম্পর্ক রাখবে, তা সাধারণ লোকও হিসাব করে বের করতে পারে।

বিয়ে বিষয়ে নেতিবাচক ধারণা প্রচার করে মালালা তরুণদের মন কলুষিত করছেন এবং পশ্চিমা সংস্কৃতির প্রতিলিপি প্রচার করে ইসলামের বিপরীত ক্রিয়াকর্মকে উজ্জীবিত করার চেষ্টা করছেন। বিয়ে ও নিকাহ একটি হালাল উপায়ে স্রষ্টার রহমত পাওয়ার পন্থা। কোনো মুসলমানকে তাই বিধানটি জীবনে অনুকরণ ও প্রতিষ্ঠিত করতে হয়।

চলতি মাসের শুরুতে আফগানিস্তানের ক্ষমতা দখল করেছে তালেবান। এ ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন মিস মালালা। সামাজিক মাধ্যমে নারীর সুরক্ষা নিয়ে উদ্বেগ জানান। মালালা টুইটারে বলেন, ‘তালেবান আফগানিস্তানের নিয়ন্ত্রণ গ্রহণ করায় আমি পুরোপুরি ধাক্কা খেয়েছি। আমি আফগানিস্তানের নারী, সংখ্যালঘু এবং মানবাধিকারের সমর্থকদের ব্যাপারে গভীরভাবে উদ্বিগ্ন।’

লেখক: অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব ও গ্রন্থকার

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়




NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**ভিসা বুলেটিন অক্টোবর, ২০২১**

ইউএস পররাষ্ট্র দপ্তর (ডিওএস) অক্টোবর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। বাংলাদেশে অক্টোবর মাসের জন্য পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা নিচে দেয়া হলোঃ

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথমঃ (এফ ওয়ান) আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র ও কন্যাগণঃ ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী, শিশু সন্তান এবং অবিবাহিত পুত্র ও কন্যাগণ।

এ, (এফ-২এ) পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী এবং ২১ বছর বয়সের নিচে ছেলে-মেয়েরঃ চলতি।

বি. (এফ-২বি) পারমানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যাগণ (২১ বছর বা ততোর্ধ)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩) আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র ও কন্যাগণঃ নভেম্বর ২২. ২০০৮।

চতুর্থঃ (এফ-৪) প্রাপ্ত বরাদ্দ আমেরিকান নাগরিকদের ভাই ও বোনেরাঃ মার্চ ২২, ২০০৭।

বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইট : https:/ travel.state.gov/content/travel/en/legal/ vislaso0/visabulletin/ 2022/ visa-bulletin for- October-2021.html

**ফাইনাল এক্যাকশন চার্টের কোন নড়াচড়া নেই**

সবাই লক্ষ্য করেছেন যে, ২০২১ এর ভিসা বুলেটিনের চাকরি এবং পরিবার ভিত্তিক ক্যাটাগরি ২০২১ এর সেপ্টেম্বর থেকে অপরিবর্তিত রয়েছে। কোন পরিবর্তন ঘটেনি। কেবলমাত্র ২০২১ অক্টোবরের ভিসা বুলেটিনের চার্ট এর পার্থক্য হচ্ছে পূর্বের মাসের তুলনায় ২০২২ এ 'কতিপয় ধর্মীয় কর্মী' সাব- ক্যাটাগরির চাকরিভিত্তিক চতুর্থ অগ্রাধিকর (ইবি-৪) অপ্রাপ্যযোগ্য বলে তালিকাভুক্ত হয়েছে। আমরা ২০২২ এর সম্ভাব্যসময় মনিটর করব এবং কখন পাওয়া যাবে তখন সকলকে জানিয়ে দেব।

**ইউএসসিআইএস রিফিউজি এবং রাজনৈতিক আশ্রয় প্রার্থীর স্ট্যাটাস এডজাস্টমেন্টের গাইডেন্স নীতিমালা হালনাগাদ করেছে-**

১৬ সেপ্টেম্বর ইউএসসিআইএস রাজনৈতিক আশ্রয়প্রার্থী বা রি-ফিউজী আবেদনকারীদের ইন্টারভিউ কখন নির্ধারিত হবে তার সংশোধনী পলিসি গাইড লাইন্স প্রকাশ করেছে। এই নীতিমলায় আরও রয়েছে মুখ আবেদনকারীর বিষয়টিও।

এই গাইড লাইনের উপর মন্তব্য ১৮ অক্টোবর, ২০২১ এর মধ্যে করতে হবে। প্রস্তাবিত নীতির পর্যালোচনা বা আপনার মন্তব্য সম্পর্কে জানতে ইউএসসিআইএস ওয়েবসাইট ভিজিট করুনঃ https://www.uscis.gov/polieymanual

যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (সিডিসি) সম্প্রতি স্বাস্থ্য সংক্রান্ত যে গাইড লাইন দিয়েছে সেই অনুসারে যুক্তরাষ্টে প্রবেশের জন্য স্বাস্থ্য সম্পর্কিত নীতিমালা হাল নাগাদ করে প্রকাশ করেছে। নীতিমালা ১ অক্টোবর ২০২১ থেকে কার্যকর হবে। এজন্য আবেদনকারীদের যুক্তরাষ্ট্রে এবং যুক্তরাষ্ট্রের বাইওে ইমিগ্রেশন মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্বে কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের রেকর্ড দেকাতে হবে। নতুন নীতিমালায় কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের রেকর্ড প্রমাণ দেয়ার জন্য যা লাগবেঃ

১ অক্টোবর ২০২১ থেকে যারা ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষার জন্য যাবে তাদেরও স্থানীয় ভিভিল সার্জনের সামনে কোভিড-১৯ সিরিজ ভ্যাকসিন প্রমাণ হিসেবে আই-৬৯৩ ফরম পূরণ করে তার স্বাক্ষরযুক্ত ফরম দেখাতে হবে।

ইমিগ্রেশন মেডিক্যাল পরীক্ষার পরম এর দ্বিতয়ি পৃষ্ঠায় ভ্যাকসিনের শর্ত সম্পর্কে বলা হয়েছে, সিভিল সার্জন দেখাতে পারেন কে কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের উপযুক্ত নয়, যেখানে নিয়মিত ভ্যাকসিন সহজলভ্য নয়, সেখানে সরবরাহ সীমিত, যেখানে ভ্যাকসিন নিতে গেলে আবেদনকারীর অনেক বিলম্ব হয়ে যাবে। সেক্ষেত্রে তাকে ভ্যাকসিন গ্রহণের শর্ত থেকে মুক্তি দেয়ার জন্য সিভিল সার্জন সুপারিশ করতে পারেন।



**নিউইয়র্ক থেকে হায়দার আলী প্রশ্নঃ**

আমি একজন ইউএস সিটিজেন। আজ আমি আমার এক আত্মীয়ের জন্য আপনার কাছে লিখছি- পরমার্শের জন্য। আশা করি আপনার পরামর্শ পাব। আমার এই আত্মীয়ের ওয়ার্ক পারমটি ও সোস্যাল সিকিউরিটি নম্বর আছে। এখানে একজন ইউএস সিটিজেন ছেলে তাকে বিয়ে করতে চায়। আমার জানার বিষয় হচ্ছে ওয়ার্ক পার-মিট ও সোস্যাল সিকিউরিটিধারী কোন মেয়েকে ইউএস সিটিজেন ছেলে বিয়ে করতে পারে কিনা? আর একজন গ্রিনকার্ডধারী কাজের জন্যে আবেদন করতে পারেন?

**হায়দার আলীর প্রশ্নের উত্তরঃ**

আপনি চিঠিতে উল্লেখ করেছেন যে একজন ইউএস সিটিজেন ছেলে একজন মেয়েকে বিয়ে করতে চায় যে মেয়েটির ওয়ার্ক পারমিট ও সোসাল সিকিউরিটি নম্বর আছে।

এ ব্যাপারে আমাদের প্রথমে জানা দরকার একজন ইউএস সিটিজেন কাদের জন্যে আবেদন করতে পারেন। একজন ইউএস সিটিজেন নিম্নের উল্লেখিত আত্মীয়দের জন্য আবেদন করতে পারেনঃ স্পাউস (স্বামী-স্ত্রী); ২) বিবাহিত ও অবিবাহিত সন্তান; ৩) মা-বাবা এবং ৪) ভাই-বোন।

এই ক্ষেত্রে উল্লেখ্য যে ইউএসসিটিজেনের করা আবেদনের তার স্পাউসকে শুধু এদেশের বৈধ প্রবেশধারী হলেই চলবে। এই ব্যাপারে আপনার প্রশ্নের উত্তর দিতে হলে আপনার সম্পর্কে আমাদের আরো কিছু তথ্য জানা দরকার। এ ব্যাপারে প্রয়োজনে এটর্নীর সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি আরো জানতে জেয়েছেন একজন গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন?

একজন গ্রিনকার্ডধারী নিম্নে উল্লেখিত তার আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেনঃ স্পাউস (স্বামী-স্ত্রী)

২১ নিম্ন ও ২১ উর্ধ অবিবাহিত সন্তান।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউ-ইয়র্ক ১০০০৭।


**ফোন: ২১২-৫১৩-৭৪৭৪**

**ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০**

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# তালেবান : অস্বস্তি ও প্রচারণা

মীযানুল করীম

আফগানিস্তানে তালেবান ক্ষমতায় ফিরে আসার পর নিদারুণ অস্বস্তি শুরু হয়েছে ঘরে-বাইরে। এর কারণ আসলে নির্বাচনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে সে দেশে একটি সরকার গঠন না করা নয়। দেশটিতে দীর্ঘ দিন যে পরিস্থিতি বিরাজ করছে, তার চূড়ান্ত পরিণতি এটি। ঘটনাক্রমে বহুল আলোচিত তালেবানরা এখন সে দেশে ক্ষমতাসীন, তাই 'যত দোষ নন্দ ঘোষ'। অনেকেই এ মুহূর্তের ঘোলা পানিতে মাছ শিকার করতে চাচ্ছে তালেবানকে 'বলির পাঁঠা' বানিয়ে। তারাও চাপে পড়ে মাঝে মধ্যে ভিন্ন সুর প্রকাশ করছে। এ ক্ষেত্রে কাবুলের বিমানবন্দরে সাম্প্রতিক বোমাবাজির কথা অনেকেই বলছেন।

দিন কয়েক আগে মিডিয়ার খবর– আফগান রাষ্ট্রের অর্থনৈতিক সঙ্কটের হেতু কয়েকটি; যেমন সে দেশে দীর্ঘমেয়াদি খরা হয়েছে। কোভিড মহামারীর ব্যাপক সংক্রমণ তো আছেই। তার সাথে যোগ হয়েছে রাজনৈতিক অস্থিরতা, যা দেখা যাচ্ছে তালেবানের বিজয়ে ত্বরান্বিত হয়েছে। জাতিসঙ্ঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস উল্লিখিত কারণগুলোর সাথে যোগ করেছেন বন্যার কথাও; অর্থাৎ আফগান দেশের বিরাজমান বিশেষ করে আর্থিক সঙ্কটের পেছনে একটি বড় কারণ হলো প্রাকৃতিক বিপর্যয়, যা এখন দেশটিতে মানবিক বিপর্যয়ের একটি বড় কারণ হতে চলেছে।

দেশটি একে তো গরিব, তদুপরি বিগত সরকারগুলোর অদক্ষতা, অসততা ও সঙ্কীর্ণতা, গোষ্ঠীপ্রীতি এ অবস্থার আরো অবনতি ঘটিয়েছে। বিশ্ব সংস্থার মতে, এখন আফগানিস্তানের প্রতি পরিবারেই অভাব অনটন এবং তারা খাদ্যের অভাবে দুর্গতির সম্মুখীন।

তাই কাতারের মতো 'মার্কিনপন্থী' দেশও বলছে, তালেবান হোক আর যে-ই হোক, আফগান সরকার থেকে সাহায্যদাতারা দূরে সরে গেলে তারা আরো হতাশ ও উগ্র হয়ে উঠবে। তাই কাতার বলেছে, আফগান রাষ্ট্রের জনগণের আন্তর্জাতিক সাহায্য পাওয়ার পথ খোলা রাখতে হবে। উল্লেখ্য, আমেরিকা (যুক্তরাষ্ট্র) আফগান সরকারি অর্থ থেকে এখন কাবুল সরকারকে বঞ্চিত রাখার পাশাপাশি বিশ্বব্যাংক, আইএমএফ সে দেশে সাহায্য দেয়া বন্ধ করে দিয়েছে। এমনকি তাদের প্রতিশ্রুত অর্থও যা কোভিড-১৯ মহামারী মোকাবেলায় ব্যবহার্য।

তালেবানকে নিয়ে একটি অস্বস্তি বা অস্থিরতা পরিলক্ষিত হচ্ছে। এর বিভিন্ন কারণ রয়েছে। তালেবানের ঘোর 'দুশমন' থেকে দৃশ্যত 'দোস্ত' পর্যন্ত এ প্রবণতার শিকার। যারা একান্ত বিরোধী, তাদের সাফ কথা, 'ওরা গণতন্ত্রের শত্রু এবং মৌলবাদের বন্ধু। তালেবানরা উগ্র, গোঁড়া ও সাম্প্রদায়িক। তালেবান নারী-সংখ্যালঘু-সাংবাদিক কাউকে মানবাধিকার দেয় না।' যারা তালেবানকে ব্যবহার করতে চায়, তাদের কথা হলো– "এরা মাথা গরম সশস্ত্র সংগঠন। তাই তাদের 'ম্যানেজ' করা না গেলে বিপদ ডেকে আনা হতে পারে।" এমনকি যারা আদর্শিকভাবে তালেবানের ঘনিষ্ঠ এবং যাদের 'তালেবান সমর্থক' বলে পরিচিতি রয়েছে, তারা বলে থাকেন, 'এরা নিজেদের ইসলামের প্রতীক মনে করে এবং বাড়াবাড়ি করে ইসলামের জন্য দুর্নাম ডেকে এনেছে। তালেবান ভালো পরামর্শও নেয় না। তারা শত্রু ও শুভাকাঙ্ক্ষীর মধ্যে পার্থক্য করতে জানে না।' যে যেভাবে তালেবানকে দেখতে চান, তারা তা না হওয়াই– এসব দৃষ্টিভঙ্গির হেতু। এটি ঠিক, বিশ্বে 'ইসলামপন্থী' আছেন বহুলোক। কিন্তু তারা সন্ত্রাস, সহিংসতা কিংবা আত্মঘাতী হামলা অথবা নিরীহ নরনারী হতাহত করাকে সমর্থন করেন না। এটি সবারই বোঝা জরুরি বিশেষত মুসলিমবৈরী বর্তমান বিশ্ব বাস্তবতায়। তালেবানের জন্ম ১৯৯৪ সালে। তখন কাবুলের চরম দুঃসময়। কারণ তদানীন্তন সোভিয়েত পরাশক্তিকে ঐক্যবদ্ধ যে শক্তি দীর্ঘ আট বছরের লড়াইয়ে হারিয়ে দিয়েছিল, সে মুজাহিদিনের রক্তাক্ত কোন্দল ও সহিংস হানাহানি কেবল তাদের ইমেজ ক্ষুণ্ন করা নয়, আফগান জনগণের ভবিষ্যৎই ধ্বংস করেছিল। এ সময়ে ১৯৯৬ সালে তালেবানরা রব্বানি বনাম হেকমতিয়ার দ্বন্দ্ব, বৃদ্ধ প্রেসিডেন্ট মোজাদ্দেদির 'সাক্ষীগোপাল' ভূমিকা আর আহমদ শাহ মাসুদের রহস্যময় অবস্থানের অবসান ঘটাতে এগিয়ে এসে আফগান জাতিকে আশাবাদী করে তোলে। তবে তারাও শেষাবধি জাতীয় ঐক্য প্রতিষ্ঠায় ব্যর্থ হয় এবং শেষ পর্যন্ত ২০০১ সালে মার্কিন হামলায় হলো বিতাড়িত। দৃশ্যত উগ্রতা ও সঙ্কীর্ণতা ছিল তালেবানের বৈশিষ্ট্য। এসব কারণে তারা মিডিয়াবান্ধব হয়নি কখনো। তালেবানের মধ্যে মিডিয়া উদারতা ও মানবাধিকারের বদলে 'অন্য কিছু' দেখতে পেয়েছিল, যার জের আজো অনেকটা রয়ে গেছে। দু'পক্ষের ব্যবধান আর কমেনি। এ জন্য মিডিয়ার গৎবাঁধা দৃষ্টিভঙ্গি এবং তালেবানের বিভ্রান্তিকর আচরণ-উভয়ই দায়ী।

এখন তালেবানবিরোধী প্রচারের মধ্যে টিভিতে তাদের নেতিবাচক খবরের সাথে ইতিবাচক ছবি এবং একই ফুটেজ দিনের পর দিন সম্প্রচার আর নিবন্ধের শিরোনাম ও তথ্যের অসামঞ্জস্য প্রভৃতি উল্লেখযোগ্য। এ দিকে তালেবানের একজন শীর্ষনেতা আবদুল গনি বারাদারের রাজধানী কাবুল ত্যাগের ঘটনা শেষ পর্যন্ত তার ইহজগৎ ত্যাগের 'খবর' হয়ে দাঁড়িয়েছে। তালেবানরা বিশেষ করে পাঞ্জশিরে প্রতিরোধের সম্মুখীন হয়েছে অতীতের মতো। সেখানকার প্রচন্ড সংঘর্ষে প্রতিপক্ষের সৈনিকদের সাথে বেশ কয়েকজন বেসামরিক লোক মারা যাওয়ার অভিযোগ রয়েছে। এখন তালেবানের বিরুদ্ধে এ অভিযোগ ব্যবহৃত হচ্ছে। একইভাবে ব্যবহার করা হচ্ছে উত্তর সীমান্তের পাঞ্জশিরসহ বিভিন্ন স্থানের মহিলাদের মিছিলকে। তারা নারীদের অধিকার দাবি করে বিক্ষোভ করেছে।

তালেবানের অর্থ ছাত্র বা শিক্ষার্থী। হয়তো এ জন্য সবাই সুযোগ পেলেই তালেবানকে অনেক কিছু শেখাতে চায়। কবি তো অনেক আগেই বলে গেছেন, 'বিশ্ব জোড়া পাঠশালা মোর, সবার আমি ছাত্র;/এই পৃথিবীর পাঠশালাতে শিখছি দিবারাত্র।' খুব সম্ভবত এ কারণে রেডিও-টিভি-নিউজপেপার মিলে দুনিয়ার মিডিয়া জগতও বসে নেই। ইলেকট্রনিক মিডিয়ার চ্যানেলগুলো ও প্রিন্ট মিডিয়ার কাগজগুলো যথাসাধ্য তালেবানকে পরম জ্ঞানদানে চরম তৎপর। আর 'তালেবানি মোল্লারা' যাচিত-অযাচিত জ্ঞান পেতে পেতে 'অজ্ঞান' হয়ে যাচ্ছেন, তাই বোধহয় এত সতর্কবাণী, পরামর্শ, উপদেশেও তাদের 'নট নড়ন চড়ন'। তালেবানের কাজ তালেবান করে চলেছে। আর মিডিয়াও তার ক্ষোভ-অসন্তোষে যতি টানছে না। বাংলাদেশের একজন প্রবীণ শিক্ষাবিদ ও লেখক অনেক বছর আগেই বলে দিয়েছেন, 'সাংবাদিকরাও একধরনের শিক্ষক।' অনেকে বলছেন, তালেবানকে যত শিক্ষা দেয়া হয়েছে ও হচ্ছে, আমেরিকা-রাশিয়া-ভারত-চীনসহ অন্যদেরও মিডিয়া এমন শিক্ষা নিরন্তর দেয়া দরকার; অন্যথায় এটি হবে বিশেষ উদ্দেশ্যপ্রণোদিত ও পরিকল্পিত। প্রসঙ্গক্রমে বলছি, মার্শাল ম্যাকলুহান একজন কানাডিয়ান গণযোগাযোগ বিশেষজ্ঞ। তার একটি কথা অনেকটা এরকম– Media not only conveys ideas, but also creates them. অর্থাৎ 'মিডিয়া আইডিয়া কেবল পরিবেশন করে না, তারা এটি তৈরিও করেন।' তালেবানের বেলায় দরকারে-বেদরকারে কেন এত আইডিয়া বিতরণ, তার অবশ্য কারণ কেউ খুলে বলেননি। আফগানিস্তানে মূল্যস্ফীতি, দারিদ্র্য, তারল্য সঙ্কট মিলে অর্থনীতি ভেঙে পড়ার অবস্থায় বলে মিডিয়ার খবর। এ অবস্থায় দেশটির জনগণের প্রতি অমানবিক আচরণ সেখানে কেবল মানবিক বিপর্যয় ঘটাবে। আর এমন দুঃখজনক আচরণ করছে পাশ্চাত্যের কথিত প্রগতিশীল রাষ্ট্রগুলো এবং তাদের অনুসারী কয়েকটি 'দাতা' সংস্থা। এর দেখাদেখি আধুনিক অনেক বুদ্ধিজীবী এমন সব উক্তি করছেন; যা অর্থহীন, অযৌক্তিক ও হাস্যকর। যেমন– সেদিন ঢাকার এক টিভি চ্যানেলে একজন সিনিয়র ভার্সিটি শিক্ষক বিশেষজ্ঞের ভঙ্গিতে বললেন, 'আফগানিস্তানে জঙ্গিরা এখন ক্ষমতায়। তা হলে মানবিক বিশ্ব কারা গড়বেন?' কাবুলের বর্তমান ক্ষমতাসীনদের যদি 'জঙ্গি' ধরাও হয়, তা হলে কি সে সরকার ও দেশের প্রতি অমানবিক আচরণ ন্যায়সঙ্গত হতে পারে?

সরকারই দেশ চালায় এবং সে দেশের জনগণের কাছে পৌঁছার মাধ্যম এ সরকারই। তাই আফগানিস্তানের মানুষ বাঁচাতে কাবুল সরকারের ওপর নির্ভর করা ছাড়া উপায় নেই। সে সরকার কোন দল বা কারা চালাচ্ছে, তা দেশটির ব্যাপার। আমরা বিদেশে বসে কেন সাহায্য বন্ধ করে তাদের নিয়ে রাজা উজির মারব? নিজেরা কতটা মানবিক ও সহৃদয়, তার হিসাব নিয়ে সংশোধিত হয়ে এরপর দরকার মতো তালেবানকে উপদেশ দিলে আপত্তির কারণ থাকে না। দেখতে হবে আমরা যে ওঁংঃরপব এর পূজারী, তা সর্বজনীন কতটা? নাকি তার প্রয়োগ একপাক্ষিক? সেটির নাম সুবিচার নয়; বঞ্চনা। কাতারের সে কথাই মনে করতে হয়, 'আফগানিস্তানের এখন দরকার যোগাযোগ ও সাহায্য। তা না হলে সেখানকার মানুষ দুর্ভোগ পোহাবে।'


কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.



মোঃ বজলুর রশীদ

# ‘বুঝি না মানুষ কেন বিয়ে করে’

মালালা ইউসুফজাই বিশ্বে পরিচিত একটি নাম, নোবেল বিজয়ী স্টার হিসেবে ইতিহাসে স্থান পেয়েছেন। তিনি শুধু পাকিস্তানের ‘আইকন’ নন, নারী শিক্ষা, মহিলাদের ক্ষমতায়ন, নারী মুক্তি বিষয়েও বিশ্বব্যাপী পরিচিত। তিনি বই লিখেছেন, বিবিসিতে ব্লগ লিখেন। শিক্ষার অধিকারের জন্য পরিশ্রম করায় মালালা নোবেল পুরস্কার বিজয়ী হন সর্বকনিষ্ঠ হিসেবে, ওই সময় তার বয়স ছিল ১৭ বছর। ২০১৪ সালের অক্টোবরে মালালা ও ভারতীয় শিশু অধিকারকর্মী কৈলাশ সত্যার্থী সাথে যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার পান। ২০১৩ সালে মালালা এবং তার বাবা মেয়েদের শিক্ষার সামাজিক ও অর্থনৈতিক প্রভাব সম্পর্কে সচেতনতা আনতে এবং মেয়েদের পরিবর্তনের দাবি ও নারীর ক্ষমতায়নের জন্য ‘মালালা ফান্ড’ প্রতিষ্ঠা করেন। অক্সফোর্ডে অনেক সোসাইটি আছে, সেখানে লেখাপড়ার সময় মাঝে মধ্যে মালালা ক্রিকেট ক্লাবেও যেতেন এবং কলেজের হয়েও ক্রিকেট খেলেছেন। মালালা হার্ভার্ড লিডারশিপ অ্যাওয়ার্ড-২০১৮ সম্মানসূচক পুরস্কারও পেয়েছেন, যা গ্লিটসম্যন অ্যাওয়ার্ড নামেও পরিচিত।

মালালা পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের সোয়াত উপত্যাকার সুন্নি মুসলমান। ২০১২ সালের ৯ অক্টোবর, পরীক্ষা দেয়ার পর সোয়াত জেলার একটি বাসে করে ফিরছিলেন। মালালা ও অন্য দুই মেয়েকে তেহরিক-ই তালেবান বন্দুকধারীরা বিদেশী ভাবধারা গ্রহণ ও সক্রিয়তার অভিযোগে হত্যার চেষ্টায় গুলি করে। এই ঘটনা নিয়ে পরে চলচ্চিত্র নির্মিত হয়েছে ‘গুল মাকাই’। ফিল্মের ট্রেলার ছাড়ার সাথে সাথে দর্শক সংখ্যা ওঠে ১৩ মিলিয়নে। তথ্যনির্ভর ছবিটি শুরু হয় মালালার জন্মস্থান সোয়াত ভেলির অনন্য সুন্দর দৃশ্যাবলি দিয়ে। এই ছবির বিষয়ে পশতুন গ্রামের লোকেরা কিছু না বল্লেও তালেবানরা পছন্দ করেনি। তালেবানরা কি সব ধবংস করছে, কী করা উচিত ও উচিত নয় তাও তুলে ধরা হয়েছে ছবিতে। গুল মাকাই মালালার একটি ছদ্মনাম; ২০০২ সাল থেকে বিবিসিতে ব্লগ লেখার সময় থেকে মালালা ব্যবহার করে আসছেন।

গুল মাকাই চলচ্চিত্রটি ২০১৯ সালে ২৭ ডিসেম্বর বিশ্বব্যাপী মুক্তি পায়। সিনেমাটি পরিচালনা করেছিলেন ভারতীয় পরিচালক আমজাদ খান, শুটিং হয়েছে কাশ্মিরে। মেয়েদের শিক্ষা ও সম্মান দেখানো চলচ্চিত্রটির উপজীব্য। দিব্যা দত্ত, মুখেশ ঋশী, রীম খান, অভিমন্যু সিং, আজাজ খান প্রমুখ ছবিতে অভিনয় করেন। একসময় অবরুদ্ধ কাশ্মির নিয়ে মালালা উৎকণ্ঠা ও উদ্বেগ প্রকাশ করেছেন। এ বিষয়ে তার অনেক টুইট রয়েছে। ‘৪০০০ মানুষ যাদের বেশির ভাগ শিশু ও মহিলাকে, জেলে পুরে রাখা হয়েছে বিনা বিচারে। ছাত্ররা স্কুলে যেতে পারছে না। মেয়েরা ভয়ে বাড়ির বাইরে যেতে পারছে না’ এভাবে তিনি ভারতীয় সেনা প্রশাসনের সমালোচনা করেন ও কাশ্মিরিদের মুক্তির বিষয়েও টুইট করেন। ফলে যেসব ভারতীয় মালালার গুণগান করত তারা অসম্মানজনক কথাবার্তা শুরু করে। প্রশংসাকারীদের একজন বারখা দত্ত, তিনি মালালার ব্যাপক সমালোচনা করেছেন। শ্রী শ্রী রবি শংকর বলেছেন, ‘মালালা নোবেল পাওয়ার উপযুক্ত নয়।’ টুইঙ্কেল খান্না, প্রিয়াঙ্কা চোপড়া মালালার প্রশংসা করে প্রিন্ট মিডিয়ায় লিখেছেন।

ভোগ ম্যাগাজিনের সাম্প্রতিক সংস্করণে দেয়া সাক্ষাৎকারে ২৩ বছর বয়সী মালালা ইউসুফজাই, যিনি একজন অক্সফোর্ড স্নাতক ও নারীদের শিক্ষার পাকিস্তানি কর্মী, বলেন, ‘আমি নিশ্চিত নই যে কখনো বিয়ে করবো কি না।’ ‘আমি এখনো বুঝতে পারছি না কেন মানুষকে বিয়ে করতে হবে’ তিনি আরো বলেন, ‘আপনি যদি আপনার জীবনে একজন ব্যক্তি থাকতে চান, তাহলে কেন বিয়ের কাগজপত্রে স্বাক্ষর করতে হবে, কেন এটি একটি কেবল অংশীদারিত্ব হতে পারে না?’

গত ৪ জুন থেকে এরকম সংবাদ প্রতিবেদন সামাজিক মিডিয়ায় ঘুরে বেড়াচ্ছে যে, মালালা ইউসুফজাই স্পষ্টভাবে ‘বিয়ে প্রতিষ্ঠান’কে অর্থাৎ বিয়ের প্রথাকে প্রত্যাখ্যান করেছেন এবং বলেছেন যে বিয়ে করার চেয়ে ‘অংশীদারিত্ব’ ভালো। মালালাকে যারা পছন্দ করেন তারা এখন এই বিবৃতিতে গভীরভাবে বিরক্ত। এমন কথা বলে মালালা ফেঁসে গেছেন। তিনি সমালোচনা করেছেন কেন এক নারী-পুরুষের যুগল, মেরেজ পেপারে সই করবেন? পার্টনারশিপ হিসেবে বসবাস করলেই তো চলে!

**মালালা স্পষ্টভাবে ‘বিয়ের প্রতিষ্ঠান’ প্রত্যাখ্যান করেছেন, পরামর্শ দিয়েছেন যে, বিয়ের চেয়ে অংশীদারিত্ব ভালো। মালালা বিয়ে ও পারিবারিক কাঠামো প্রতিষ্ঠানকে আক্রমণ করে মানুষকে পাপ ও অনাচারের দিকে টেনেছেন, যা পশুদের মধ্যেও কম পরিলক্ষিত হয়। অংশীদারিত্ব একটি ব্যভিচার, মোহর ও ভাতা প্রবতর্নের মাধ্যমে এটি প্রতিরোধ করার জন্য বিয়ের প্রচলন করা হয়েছে। ‘অংশীদার যৌন-জীবন’ কোনো ধর্মে অনুমোদিত ছিল না।**

আমরা জানি বিয়ে এবং অংশীদারিত্ব বা সম্পর্ক একটি পুরনো ইস্যু। বিয়ের আগে যৌন সম্পর্ক সর্বশক্তিমান নিষিদ্ধ করেছেন। যারা নাস্তিক ও মৌলবাদী সেকুলার তাদের কাছে এটি কোনো ভয়ের বিষয় নয়। যারা পরকাল ও সর্বশক্তিমানকে বিশ্বাসই করে না তারা কেন এসব নিষেধাজ্ঞাকে গুরুত্ব দেবেন? অনেকে মনে করেন, বিয়েপূর্ব অভ্যাস বিবাহিত জীবনে প্রবেশের একটি উপায়। মানবতাবাদীদের অনেকে মনে করেন, একজন ব্যক্তি কোনো নারীর শরীরের সাথে যা করতে চান ততক্ষণ করার অধিকারী, যতক্ষণ না সে কারো ক্ষতি না করছে।

পুরুষ-নারীদের শোষণের জন্য দোষী হতে পারে এই ধারণাটিও বিনোদন দেয়ার বিষয়ে হতাশাজনক। এটা প্রত্যাখ্যান করাকে কেউ কেউ উপহাস করার চেষ্টা করেন তবে সে পারফরম্যান্স সামান্যতমও বিশ্বাসযোগ্য নয়। এই ফোরামে মহিলারা আরো বেশি শোষিত হওয়া অস্বীকার করে। কোনো কোনো মহিলা উল্টো কথা বলেন, শোষিত হওয়া দূরে থাক নিজেরাই অনেক পুরুষকে যৌন শোষণ করে।

মালালা হয়তো বিষয়টি লক্ষ করেননি, নারী-পুরুষ শারীরিকভাবে অনেক আলাদা, তাদের আবেগ এবং মানসিকতার পার্থক্যও অনেক বেশি। মহিলাদের মাতৃসত্তার প্রবৃত্তির এমন তীব্রতা যে, মা না হয়ে সম্পূর্ণ বিবেকবান থাকতে পারে না। বিভিন্ন কারণে পিতৃত্ব পুরুষের কেরিয়ারে একই প্রভাব ফেলে না, যা একজন মহিলার ওপর থাকে। পরিবারে পিতৃত্ব যে পার্থক্য নিয়ে আসে তা সন্তান জন্মদানের মাধ্যমেই শুরু হয়, যা নারীদের ওপর ব্যাপক প্রভাব ফেলে। প্রকৃতি মহিলাদের গর্ভধারণের বয়সসীমা বেঁধে দিয়েছে, অন্য দিকে পুরুষ অনেক দিন পর্যন্ত বাবা হতে পারে। এগুলো জীবনের সত্য যা সবাইকে মুখোমুখি হতে হয়। পরিবার, সংসার, সমাজ ও জাতির জন্য নারীর মূল ভূমিকা মালালার অস্বীকার করার কোনো উপায় নেই। পারিবারিক বন্ধনের ফসল সুমিষ্ট, অংশীদারিত্বের ফসল রসকষহীন মরু-বৃক্ষলতার কণ্টকের মতো।

দীর্ঘ দিন ধরে, ‘সভ্যতার’ আন্দোলন এমন ছিল যে, অর্থনৈতিক প্রভাবগুলো ক্রমাগত বিয়ের বয়সকে ঊর্ধ্বমুখী করে চলেছে, বিয়ের চেয়ে সম্পর্কের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে। দীর্ঘকাল, সভ্যতা আন্দোলন যেমন হয়েছে অর্থনৈতিক প্রভাব ক্রমাগত আরো এবং আরো চেনাশোনার মধ্যে একটি আদর্শ হিসেবে বিয়েপূর্ব সম্পর্কের স্বীকৃতি বৃদ্ধি পেয়েছে। এমনকি বেশির ভাগ ঐতিহ্যবাহী সমাজেও গিঁটবাঁধার গড় বয়স আরো বাড়ার সম্ভাবনা রয়েছে এবং এর সাথে মুক্ত প্রেম ‘সুবিধা’ যুক্ত হয়েছে। কিন্তু এর অর্থ এই নয় যে এই অভ্যাস উভয় পক্ষের ক্ষতির কারণ নয়, বিশেষ করে মহিলারা তাদের পুরুষদের তুলনায় অনেক বেশি হারানোর আছে।

এই ঘটনায়, মালালাকে মৃত্যুহুমকি দেয়া হয়েছে। হুমকিদাতা তালেবান কমান্ডার মালালাকে টুইটারে লিখেছেন, ‘আপনি সোয়াতে নিজের বাড়িতে ফিরে আসুন। আপনি ও আপনার বাবার সাথে আমাদের একটি অসমাপ্ত পর্ব রয়ে গেছে। আমরা যা শুরু করেছিলাম তা সমাপ্ত করতে চাই।’ মালালা লিখেন, এই ব্যক্তি তেহরিক-ই তালেবান পাকিস্তানের মুখপাত্র যিনি আমাকে আক্রমণের দায় স্বীকার করেছিলেন। মালালাকে হত্যার হুমকি দেয়ার জন্য মুফতি সরদার আলী হাক্কানীকেও সন্ত্রাসবিরোধী আইনে গ্রেফতার করা হয়েছে। পেশোয়ারের এক জনসভায় তিনি বলেছিলেন ‘মালালা যখন পাকিস্তানে আসবে আমিই প্রথম তার ওপর হামলা চালাব।’ মালালাকে গুলি করার পর যখন তিনি বেঁচে যান তখন পাকিস্তানি তালেবানরা বলেছিল ‘পরের বার কোনো ভুল হবে না।’

বিয়ে নিয়ে মালালার মতামত ও বিতর্ক মূলধারার জাতীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমেও প্রতিধ্বনিত হয়েছে। একজন মুসলিম হওয়ায় পরও কিভাবে তিনি বিয়ের ব্যাপারে এমন অপ্রাসঙ্গিক এবং প্রান্তিক মন্তব্য দিতে পেরেছেন? নিকাহকে, মুসলমানদের জন্য ঈমানের অর্ধেক সমাপ্তি মনে করা হয়। মাহরামের সাথে বিয়ে ছাড়া একসাথে বসবাসকরা অগ্রহণযোগ্য পাপ এবং সেটি স্পষ্টতই জিনা, যা কবিরা গুণাহর তালিকায় বেশ উপরের দিকে। বিয়ে ছাড়া একসাথে বসবাসকারী মুসলমানদের কেউ সমর্থন করতে পারে না। কারণ এটি ইসলামে তীব্র নিন্দনীয়। এই অপকর্ম একজন মুসলমানকে বেঈমান বানিয়ে ফেলে। বিয়ে একটি সুন্নাহও। কুরআনে সব জীবকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করার কথা বলা হয়েছে। পশুদের মধ্যেও এই জোড় দেখা যায়। শুকর ছাড়া অন্য প্রাণী বহুগামী হয় না। কিছু আলেম এ জন্য শূকরের মাংস খাওয়াকে হারাম বলেছেন। বিজ্ঞানীরা এখন বলছেন, যারা এই প্রাণীর মাংস নিয়মিত ভক্ষণ করে তারা নির্লজ্জ হয়। যারা ঈমানের তোয়াক্কা করে না তারা বিভিন্ন নামে বিয়ে ও সহাবস্থানের সমালোচনা পর্যালোচনা করলেও কোনো আলেম শ্রেণীর লোক তা পারেন না, তাই তারা সোচ্চার হন।

মালালা স্পষ্টভাবে ‘বিয়ের প্রতিষ্ঠান’ প্রত্যাখ্যান করেছেন, পরামর্শ দিয়েছেন যে, বিয়ের চেয়ে অংশীদারিত্ব ভালো। মালালা বিয়ে ও পারিবারিক কাঠামো প্রতিষ্ঠানকে আক্রমণ করে মানুষকে পাপ ও অনাচারের দিকে টেনেছেন, যা পশুদের মধ্যেও কম পরিলক্ষিত হয়। অংশীদারিত্ব একটি ব্যভিচার, মোহর ও ভাতা প্রবতর্নের মাধ্যমে এটি প্রতিরোধ করার জন্য বিয়ের প্রচলন করা হয়েছে। ‘অংশীদার যৌন-জীবন’ কোনো ধর্মে অনুমোদিত ছিল না।

এটি প্রথমবার নয়, অনেকবার তিনি ইসলামের প্রতি কোন সম্মান প্রদর্শন করেননি, অনেক বিতর্ক সৃষ্টি করেছেন। ‘আমি মালালা’ গ্রন্থে অনেক উপাদান পাওয়া যায়, যা কুরানের আদেশ, ইসলামী শিক্ষা, পাকিস্তানের মতাদর্শ, সেনাবাহিনী ও জাতির পিতার পরিপন্থী। মালালার বইটির সহলেখিকা ছিলেন বিতর্কিত ব্রিটিশ সাংবাদিক ক্রিস্টিনা ল্যাম্ব। পাকিস্তান সরকার তার অপরাধমূলক কর্মকান্ডের জন্য ‘ব্যক্তিত্বহীন’ হিসেবে ঘোষণা দিয়েছে। ক্রিস্টিনা ল্যাম্ব পাকিস্তানকে অপমান করার জন্য ওসামা বিন লাদেনের নামে বিমানের টিকিট বুক করার চেষ্টা করেছিলেন। বইটি পশ্চিমা বাহিনীর নির্দেশে লেখা হয়েছিল, যারা মালালাকে তাদের চরম উদ্দেশ্য নিয়ে ব্যবহার করছে।

মালালা তার বিতর্কিত বইতে ইসলামকে ‘জঙ্গি ধর্ম’ এবং পাকিস্তান সেনাবাহিনীকে ‘জঙ্গি’ নাম দিয়েছেন। মালালা দু’টি নারীর সাক্ষ্য একজন পুরুষের সমান হওয়ার কুরআনের আয়াতের সমালোচনা করেছেন; ধর্ষণ মামলায় চারজন সাক্ষীর কথারও সমালোচনা করেছেন। মালালা তার বইতে আরো লিখেছেন যে, ‘কুরআন বলেছে নারীরা পুরুষের ওপর নির্ভরশীল’ সুরা আন নিসায় পুরুষকে নারীর অভিভাবক ঘোষণা করা হয়েছে। এই আয়াতকে মালালা ভুল ব্যাখ্যা করেছেন। তিনি আল্লাহর আইন ও নমুস-ই রিসালাত সা:-এর আইনের প্রতি আপত্তি জানিয়েছেন। মালালার বইতে সালমান রুশদির নিন্দনীয় বই ‘দ্য স্যাটানিক ভার্সেস’ ও তার বাবার বইয়ের উদ্ধৃতি দিয়ে তাদের কথা সমর্থন করেছেন। তসলিমা নাসরিনের সাথে বিভিন্ন গ্রুপ ফটো এবং একজন ভারতীয়ের সাথে নোবেল প্রাপ্তির নকশার কাজ পশ্চিমের কর্মসূচি বাস্তবায়ন করার এজেন্ডা প্রমাণে যথেষ্ট।

সোয়াতভিত্তিক মহিলা সংসদ সদস্য ও সোয়াত রাজপরিবারের সদস্যা মুসারাত আহমেদ জেব বলেন, ‘২০১২ সালে মালালার ওপর হামলা শীর্ষ মানবাধিকার সংস্থাগুলো মঞ্চস্থ করেছিল; আমাকেও যোগ দিতে বলা হয়েছিল, আমি তা অস্বীকার করেছিলাম।’ তিনি আরো চমৎকার অবাক করা তথ্য দেন যে, মালালা যখন গুল মাকাই নামে ব্লগ লিখেন তখন সে পড়তে ও লিখতে পারত না। মালালার বাবা জিয়াউদ্দিন টিভি প্রোগ্রামে স্বীকার করেছিলেন যে, ব্লগটি বিবিসি সংবাদদাতা আবদুল হাই কাকর লিখছিলেন ও ‘আমি মালালা’ বইটি জিয়াউদ্দিন নিজে ও ক্রিস্টিনা ল্যাম্ব লিখেছেন। বেকার জিয়াউদ্দিন শুরু থেকেই বিদেশী এনজিওর সাথে কাজ করে ইসলাম ও পাকিস্তানবিরোধী কর্মকান্ড শুরু করার নীলনকশা করেছিলেন। তালেবানরা বিদেশী ধর্মহীন এনজিও কর্মকান্ডের তথ্যাদি পেয়ে জিয়াউদ্দিন (বাকি অংশ ৯ পাতায়)

---

# পরাজয়ের চুক্তিতে আমেরিকানদের মুক্তির দিশা

(৫ পাতার পর)

হয়েছে ও ২১ হাজার আহত হয়েছে এবং প্রায় প্রতিদিনই তাদের সেনা হতাহত হচ্ছে; চুক্তির মাধ্যমে আমেরিকানদের জানমালের এই ক্ষয়ক্ষতি বন্ধ করার প্রক্রিয়ার সংবাদেই আসন্ন নির্বাচনে আমেরিকান জনগণের সহমর্মিতা পাওয়া সম্ভব হবে।

ট্রাম্প প্রশাসন বুঝতে সক্ষম হয়েছিল, আফগান যুদ্ধ একটি সীমাহীন যুদ্ধে পরিণত হয়েছে। পৃথিবীর ইতিহাসের দীর্ঘতম যুদ্ধগুলোর একটিতে পরিণত হয়েছে। প্রায় ১৯ বছর ধরে চলা এই যুদ্ধ ৫০ হাজারেরও বেশি আফগান বেসামরিক নাগরিক (নারী-শিশুসহ) নিহত হয়েছে। প্রায় ৫৮ হাজার আফগান সরকারি সেনা নিহত হয়েছে। ফলাফলবিহীন এই যুদ্ধে তারা দুই ট্রিলিয়ন ডলার খরচ করেছে। একজন আমেরিকান সেনার পেছনে বছরে প্রায় ১০ লাখ ডলার খরচ হচ্ছে। সত্যিকারার্থে প্রচুর জনবল ও সীমাহীন আর্থিক খরচের ভার আমেরিকান জনগণ আর বইতে পারছে না। তালেবানরাও ক্লান্ড় হয়ে পড়েছে, আর আফগান জনগণ শান্ড়ির জন্য আকুতি করছে। কারণ যুদ্ধের বেশির ভাগ শিকার এই নিরীহ জনগণই।

অবশ্য এই যুদ্ধ আফগানরা বা তালেবানরা কখনো চায়নি। তারা কখনো কোনো দেশ আক্রমণও করেনি। তাদের ওপর এই যুদ্ধ চাপিয়ে দেয়া হয়েছে। আর তালেবানরা প্রকারান্তরে আমেরিকানদেরই সৃষ্টি। আফগানিস্তানে তৎকালীন সোভিয়েত রাশিয়া এক লাখ সেনা পাঠিয়ে দখল করে নিলে আফগান জনগণ গোত্রভিত্তিক দল-উপদলে বিভক্ত হয়ে রাশিয়ান সেনাদের মোকাবেলা করতে থাকে। অন্য দিকে, রাশিয়ার এই আগ্রাসন যুক্তরাষ্ট্র মেনে নিতে পারেনি। কারণ আগফানিস্তান দখল করার অর্থ এশিয়ার হৃৎপিন্ডে রাশিয়ানরা পৌঁছে যাবে। তারা আফগানিস্তানকে আমেরিকানদের মতো সোভিয়েত রাশিয়ার ভিয়েতনাম বানানোর পরিকল্পনা করে। তাই তৎকালীন আমেরিকান প্রশাসন সৌদি আরবের আর্থিক সহায়তা এবং পাকিস্তানের ভূমি ব্যবহার করে আফগানদেরকে রাশিয়ান সেনা তাড়ানোর জন্য উপযুক্ত শক্তিশালী করে তোলে। আফগানদেরকে তারা জিহাদের মন্ত্র শিখিয়ে মুজাহিদ বাহিনী তৈরি করে এবং সামরিক প্রশিক্ষণ দিয়ে আধুনিক মারণাস্ত্রসহ যুদ্ধের মাঠে প্রেরণ করে। সাথে সাথে অবারিত লজিস্টিক সাপোর্ট দিতে থাকে।

এই যুদ্ধ সমন্বয় করার জন্য তারা সৌদি তরুণ ধনকুবের ওসামা বিন লাদেনকে উড়িয়ে নিয়ে আসে আফগানিস্ড়ানে। ফলে দীর্ঘ ১০ বছরের যুদ্ধে সোভিয়েতরা পরাজিত হয়ে আফগানিস্তান ছেড়ে চলে যায় এবং পরিণতিতে সোভিয়েত রাশিয়া ভেঙে টুকরা টুকরা হয়ে যায়। যুক্তরাষ্ট্রের উদ্দেশ্য সফল হয়। এতে তারা যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তান এবং এর শতধাবিভক্ত নাগরিকদের তাদের নিজেদের ভাগ্যের ওপর ফেলে চলে যায়। ফলে আফগানিস্তানে শুরু হয় ক্ষমতার লড়াই, চলে বিভিন্ন মুজাহিদ গ্রুপগুলোর মধ্যে গৃহযুদ্ধ। এই পটভূমিতে মূলত আফগান পশতুন গোত্রের লোকেরা সুসংগঠিত হয়। এদের বেশির ভাগই যুদ্ধকালীন সময়ে সীমান্তবর্তী পাকিস্তানের মাদরাসাগুলোতে লেখাপড়া করছিল। ‘তালেবান’ পশতুন শব্দ যার অর্থ ছাত্র। পাকিস্তান আফগানিস্তানের এই অস্থিতিশীল অবস্থার সুবাদে এই পশতুন ছাত্র অর্থাৎ তালেবানদের সুসংগঠিত করে এবং সহযোগিতা করে। আর আর্থিক সাহায্য আসে সৌদি আরব থেকে এবং সবুজ সঙ্কেত পাওয়া যায় যুক্তরাষ্ট্র থেকে। এই তালেবানরা তখন আফগানিস্তানে ক্ষমতার লড়াইয়ে লিপ্ত হয়। অল্পদিনের মধ্যেই তারা সফলতা পায়।

তাদের ন্যায়পরায়ণ আচরণ, কঠোর ধর্মীয় অনুশীলন এবং সুশৃঙ্খলতার জন্য আফগান সাধারণ জনগণ তাদেরকে স্বাগত জানায়। ফলে ১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে তারা হেরাত প্রদেশ দখলের মাধ্যমে তাদের ক্ষমতায় আরোহণ শুরু করে। ১৯৯৮ সালে তারা পুরো আফগানিস্তানের প্রায় ৯০ শতাংশ অঞ্চল শাসন করা শুরু করে। তাদেরকে খুব দ্রুতই পাকিস্তান, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাত স্বীকৃতি দেয়। ফলে তাদের শাসন চলতে থাকে ২০০১ সাল পর্যন্ত। তারা কঠিন শরিয়াহ আইনের মাধ্যমে আফগানিস্তানকে তাদের নিজস্ব গোত্রতান্ত্রিক সাংস্কৃতিক স্টাইলে শাসন করতে থাকে, যেখানে তাদের বেশ কিছু ভুল-ভ্রান্তিও পরিস্ফূটিত হওয়া শুররু করে। আর এভাবেই মার্কিন যুক্তরাষ্ট্রের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতা এবং সমর্থনের মাধ্যমে তালেবান সম্প্রদায় বা রাষ্ট্রের গোড়াপত্তন হয়েছিল।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর নিউইয়র্কের টুইন টাওয়ার আক্রমণের প্রতিক্রিয়ায় ৭ অক্টোবর আমেরিকান সেনা আফগানিস্তান আক্রমণ করে এবং ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে তালেবান রাষ্ট্রের পতন ঘটায়। এরপর ২০১০ সাল নাগাদ আফগানিস্তানে যুদ্ধরত আমেরিকান সেনা সংখ্যা দাঁড়ায় এক লাখ। পরবর্তী প্রেসিডেন্ট বারাক ওবামা সেনা সংখ্যা কমিয়ে আনলেও এই যুদ্ধ চলমান রাখেন। এতে শুধু অর্থ এবং রক্তক্ষয় ছাড়া আমেরিকানরা আর কিছুই পায়নি। তবে এর প্রতিক্রিয়ায় আলকায়েদা সারা বিশ্বে ছড়িয়ে পড়ে এবং ২০০৩ সালে আমেরিকান বাহিনী মিথ্যা অজুহাতে ইরাক আক্রমণ করলে সেখানেও আলকায়েদার সৃষ্টি হয়। সেই আলকায়েদা থেকেই পরবর্তী সময়ে মার্কিনিদের সহায়তায় ইরাকের শিয়া মিলিশিয়াদের দমনের জন্য ‘আইএস’ সৃষ্টি হয়। যুক্তরাষ্ট্র আবার এই ‘আইএস’ দমনের জন্য ইরাক ও সিরিয়ায় আরেকটি যুদ্ধে লিপ্ত হয়। সত্যিকারার্থে এভাবে সন্ত্রাসী গোষ্ঠী জন্ম দেয়া এবং পরে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার মাধ্যমেই যুক্তরাষ্ট্রের দীর্ঘতম যুদ্ধের ইতিহাস সৃষ্টি হয়েছে। তারা তাদের প্রয়োজনে যুদ্ধে জড়িয়েছে এবং বিপদে পড়ে তাদের প্রয়োজনেই শান্তিচুক্তি করেছে। কাজেই তালেবানদের সাথে প্রেসিডেন্ট ট্রাম্পের করা এই ঐতিহাসিক চুক্তি কার্যকর করে প্রেসিডেন্ট জো বাইডেন আমেরিকান বাহিনীকে নিরাপদে ফিরিয়ে নিতে সক্ষম হয়েছেন। পরাজয়ের গ্লানি মেনে নিলেও দূরদর্শী প্রেসিডেন্ট বাইডেন একটি অন্তহীন যুদ্ধের সুগভীর চোরাবালিতে আটকে যাওয়া আমেরিকান সামরাজ্যকে বের করে এনেছেন এবং আরো কয়েক ট্রিলিয়ন ইউএস ডলার অপচয় ও সম্ভাব্য হাজারো আমেরিকানের জীবন রক্ষা করেছেন বলে গবেষকরা মনে করেন। আমেরিকানদের এই পরাজয়মূলক পশ্চাদপসরণে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন ধন্যবাদ পেতেই পারেন।

লেখক: নিরাপত্তা বিশ্লেষক
E-mail: maksud2648@yahoo.com

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



**ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন**

## $২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

**কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।**

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

**Corporate Office**
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

**Long Island Office**
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

**Bronx Office**
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

**Ozone Park Office**
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

**Buffalo Office**
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

# ভারত নয়, আমেরিকার ত্রিদেশীয় সামরিক জোট



গৌতম দাস

ইংরেজি ওভারল্যাপ মানে একজনের কোলে আরেকজন। মানে যেমন একটা জোটে থাকা অবস্থায় সেখানেই আরেকটা জোট খুলে বসাটা হবে ওভারল্যাপিং জোট। হ্যাঁ, ঠিক তাই ঘটিয়েছেন বাইডেন। এতদিনে আগ্রহীরা যখন জানল, কোয়াড জোট মানে কী ও কারা এরা। এ ছাড়া সবাই যখন ভাবছিল তারা এশিয়ার গ্লোবাল মেরুকরণ বুঝতে শুরু করেছে। ওদিকে আমেরিকা যখন আমাদের কোয়াডে ঢুকানোর জন্য চাপাচাপি করছিল এরই মাঝে ঠিক সে সময় আরেক ফসাদ। বাইডেন নতুন আরেক জোটের ঘোষণা দিয়েছেন গত বুধবার ১৫ সেপ্টেম্বর যার বিস্তারিত ঘোষণা এবং তা নিয়ে সংশ্লিষ্ট দেশগুলোর প্রতিক্রিয়া দেয়া এখনো শেষ হয়নি। এরপর বিস্তারিত তথ্য আর বোঝাবুঝি শেষে তাৎপর্য বর্ণনা পশ্চিমেই এখনো তেমন শুরুই হয়নি। এমনই প্রথমকালে এখন আমরা।

**AUKUS বা এইউকেইউএস**

AUKUS এই হলো নয়া জোটের নাম। যে নামটা ভেঙে ভেঙে লিখলে হয় A-UK-US, মানে হলো অস্ট্রেলিয়া, ইউনাইটেড কিংডম আর ইউনাইটেড স্টেটস– এই তিন দেশীয় এক জোট এটা। সবচেয়ে বড় কথা, জন্ম-ঘোষণার শুরু থেকেই এরা পরিষ্কার যে, এটা সামরিক জোট। অস্ট্রেলিয়া, জাপান, ইন্ডিয়া আর আমেরিকা– এই চার দেশীয় 'কোয়াড' নামের জোটের মতো– এবার এটা সামরিক নাকি বাণিজ্যিক জোট এ নিয়ে কোনো তর্কই নেই। কোয়াড কোনো সামরিক বা বাণিজ্যিক কোনোটাই না করতে করতে এখন বলে এটা স্ট্র্যাটেজিক। এসব ধানাই-পানাইয়ে এই নয়া জোট নেই। আরো সুনির্দিষ্ট করে বললে এটা অস্ট্রেলিয়াকে সাবমেরিনে সমৃদ্ধ করতে বাকি দু'দেশ ভূমিকা নিবে এমন করে যাত্রা শুরু করার এক জোট হবে এমনটাই তাদের আপাতত বলতে শোনা যাচ্ছে। তাও আবার ডিজেলে চলা ও ধোঁয়া ছাড়া সাবমেরিন নয়, এটা নাকি একেবারে পরমাণু অস্ত্র ও জ্বালানিতে চলা সমৃদ্ধ সাবমেরিন বহর।

ইতোমধ্যেই পশ্চিমা এক্সপার্টেরা অল্প ক'জন যারা এই জোট নিয়ে মুখ খুলেছেন তারা বলা শুরু করেছেন এতে এখন অন্যান্য জোট উদ্যোগগুলো মিলিয়ে যাবে আর এই নয়া জোটকে কেন্দ্র করে এশিয়ামুখী পশ্চিমা দেশেরও ব্যাপক মেরুকরণ শুরু হবে; যদিও যারাই ইতোমধ্যে প্রতিক্রিয়া দেখিয়েছেন তাতে লক্ষণ তেমন নয়।

এর প্রথম তাৎপর্য হলো, যে ওভারল্যাপিং-এর কথা বলছিলাম, আগের কোয়াড যা এখনো বেঁচে আছে বলে জানি, তার থাকা সত্ত্বেও ওই কোয়াডের দুই সদস্য অস্ট্রেলিয়া আর আমেরিকা এই নয়া সামরিক জোট খুলেছে দেখা যাচ্ছে তবে সাথে ব্রিটেনকে নিয়ে। তাতে বাকি দু'জন কোয়াড সদস্যের কী হবে?

কৌতুকের কথা হলো, কোয়াড এমন জোট যার সদস্য দেশের চার প্রধান কখনো একসাথে মুখোমুখি মিটিংয়ে বসেননি। কেবল এই মার্চ ২০২১ তে বসেছিলেন অন-লাইনে, মানে ভার্চুয়ালি। কোয়াড মিটিংয়ের সেই অভাব সম্ভবত পূরণ হতে যাচ্ছে এ মাসেই আগামী ২৪ সেপ্টেম্বর, আমেরিকায় হোয়াইট হাউজে প্রথম মুখোমুখি কোয়াড রাষ্ট্রপ্রধানরা বসছেন। তবে সেটিই কারো কারো জন্য শেষ মিটিংও হতে পারে। অনুমান করা হচ্ছে বাইডেন সেখানে ব্রিটেনসহ তাদের গড়া নয়া জোটে আসতে কোয়াডের বাকি দু'দেশকে দাওয়াত দেবেন। তবে জাপানের কনস্টিটিউশনে ও ১৯৬০ সালের সিকিউরিটি ট্রিটি অনুসারে জাপানের পারমাণবিক তৎপরতায় যুক্ত হতে স্থায়ী নিষেধাজ্ঞা দেয়া আছে বলে সম্ভবত বাধা পাবে।


**ভারত কী করবে?**

কিন্তু আগেই এ নিয়ে আমাদের বোঝাবুঝির কাজ কয়েক ধাপ এগিয়ে রেখেছে রাশিয়ান মিডিয়া স্পুটনিক। স্পুটনিকের সে নিউজের শিরোনামটাই অনেক সাংঘাতিক। শিরোনাম হলো– 'ভারতের জন্য বার্তা? নয়া জোটের ঘোষণায় কোয়াডের অস্তিত্ব আর আমেরিকার নির্ভরযোগ্যতা নিয়ে প্রশ্ন ও বিতর্ক উঠেছে।' স্পুটনিক কেন এমন শিরোনাম করল? কারণ স্পুটনিক লিখেছে এই নয়া জোটের খবর ভারতের বিশ্লেষকদের মধ্যে আলোড়ন ও তর্ক তুলেছেন। তারা ভালোভাবে নেননি। কিন্তু এত তর্ক উঠছে কেন?

কারণ তারা সবাই ভারতের মনের আসল ইচ্ছাটা জানেন। আর তা হলো, ভারত কারো সামরিক জোটে কখনো যাবে না। তাই তারা বলছেন, এই 'অনিচ্ছুক' ভারতের খবর তো বাইডেনের আমেরিকার অজানা নয়। তাহলে বাইডেনের এই নয়া জোটের ঘোষণার অর্থ হলো, তিনি ভারতকে ছেড়ে অন্যান্য সম্ভাব্যদের নিয়ে এশিয়ায় অন্য কিছু খুঁজতে নেমে গেলেন তা হলে। স্পুটনিক এখানেই না থেমে আরেক ধাপ এগিয়েছে। ভারতের এক সাবেক নেভি অভিসার শেষাদ্রি ভাসান যিনি এখন চেন্নাইভিত্তিক এক থিংকট্যাংক পরিচালনা করেন, তার সাথে এ নিয়ে কথা বলে তার বয়ান সংগ্রহ করেছে। শেষাদ্রি বলছেন, 'ভারত বারবার জানিয়েছে, সে কোয়াডকে কোনো সামরিক জোট হিসাবে দেখে না, বড় জোর এক নিরাপত্তা স্বার্থবিষয়ক গ্রুপ হিসাবে ভারত দেখতে চায়।' এ ছাড়া সে দেখিয়েছে যে 'তাইওয়ান প্রণালী বা দক্ষিণ চীন সাগর নিয়ে কোনো সামরিক সজ্ঘাত দেখা দিলে ভারত সে ক্ষেত্রে আমেরিকার সাথে কোনো সামরিকভাবে জড়িত হতে অনিচ্ছুক।' তাই আমার ধারণা আমেরিকা নিশ্চয় (আমাদেরকে ছাড়া) অন্য আগ্রহী পার্টনার খুঁজছিল।

আসলে সত্যিকারভাবে বললে, 'ভারতের অবস্থান সবসময়ই ছিল এমন যে 'মাংসের ঝোল খাবো কিন্তু মাংস খাবো না।' অর্থাৎ নিরাপত্তাবিষয়ক গ্রুপের জোটে থাকব কিন্তু 'সামরিক অ্যালায়েন্স' এমন জোটে থাকব না। তাহলে নিরাপত্তাবিষয়ক কোনো গ্রুপের জোটে ভারতের থাকার দরকারটা কী? আবার কোয়াডের অধীনে সদস্য রাষ্ট্রের যৌথ সামরিক মহড়ায় ভারতের অংশ নেয়ারইবা দরকার কী? এটা কি সামরিক তৎপরতায় যোগ দেয়া হয়ে যায়নি?

এমনকি সাউথ চায়না সি-কেন্দ্রিক কোয়াড জোট যে এলাকা ভারতের কোনো সীমান্ত ভূমি নয়, কোনো স্বার্থও নেই সেখানে। আসলে চীনবিরোধী জোট দেখেই ভারত ছুটে গিয়েছিল কিন্তু 'শুধু ঝোল খাবার পণ' করাতে এখন ভারতের মনে যা ছিল-আছে তা উদাম হয়ে যাচ্ছে। তবে শেষাদ্রি আরেক মন্তব্য করেছেন, যা থেকে তিনি ইঙ্গিত দিয়েছেন যে, ভারত কোয়াডে থাকবে না কারণ কোয়াড ত্রিদেশীয় নয়া জোটে



বিলীন হচ্ছে। বলেছেন, 'কোয়াড আগামীতেও হয়তো নিজেকে দরকারি করে বাঁচিয়ে রাখতে পারবে। কারণ নতুন ত্রিদেশীয় জোট তো প্রতিরক্ষাভিত্তিক।' অর্থাৎ তিনি ইঙ্গিত দিচ্ছেন কোয়াডই ত্রিদেশীয় জোট হতে যাচ্ছে।

তবে ওই একই স্পুটনিক রিপোর্টে এক প্রাক্তন ভারতীয় রাষ্ট্রদূতের বয়ান এসেছে যার নাম অনিল ত্রিগুণায়াত। এ ছাড়া এমনকি বর্তমান পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্করসহ আরো অনেকের উদ্ধৃতি তুলে এনেছে। তবে তাদের সবার মূল কথাটা হলো নিজেদের দেয়া 'সান্ত্বনা'। ভারতের 'মন খারাপের কিছু নেই' ধরনের বা 'হতাশ হবার কিছু নেই' এরকম। যেমন একজন বলছেন, এখন থেকে ভারতের আলাদা আলাদা করে রাষ্ট্রের সাথে সম্পর্ক স্থাপন করা উচিত।

ওই সাবেক রাষ্ট্রদূত কথা বলতে গিয়ে যেসব সংগঠনে ভারতের কদর আছে বলে গৌরব করে তা জানিয়েছেন যেমন ব্রিকস অর্থনৈতিক ব্যবস্থার প্রতিষ্ঠান আর এসসিও (সাংহাই করপোরেশন)। কিন্তু ব্যাপার হলো, এ দুটোই আসলে চীনা উদ্যোগের জোট যেখানে চীনের মূলত প্রধান পার্টনার হলো রাশিয়া। এর অর্থ রাষ্ট্রদূতেরই কথা অনুযায়ী দেখা যাচ্ছে, পশ্চিমা দুনিয়ায় ভারতের ভাত নেই। অন্য জায়গায় থাকলে যতটুকু যা আছে তা নয়া নেতা চীনেরই উদ্যোগের। যে চীনকে আবার আপাতত দেখা যাচ্ছে, ভারত শত্রু মনে করছে।

তবু বহুবার লিখেছি ভারতের ন্যাচারাল ফ্রেন্ড মানে বিষয়-আশয় বা অর্থনৈতিক স্বার্থবিষয়ক কমন ও প্রধান পার্টনার হবে চীন। আমেরিকা ভারতের পিঠে হাত রেখে ভারতকে 'মুই কি হনু রে' অবস্থা করে দূরে ঠেলে সরিয়ে রাখা নিশ্চিত করেছে। আর ভারত আমেরিকান আকাঙ্ক্ষা মোতাবেক নিজেকে সেই বাক্সে ঢুকিয়েছে। ভেবেছে, সে পরাশক্তি হয়ে গেছে। এটা প্রণব বা মোদি কারো আমলেই ভিন্ন কিছু হয়নি। বুশ-ওবামা আমলে তারা মাত্র ১৬ বিলিয়ন ডলারের আমেরিকান রফতানির বাজার সুবিধা দিয়েছিলেন। আর তাতেই জাতিবাদী ভারত কেঁচো হয়ে গিয়েছিল। এমনকি ট্রাম্প সেসব রপ্তানি সুবিধা বাতিল করে দিলেও ভারত আর আমেরিকার হাত ছাড়তে পারেনি। অথচ এখন দাবি করছে তারা আমেরিকার সাথে সামরিক জোটে যাবে না! এ জন্যই এটাকে মাংস খাব না কিন্তু ঝোল খাবার লোভ বলেছি। ফলে এখনো যদি বাইডেন ১৬ না হোক ১০ বিলিয়ন ডলারের রফতানি সুবিধা ভারতকে দেন সে ক্ষেত্রে ভারত কি বাইডেনের সামরিক জোটে যাবে না? আমরা নিশ্চিত করে বলতে পারি না। এই হলো পরাশক্তি ভাবধরা ভারতের বিবেচনাবোধ!

বুদ্ধিমানরা একসাথে সব দ্বন্দ্বের মীমাংসা করতে যান না। কারণ এটা কার্যকর পদ্ধতি নয় আর তা করাও যায় না। প্রত্যেকবারে নতুন জেগে থিতু হয়ে ওঠা প্রধান দ্বন্দ্বটারই কেবল মীমাংসা করে আগাতে হয়; যেমন এখনকার মূল দ্বন্দ্ব চীন-আমেরিকার। ফলে ভারতের দিক থেকে তা হতে হবে চীন-ভারত এক দিকে বনাম আমেরিকা, এভাবে দ্বন্দ্বের পক্ষ-বিপক্ষ সাজানো। এরপর তা সমাধান বা দ্বন্দ্বমুক্ত বিনাশ হয়ে গেলে তখন আবার মুখ্য দ্বন্দ্ব হিসেবে তা চীন-ভারত দ্বন্দ্ব হতে পারে। তত দিনে ভারতের অর্থনৈতিক মুরোদ অন্যকে বলার মতো করে বাড়িয়ে নেয়া যাবে আর তা দরকারও; যদিও এমনটা অর্জনের আগে দুটা আরো অভ্যন্তরীণ সংস্কার ভারতকে করতেই হবে। এক. হিন্দুত্ববাদ ত্যাগ করে দেশের সবাই নাগরিক ও সমান অধিকারের– এমন এ পরিচয়ে নাগরিক অধিকারভিত্তিক এক নয়া ভারতরাষ্ট্র তাকে গড়ে নিতেই হবে। আর দ্বিতীয়টা প্রথমটারই অনুষঙ্গ। তা হলো নেশন স্টেট বা জাতিরাষ্ট্র ধারণা ত্যাগ করা। ফলে হিন্দুত্ববাদ বা হিন্দু জাতিবাদ বাদ দিতে হবে। এমনকি অবুঝ ট্রাম্পের মতো অর্থনৈতিক জাতিবাদও বাদ দিতে হবে। কারণ ইতোমধ্যে আমরা সবাই এক গ্লোবাল বাণিজ্য লেনদেনের যুগে একেবারে ঢুকে গেছি। আর এটা 'ওয়ান ওয়ে'।

এই 'পুলসিরাত' পার হতে পারলে ভারত পরে সবকিছু হতে পারবে। নইলে 'কিছুই নয়'। এর আগে ভারতের ২০২৪ সালের নির্বাচনে বিজেপি হেরে গেলে নতুন যারাই কোয়ালিশনে ক্ষমতায় আসুক তারা সম্ভবত চীনের অর্থনৈতিক পার্টনার হওয়ার পথে যাবে। আর তাতে অর্থনৈতিকভাবে ভারত আরো সক্ষম হয়ে যাবে দ্রুত। কিন্তু তবু আমেরিকার থেকেই ভারত সামরিক সরঞ্জাম কিনবে। কিন্তু তা চীনের সাথে সম্পর্ক ক্ষতি করবে না। এমনটা ঘটার সম্ভাবনার দিকে এখন পরিস্থিতি যাবে বলে অনুমান করা হচ্ছে। আর সে ক্ষেত্রে আপাতত ভারতকে কোয়াড থেকে বের করে দিলেও আমেরিকার সাথে মোদির ঘনিষ্ঠতা থেকেই যাবে। ভারতের নেতৃত্বের ওপর অবশ্যই কোনো আস্থা নেই। যদিও পথ যে আছে, তা দেখানোর জন্য রেকর্ড রাখা আরকি!

**'আটলান্টিক' আওয়াজটা আবার বেশি উঠছে**

আটলান্টিক এক মহাসাগরের নাম, যা মূলত আমেরিকাকে ইউরোপ থেকে আলাদা করেছে। সেদিকে তাল রেখে 'আটলান্টিক' অনেক কিছুরই নাম রাখা হয়েছে। এমনই প্রতীক বা ইঙ্গিত অর্থে আটলান্টিকের এক মানে হলো, যা কিছু আমেরিকা ও ব্রিটেন মিলে অন্যদের বিরুদ্ধে তাই 'আটলান্টিক'। এখন এখানে আমেরিকা ও ব্রিটেন দু'দেশ মিলে অস্ট্রেলিয়াকে জাপটে ধরে তাকে এশিয়ায় সামরিক কেন্দ্র বানাতে চাচ্ছে। তাও আবার পরমাণুকেন্দ্রিক সামরিকতা। ফলে এটাও যেন এক আটলান্টিক সামরিকতা!

ইতোমধ্যে সামরিক অস্ত্রে পরমাণু টেকের ব্যবহার কমানোর প্রতিশ্রুতি দিয়ে সবাই চুক্তি করা এবং ব্যবসা-বাণিজ্য থেকে যেমন জ্বালানি ও বিদ্যুতের উৎস হিসেবে পরমাণু টেকের ব্যবহার কমানোর দিকে সারা দুনিয়া ঝুঁকে পড়েছে। আর এমনকালে পরমাণু-সাবমেরিন (SSBN) দিয়ে এশিয়ার যুদ্ধের নাট্যমঞ্চ সাজাতে আসছে কথিত এই আটলান্টিক শক্তি।

এ পেছনের কারণ সম্ভবত বাইডেনের আটলান্টিক শক্তি এশিয়াতে আসছে এ জন্য যে, এর যুদ্ধের নাট্যশালা থেকে তারা দু'দেশ অনেক দূরে। আপাতত বাইডেনদের তাই মনে হচ্ছে বটে কিন্তু তাই কি? না।

**ফ্রান্স প্রচন্ড ক্ষুব্ধ কেন?**

এই ত্রিদেশীয় সামরিক চুক্তি ও জোট খুলে বসাতে ইউরোপের দ্বিতীয় শক্তি ফ্রান্স প্রচন্ড ক্ষুব্ধ হয়েছে। কেন? এর কারণও সাবমেরিন। যে সাবমেরিনভিত্তিক জোটের কথা আমরা এখন শুনছি– আমেরিকা-ব্রিটেনের সাথে আলাপ আলোচনার সমান্তরালে অস্ট্রেলিয়া ফ্রান্সের সাথেও তাদের থেকে সাবমেরিন কিনবে বলে আলোচনা প্রায় সমাপ্ত করে এনেছিল; কিন্তু ফরাসিদের হারিয়ে কথিত আটলান্টিক জোটের আমেরিকা ও ব্রিটেন কোনো কারণে এগিয়ে যায়। ফলে তারা অস্ট্রেলিয়াকে নিজেদের কোলে তুলে নিতে সক্ষম হয়। আর এতে ক্ষুব্ধ ফ্রান্সের প্রতিক্রিয়া দেখার মতো। ফ্রান্সের ক্ষুব্ধ কূটনৈতিক মন্তব্য– ওরা 'পিঠে ছুরি মেরেছে' মানে, বিশ্বাসঘাতকতা করেছে। আর ফ্রান্সের এই প্রতিক্রিয়া থেকে পরিষ্কার যে, এটা নেহাত সামরিক জোট নয়। এটা অর্থনৈতিক লাভালাভেরও জোট। অন্য দেশকে লুটে যে অর্থনৈতিক লাভালাভ হবে, এরও ভাগাভাগি করে খাওয়ার জোট। ভারতীয় নেভি অফিসারও এই ইঙ্গিতই দিয়েছেন। অতএব ফরাসিদের তাড়িয়ে এটা তাহলে আমেরিকা-ব্রিটেনের কী ধরনের আটলান্টিক জোট হলো? ফরাসিরা নিশ্চয় ভেসে আসেনি, ভেসে যাবেও না! তবে অবিলম্বে এখানে ন্যাটোকে ভেঙে নতুন পরিস্থিতির উপযোগী করে সাজানোর ইঙ্গিত দেখা যাচ্ছে। আটলান্টিক শব্দটা বেশি উঠে আসার কারণ এসবেরই পেছনে লুকানো।

**চীনের প্রতিক্রিয়া**

দক্ষিণ চীনসাগর ঘিরে এশিয়ায় আরেকটা সামরিক জোট হচ্ছে, এতে চীনের ক্ষুব্ধ প্রতিক্রিয়া স্বাভাবিক। তবু চীনের প্রতিক্রিয়া অতটুকুতেই সীমাবদ্ধ নয়। চীন এক শব্দের এক ছোট মন্তব্য করেছে– 'ইরেসপন্সিবল' মানে দায়িত্বজ্ঞানহীন। খুবই গভীর অর্থবোধক মন্তব্য সন্দেহ নেই। কেন?

চীন-আমেরিকার মূল দ্বন্দ্ব বা বিরোধ হলো, গ্লোবাল সিস্টেমের নেতৃত্ব। যা মূলত অর্থনৈতিক সক্ষমতা কেন্দ্রিক– আর সেই নেতৃত্বের অবস্থান থেকে আমেরিকা ক্রমেই ঢলে পড়ছে; বিপরীতে চীন উঠে আসছে। এই হলো বাস্তবতা। তার একটা বড় প্রকাশ হলো, স্টাডি রিপোর্টগুলো বলছে আগামী ২০২৮ সালের মধ্যে অর্থনৈতিক শক্তি হিসেবে চীন আমেরিকাকে ছাড়িয়ে যাচ্ছে। এখানে মূল কথা হলো, অর্থনৈতিক সক্ষমতা নিয়ে কথা হচ্ছে, কোনো সামরিক সক্ষমতা নয়, কোনো রাজনৈতিক চিন্তার বিরোধ বা সক্ষমতাও নয়। অর্থাৎ এটা একেবারেই অবজেকটিভ সক্ষমতা, সাবজেকটিভ একেবারেই নয়। আমেরিকা যুদ্ধ করে জয়লাভ করলেও তাতে চীনের চেয়ে অর্থনৈতিক সক্ষমতায় সমান হতে পারবে না। অর্থনৈতিক সক্ষমতা যুদ্ধে অর্জনের বিষয়ই নয়। তাহলে আমেরিকা-ব্রিটেন সাথে এক অস্ট্রেলিয়া– একে নিয়ে তারা যুদ্ধজোট সাজাচ্ছে কেন? যুদ্ধে জিতলে অস্ট্রেলিয়াও কি চীনের সমান অর্থনৈতিক সক্ষমতা অর্জন করবে?

এ ছাড়া মারাত্মক দিক হলো, সে কাজটা আবার পরমাণু-যুদ্ধের হুমকি তৈরি করে? যুদ্ধে অস্ট্রেলিয়া বিজয়ী হলেও কি নিজ বাসিন্দাদের জীবন রক্ষা করতে পারবে? তারা পরমাণুর রেডিয়েশনের মধ্যে বেঁচে থাকবে কী করে? রাজনৈতিক নেতারা তাদের বাঁচাবেন কী করে? আমেরিকা-ব্রিটেনের কি এ ব্যাপারে অস্ট্রেলিয়াকে ঠেকে দেয়াতে কোনো দায় নেই? কেউ মানুষ হলে, ন্যূনতম দায়িত্বজ্ঞান বোধ থাকলে এমন সিদ্ধান্ত নিতে পারে না; যেখানে পরমাণু শক্তির বাণিজ্যিক বা সামরিক সর্ববিধ ব্যবহার বন্ধ করা, ন্যূনপক্ষে একেবারে কমানো– এটাই এখনকার মুখ্য গ্লোবাল ট্রেন্ড।

চীনের সাথে বিরোধ করার বিশেষ করে রাজনৈতিক বিরোধিতা করার জন্য পশ্চিমের বহুবিধ বিষয় আছে। সদর্পে লড়া তর্ক-বিতর্কে লিপ্ত হওয়া, প্রাতিষ্ঠানিক ফোরামে বাধা দেয়া দরকারও সম্ভবত যাতে চীন তা গ্রহণ করতে বাধ্য হয়। তা অবশ্যই আমেরিকা করতেই পারে। কিন্তু তাই বলে এই বাধা দেয়া পারমাণবিকভাবে? তাও আবার একটা অর্থনৈতিক সক্ষমতার বিরোধে? পশ্চিম বা আটলান্টিকের বাসিন্দাদের এই ইস্যুতে আজীবন এর জবাবদিহিতা করতে হবে।

এশিয়ায় বাংলাদেশসহ আমরা কেউ অবশ্যই কোনো অর্থনৈতিক জোটের বাইরে কোনো সামরিক বা যুদ্ধজোটে যুক্ত হতে পারি না। ওবামার 'এশিয়া পিভোট নীতি' ফেল করেছিল। পরের কোয়াডও ফেলের পথে। সাউথ চায়না সি-এর আশপাশের (অস্ট্রেলিয়া জাপান ছাড়া) যেমন আসিয়ানভুক্ত কোনো দেশ এসব জোটে অংশ নেয়নি। অর্থাৎ যাদের সাথে চীনের সমুদ্রসীমা বিরোধ আছে এমন কোনো দেশ আমেরিকার জোটে কখনো অংশ নেয়নি। অর্থাৎ তারা ন্যায্যভাবে তাদের বিরোধের মীমাংসা চায়; কিন্তু আমেরিকার কোলে চড়ে নয়, কিংবা আমেরিকার পাতা কোনো যুদ্ধজোটে যোগ দিয়ে নয়। আমেরিকার এই ব্যর্থতাই কি যথেষ্ট প্রমাণ নয় যে, ওরা কেউ ওখানে কোনো যুদ্ধজোট গড়ার দরকার মনে করে না? এর পরেও আমেরিকা ছাড়েনি। মনে হচ্ছে আবার এশিয়ার জন্য এক মহাদুর্যোগ সামনে! এটাও পার হতেই হবে!

লেখক: রাজনৈতিক বিশ্লেষক

## কংগ্রেসের নতুন প্রস্তাব ঃ ৭০ লাখ লোকের গ্রীন কার্ডের সুযোগ সৃষ্টি

(প্রথম পাতার পর

)করেছেন। এ প্রস্তাবের ফলে চার ধরনের অভিবাসীদের গ্রীন কার্ড পাওয়ার সুযোগ সৃষ্টি হচ্ছে। এর মধ্যে যারা অপ্রাপ্ত বয়স্ক হিসেবে আমেরিকায় প্রবেশ করেছে তারা গ্রীন কার্ড পেয়ে যাবে। ২০২০ সালের ১ জানুয়ারী থেকে যারা আমেরিকার জরুরী কাজে নিয়োজিত ছিল, এমন এসেনশিয়াল কর্মিদেরও গ্রীনকার্ড দেয়ার প্রস্তাব করা হয়েছে। মহামারির সময়ে এসব কর্মজীবীরা নিজেদের জীবন বিপন্ন করে জরুরী কাজ করেছেন, তাদের গ্রীন কার্ড দেয়ার ব্যাপারটিকে একটি মানবিক অভিবাসন উদ্যোগ বলে মনে করা হচ্ছে। ২০১৭ সালের ১ জানুয়ারীতে যাদের টেম্পোরারি প্রটেকশন স্ট্যাটাস ছিল, তাদেরও বিশেষ ব্যবস্থায় গ্রীন কার্ড দেয়ার প্রস্তাব করা হয়েছে। একইভাবে যেসব নথিপত্রহীন অভিবাসীদের ২০২১ সালের ১ জানুয়ারীতে বিলম্বিত বিতাড়ন স্ট্যাটাস (ডেফার্ড এনফোর্সম্যান্ট স্ট্যাটাস) ছিল, তাদের গ্রীনকার্ড প্রদান করা হবে।

যারা ১৮ বছরের কম বয়সে আমেরিকায় প্রবেশ করেছে এবং টানা আমেরিকায় বসবাসের প্রমাণ আছে তাদের গ্রীন কার্ড দেয়া হবে। ডেমোক্র্যাট দলীয় কংগ্রেস নেতাদের এ প্রস্তাবে বলা হয়েছে ২০০১ সালের ১ জানুয়ারী পর্যন্ত এসব অভিবাসীদের সশরীরে আমেরিকায় উপস্থিতি থাকতে হবে। এছাড়া, কোন পোষাকীয় আমেরিকান বাহিনীতে কাজ করা, কোন কারিগরি স্কুল, কলেজে দুই বছরের জন্য ভর্তি হওয়া বা গ্র্যাজুয়েশন করা সহ এসব আবেদনকারীদের টানা তিন বছরের আয় করার প্রমাণ থাকতে হবে।

জরুরী কর্মীদের বেলায় ২০০১ সালের ১ জানুয়ারী থেকে আমেরিকায় সশরীরে ধারাবাহিক উপস্থিতির প্রমাণ জমা দিতে হবে আবেদনের সাথে।

ডেমোক্র্যাট কংগ্রেসের এ প্রস্তাবের ফলে আমেরিকায় ৭০ লাখের বেশী লোকজনের গ্রীন কার্ড প্রাপ্তির সুযোগ সৃষ্টি হবে বলে অনুমান করা হচ্ছে। এ অভিবাসন সুবধার জন্য আবেদনকারীদের ব্যাক-গ্রাউন্ড চেক করা হবে। কোন অপরাধের সাথে সংশিষ্টতা থাকবে না এবং দন্ডত নয় এমন লোকজনই ১৫০০ ডলারের ফি প্রদান করে সংশিষ্টদের আবেদন করতে হবে।

পর্যটন বা নন ইমিগ্র্যান্ট ভিসায় আমেরিকায় আসা লোকজনও অন্যসব ক্ষেত্রে প্রাক যোগ্যতা অনুযায়ী এ অভিবাসন সুবিধার জন্য আবেদন করতে পারবে। রিনকনসিলিয়েশন বাজেট প্রস্তাবে ইমিগ্রেশন ব্যবস্থায় অতীতে আরোপিত নানা নিয়ম বদলে ফেলার উদ্যোগ নেয়া হয়েছে। বিশেষ করে ডিভি লটারিতে বিজয়ী লোকজনের মধ্যে যাদের মহামারীর কারনে ভিসা প্রদান করা হয়নি, তাদের ভিসা প্রদানের কথা প্রস্তাবে বলা হয়েছে। এ ছাড়া গত বছরগুলোতে অব্যবহৃত ভিসার কৌটা সমন্বয় করার কথাও বলা হয়েছে এ প্রস্তাবে।

প্রস্তবাবটি কংগ্রেসে পাশ হওয়ার পর সিনেটে যাবে আলোচনার জন্য। রিকন্সিলিয়েশন পদ্ধতির কারনে হওয়ার ফলে এ প্রস্তাব গ্রহনের জন্য দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্টতার প্রয়োজন নেই। সিনেটে যাওয়ার পর আইন প্রস্তাবটিতে সংযোযন , বিযোজনের ঘটনা ঘটতে পারে।

আমেরিকার ভেঙ্গে পড়া অভিবাসন ব্যবস্থায় কংগ্রেসীয় বিতর্ককে পাশ কাটিয়ে গ্রহণ করা উদ্যোগের প্রশংসা করেছে অভিবাসীগ্রুপগুলো। ক্ষমতা গ্রহনের পর প্রেসিডেন্ট জো বাইডেন আমেরিকায় একটি মানবিক অভিবাসন ব্যবস্থা গড়ে তুলার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি অভিবাসন নিয়ে সমন্বিত সংস্কার আইন প্রনোয়নের জন্য আইন প্রণেতাদের আহ্বানও জানিয়েছেন।

গত অর্ধ শতাব্দী থেকে আমেরিকায় অভিবাসন নিয়ে রাজনীতি হয়েছে প্রচুর। সমন্বিত কোন সংস্কার করতে ব্যর্থ হয়েছে রিপাবলিকান বা ডেমোক্র্যাট দল। মহামারি পেরুনো আমেরিকায় অভিবাসন সঙ্কট চরমে উঠেছে। এমন বাসবটাকে মোকাবেলা করার জন্য আমেরিকান আইন প্রণেতারা কোন অবস্থায়ই এক হতে পারছেন না। কংগ্রেসের বাজেট প্রস্ড়বের মাধ্যমে ইমিগ্রেশন বভাগের জন্য দুই দশমিক আট বিলিয়ন ডলার বরাদ্ধ দেয়ার কথা বলা হয়েছে। জমে থাকা সব অভিবাসন আবেদন, রাজনৈতিক আশ্রয় আবেদনের সুরাহা করার জন্য অতিরিক্ত লোকবল নিয়োগ দেয়া হবে। অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন অভিবাসন আব্দেওন বিবেচনার জন্যও রিকন্সিলিয়েশন বাজেট প্রস্তাবের সাথে যুক্ত করা হয়েছে। #

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



**STAR Photography**

শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র

**বাফেলো বাংলা**

পড়ুন

www.buffalobangla.com

**Homeopathy & Herbal**
**হোমিওপ্যাথিক এন্ড হারবাল**

**ডাঃ এস.কে.শর্মা**
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভঙ্গে *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *এ্যাজমা *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

**আপনি কি যৌন সমস্যায় ভুগছেন**
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

**37-15 73rd Street, Jackson heights, NY 11372.**
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
**www.vhvshop.com**
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM; Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

**পার্কচেস্টারে**
**অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার**

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

**We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more**

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

**ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.**



Tusher Bhuiyan
*Licensed Real Estate Agent*

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
**Tri-Boro Terrace Realty**
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

**ফার্মেসী PHARMACY & SURGICAL STORE**

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

**ASTORIA PHARMACY**
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

**JACKSON HEIGHTS PHARMACY**
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

**LONG ISLAND CITY CHEMISTS**
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

**OPEN**
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

# পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

**718-426-9453, 917-301-2063**

## Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave. 2nd Fl. Jackson Heights. NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

# Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

**37-03 61st Street, Woodside, NY 11377**
**Phone: 718-784-4158. Fax: 718-784-2678**
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

**President: Mohammed Rezaul Karim**

*M.Com. (Accounting), M.S.Ed.*
*23 years Experienced Tax Professional with IRS and 50 States*
*Permanent Certified Teacher by NYS Education Dept.*
*নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা*
*Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা*

# শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
**267-249-7687, 610-352-7123**

ই-মেইল :

ঠিকানা :

# বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন

**banglapartikausa.com**




# যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন



আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

**বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?**

**ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।**

## Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
**Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249**

# মাননীয় প্রধানমন্ত্রীর নিকট যুক্তরাষ্ট্র প্রবাসীদের একটি মানবিক আবেদন



**মাননীয়**
**প্রধানমন্ত্রী**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বিষয়: বসুন্ধরা ও রিভারভিউ রিয়েল এস্টেট ডেভেলপার থেকে প্লট ও ফ্ল্যাট ক্রেতাদের অসহনীয় দুর্দশা নিরসনের জন্য আকুল আবেদন।**

**মহাত্মন,**
যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক যুক্তরাষ্ট্রে অবস্থানরত প্লট ও ফ্ল্যাট ক্রয়কারী প্রবাসীদের পক্ষে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি যে, আমরা বিপুল সংখ্যক প্রবাসী বসুন্ধরা ও রিভারভিউ রিয়েল এস্টেট ডেভেলপার থেকে হাজার হাজার প্লট/ফ্ল্যাট ক্রয় করেছি।
আমরা জানি, আপনার সরকার দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে কাজ করছে। সম্প্রতি দুর্নীতি বিষয়ে আপনার কঠোর অবস্থান দেশ ও প্রবাসে সকলে পুলকিত ও আপনার প্রশংসা করছে।

বসুন্ধরা ও রিভারভিউ থেকে আমরা অনেকে প্লট ক্রয় করে তার রেজিষ্ট্রেশন ফিসহ সকল অর্থ ১০/১৫/১৮ বছর পূর্বে পরিশোধ করেছি। কোম্পানীর শর্ত অনুসারে আমাদের কাছে পাওনা সকল অর্থ পরিশোধ করার পরও প্লটগুলো বুঝিয়ে দিচ্ছে না বসুন্ধরা ও রিভারভিউ কৃর্তপক্ষ। সম্প্রতি আমরা যারা অর্থ পরিশোধ করেছি, তাদের কাছে বসুন্ধরার পক্ষ থেকে একটা চিঠি ইস্যু করা হয়েছে যে, নরসিংদী বালু নদীর উপরে 'পি-এক্সস্ট্রেশন'-এ প্লট হস্তান্তর করতে চায় কৃর্তপক্ষ। যার মূল্য খুবই সামান্য।

অথচ আমরা ঢাকা মহানগরীর ভিতরে বসুন্ধরা প্রকল্পের জন্য উচ্চমূল্যে বিভিন্ন প্লটের অর্থ পরিশোধ করেছি। এ ছাড়া বসুন্ধরা কর্তৃপক্ষ একটি চিঠিতে উল্লেখ করেছে, যারা নির্দিষ্ট সময়ের মধ্যে 'পি-এক্সস্ট্রেশনে জমি নেওয়ার জন্য স্টাম্পে সই করবে না, তাদের বসুন্ধরার প্রকল্পে উপর জমি পাওয়ার অধিকার থাকবে না। তারা সে প্লটগুলো আমাদেরকে বঞ্চিত করে চড়া মূল্যে এখন অন্যত্র বিক্রি করছে।


প্রবাসীদের মধ্যে এমন অনেকেই আছেন, যারা বাস্তুভিটা এমনকি জীবনের শেষ সম্বলটুকু বিক্রি করে প্রবাসে পাড়ি জমিয়েছেন জীবন আর জীবিকার তাগিদে। নিজেদের গৃহায়নের চাহিদা পূরণের লক্ষ্যে সঙ্গত কারণেই অধিকাংশ প্রবাসী নিদারুন কষ্টে অর্জিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে বেসরকারী হাউজিং কোম্পানী থেকে জমি/প্লট/ফ্ল্যাট ক্রয় করেছেন।

কিন্তু দুর্ভাগ্যক্রমে তারা আজ সর্বশান্ত। একজন সাধারণ প্রবাসী জানেন না, বসুন্ধরা থেকে ক্রয় করা প্লট ও ফ্ল্যাট আদৌ পাবেন কিনা। অথবা তাদের জীবনদ্দশায় দেখে যেতে পারবেন কিনা।

অতএব, আপনার নিকট আমাদের আকুল আবেদন, আপনি আমাদের অভিভাবক। প্রবাসীদের কষ্টার্জিত অর্থের কথা বিবেচনা করে বসুন্ধরা ও রিভারভিউ থেকে আমাদের প্লট ও ফ্ল্যাট বুঝিয়া পাইতে আপনার হস্তক্ষেপ আমাদের একান্ত কাম্য।

বিনীত নিবেদনে:

## প্লট ও ফ্ল্যাট ক্রয়, ভুক্তভোগি প্রবাসী


জয় বাংলা
জয় বঙ্গবন্ধু
আল্লাহ্ সর্বশক্তিমান
বিশ্বশান্তির অগ্রদূত, মাদার অফ হিউম্যানিটি
বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী
শেখ হাসিনার
জাতিসংঘের ৭৬তম অধিবেশনে যোগদান উপলক্ষে
যুক্তরাষ্ট্র আগমন সফল ও সার্থক হোক
শুভেচ্ছা স্বাগতম
গনতন্ত্রের মানসকন্যা
মাননীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা
মোঃ ফরিদ আলম
শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ
সাবেক সাধারন সম্পাদক, বাংলাদেশ আওয়ামী যুব লীগ, যুক্তরাষ্ট্র শাখা
সাবেক সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা

JBBA®

**Jackson Heights Bangladeshi Business Association of NY (JBBA)**

**জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন অব নিউইয়র্ক (জেবিবিএ)**

## জেবিবিএ-এর

# সাধারণ সভা

তারিখ ঃ ২২শে সেপ্টেম্বর, ২০২১, বুধবার

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ নবান্ন পার্টি হল (পালকি পার্টি সেন্টার)
৩৭-২২ ৭৩ স্ট্রীট, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২

### সম্মানিত জেবিবিএ-এর সদস্যবৃন্দ

জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন অব নিউইয়র্ক (জেবিবিএ) এর বার্ষিক সাধারণ সভা আগামী ২২শে সেপ্টেম্বর, ২০২১ বুধবার, নবান্ন পার্টি হল, সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

এই সাধারণ সভায় জেবিবিএ'র সকল সদস্যবৃন্দ আমন্ত্রিত।

আমন্ত্রণে

**শাহ্ নেওয়াজ**
সভাপতি
৬৪৬-৫৯১-৮৩৯৬

**মাহাবুবুর রহমান (টুকু)**
সাধারণ সম্পাদক
৭১৮-৮৬৪-১৬৭১

# যে কারণে প্রিন্স ফিলিপের উইল ৯০ বছর গোপন রাখার নির্দেশ

(প্রথম পাতার পর)

গোপন রাখার নির্দেশ নিয়েছে লন্ডনের উচ্চ আদালত। রাজ-পরিবারের মর্যাদা রক্ষায় উচ্চ আদালতের একজন বিচারক এই রায় দেন বলে শুক্রবার সিএনএন এক প্রতিবেদনে জানিয়েছে। ডিউক অব এডিনবার্গ প্রিন্স ফিলিপ চলতি বছরের ৯ এপ্রিল পশ্চিম লন্ডনের উইন্ডসর ক্যাসল হোমে ৯৯ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। রানি এলিজাবেথের সঙ্গে দীর্ঘ ৭০ বছরের দাম্পত্য জীবন কাটিয়েছেন তিনি।

রাজ পরিবারের ১৯১০ সালের একটি নিয়মের রেফারেন্স টেনে আদালতের ফ্যামিলি ডিভিশনের প্রধান অ্যান্ড্রু ম্যাকফারলেন জানান, ফিলিপের উইল সিল করে রাখার ব্যাপারে তিনি একমত। এই উইলের কোনো অনুলিপি তৈরি করে কোর্ট ফাইল কিংবা অন্য কোথাও রেকর্ড করা যাবে না বলেও জানান তিনি।

তিনি অবশ্য এস্টেটের মূল্য থেকে প্রবেটের মঞ্জুরি বাদ দিতে অনুরোধ করেছেন।

ব্রিটিশ রাজপরিবারে সর্বপ্রথম প্রিন্স ফ্রান্সিসের উইল গোপন রাখা হয় বলে বিচারক অ্যান্ড্রু ম্যাকফারলেন জানান। প্রিন্স ফ্রান্সিসের মৃত্যুর পর উইলের সঙ্গে ৩০টি খামও গোপন রাখা হয়। তিনি রাজা পঞ্চম জর্জের স্ত্রী রানি মেরির ছোট ভাই ছিলেন।

সর্বশেষ ২০০২ সালে রানি দ্বিতীয় এলিজাবেথের মা এলিজাবেথ এবং তার বোন প্রিন্সেস মার্গারেটের উইলও গোপন রাখা হয় বলে গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে।

# নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

(প্রথম পাতার পর)

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও বিভিন্ন অংগ সংগঠন।

এদিকে যুক্তরাষ্ট্র বিএনপি ও তার অংগ সংগঠন বাংলাদেশে মানবাধিকার ও গনতান্ত্রিক অধিকার হরনের প্রতিবাদে শেখ হাসি-নার নিউ ইয়র্ক আগমনের বিরুদ্ধে জেএফকে এয়ারপোর্টে প্রতিবাদ সমাবেশ করেছে।

নিউ ইয়র্কে অবস্থানকালে শেখ হাসিনা আগামী ২৪ সেপ্টেম্বর জাতিসংঘের সদর দপ্তরে সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে সাধারণ পরিষেদের অধিবেশনে ভাষণ দেবেন। ১৯৭৪ সালে জাতিসংঘে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহ-াসিক ভাষণ অনুসরণ করে প্রধানমন্ত্রী বিগত বছরগুলোর মতো এবারও বাংলায় তাঁর ভাষণ দেবেন।

সফরসূচি অনুযায়ী, আগামী ২০ সেপ্টেম্বর যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন এবং জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের আহ্বানে জলবায়ু পরিবর্তন নিয়ে রাষ্ট্র ও সরকার প্রধানদের একটি ছোট দলের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠকে যোগ দেবেন শেখ হাসিনা। পরে তিনি একটি গাছ লাগাবেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর সম্মানে জাতিসংঘ সদর দপ্তরের উত্তর লনে ইউএন গার্ডেনে একটি বেঞ্চ উৎসর্গ করবেন। সেদিন বিকেলে প্রধানমন্ত্রী 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট সলিউশন নেটওয়ার্ক' শীর্ষক একটি ভার্চুয়াল অনুষ্ঠানে যোগ দেবেন।

২১ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সদর দপ্তরে সাধারণ বিতর্কের উদ্বোধনী অধিবেশনে যোগ দেবেন। তিনি যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত আয়োজিত 'ব্যবসাবিষয়ক গোলটেবিল : ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিল' অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন।

সফরসূচি অনুযায়ী, প্রধানমন্ত্রী আগামী ২২ সেপ্টেম্বর 'ডারবান ডিক্লারেশন অ্যান্ড প্রগ্রাম অব অ্যাকশন' গ্রহণের ২০তম বার্ষিকী উপলক্ষে সাধারণ পরিষদের একটি উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দেবেন। এ ছাড়া তিনি 'হোয়াইট হাউস বৈশ্বিক কভিড-১৯ শীর্ষ সম্মেলন : মহামারির সমাপ্তি এবং আরো ভালো অবস্থা গড়ে তোলা' শীর্ষক অনুষ্ঠানে যোগ দেবেন এবং বক্তব্য দেবেন।

২২ সেপ্টেম্বর বিকেলে শেখ হাসিনা 'রোহিঙ্গা সংকট : একটি টেকসই সমাধানের জন্য করণীয়' শীর্ষক উচ্চ পর্যায়ের অনুষ্ঠানে যোগ দেবেন ও বক্তব্য রাখবেন।

প্রধানমন্ত্রী নিউ ইয়র্ক সময় আগামী ২৩ সেপ্টেম্বর জাতিসংঘের সুইডিশ মিশন আয়োজিত 'জাতিসংঘের সাধারণ কর্মসূচি : সমতা ও অন্তর্ভুক্তি অর্জনের পদক্ষেপ' শীর্ষক নেতাদের নেটওয়ার্কের একটি অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘ মহাসচিব আয়োজিত ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে দশক কর্মসূচির অংশ হিসেবে খাদ্য ব্যবস্থা বিষয়ক শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

জানা গেছে, নিউ ইয়র্কে জাতিসংঘ সাধারণ অধিবেশনের ফাঁকে শেখ হাসিনা জাতিসংঘ মহাসচিব ও ইইউ কাউন্সিলের প্রেসিডেন্টসহ কয়েকজন বিশ্বনেতার সঙ্গে বৈঠক করবেন। নিউ ইয়র্ক সফর শেষে প্রধানমন্ত্রী আগামী ২৫ সেপ্টেম্বর ওয়াশিংটন ডিসিতে যাবেন। সেখানে প্রায় এক সপ্তাহ অবস্থান শেষে আগামী ৩০ সেপ্টেম্বর তিনি যুক্তরাষ্ট্র ছাড়বেন। হেলসিংকিতে যাত্রাবিরতি শেষে আগামী ১ অক্টোবর প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে।

**গুরুত্ব পাবে যে ৬টি বিষয়**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে বিশ্বব্যাপী 'টিকা বৈষম্য' দূরীকরণসহ ৬টি বিষয় গুরুত্ব পাবে। ১৪ সেপ্টেম্বর শুরু হওয়া অধিবেশনে ২১ সেপ্টেম্বর হতে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত চলবে সাধারণ বিতর্ক।

কোভিডের প্রেক্ষাপটে এ বছর সাধারণ বিতর্কের প্রতিপাদ্য ঠিক করা হয়েছে- কোভিড-১৯ থেকে পুনরুদ্ধারের প্রত্যাশার মাধ্যমে স্থিতিস্থাপকতা, টেকসই পুনর্গঠন, মানুষের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন এবং জাতিসংঘকে পুনরুজ্জীবিত করা। এ প্রতিপাদ্যকে সামনে রেখে সাধারণ পরিষদের এবারের অধিবেশনে বিভিন্ন উচ্চপর্যায়ের সভাগুলো আয়োজন করা হয়েছে।

প্রথমত, এবারের অধিবেশনের একটি বড় অংশজুড়ে থাকবে কোভিড-১৯ মোকাবিলা এবং এটা থেকে মুক্তিলাভ।

দ্বিতীয়, জলবায়ু পরিবর্তনজনিত প্রতিক্রিয়া। বিশ্ব যাতে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা পেতে পারে সে বিষয়েও এবারের সাধারণের পরিষদের অধিবেশনে বিশ্ব নেতারা আলোচনা করবেন বলে আশা করা যাচ্ছে।

তৃতীয়ত, কোভিড-১৯ এর কারণে টেকসই উন্নয়ন অভীষ্ঠ অর্জনে যে অগ্রযাত্রা-তা অনেকাংশেই ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ক্ষতি কাটিয়ে উঠে সম্মিলিতভাবে টেকসই বিনির্মাণের বিষয়ে বিশ্ব নেতারা আলোচনা। এসডিজির প্রতিটি লক্ষ্য ও উদ্দেশ্যকে ভিত্তি করে কোভিডপরবর্তী পুনরুদ্ধারের বিষয়টি তাই এ অধিবেশনে প্রাধান্য পাবে।

চতুর্থত, এবারের সাধারণ অধিবেশনে ইউএন ফুড সিস্টেমস সামিট শীর্ষক একটি সভা অনুষ্ঠিত হবে। এ সভার মূল লক্ষ্য হল টেকসই উন্নয়ন, ক্ষুধা, জলবায়ু পরিবর্তন, দারিদ্র্য এবং বৈষম্যের মতো বৈশ্বিক চ্যালেঞ্জগুলোর সাথে বৈশ্বিক খাদ্য ব্যবস্থার আন্তঃসম্পর্ককে কাজে লাগিয়ে উন্নয়ন অভীষ্টসমূহ অর্জন ত্বরান্বিত করা।

পঞ্চমত,কোভিডের সময়ে আমরা লক্ষ্য করছি যে, বিশ্বের বিভিন্ন স্থানে অসহিষ্ণুতা, বৈষম্য-বিভেদ ইত্যাদি আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এ ধরনের বিভেদ নিয়ে কখনোই টেকসই পুনরুদ্ধার সম্ভব নয়। তাই এ বিষয়টিও এবারের অধিবেশনে আলোচনায় আসবে।

ষষ্ঠত, প্রতিবারের মতো এবারো নিরস্ত্রীকরণ বিষয়টি গুরুত্বের সাথে আলোচিত হবে এবং সাধারণ পরিষদের সভাপতি ২৮ সেপ্টেম্বর পারমাণবিক নিরস্ত্রীধাকরণে আন্তর্জাতিক উদ্যোগ গ্রহণ ও এ বিষয়ে বৈশ্বিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পারমাণবিক অস্ত্র সম্পূর্ণ নির্মূলের জন্য আন্তর্জাতিক দিবস শীর্ষক উচ্চপর্যায়ের সভা আয়োজন করছে।

কর্মসূচী

২০ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ও জাতিসংঘ মহ-াসচিবের আমন্ত্রণে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত উচ্চপর্যায়ের বৈঠকে অংশগ্রহণ করবেন। সিভিএফ চেয়ার এবং জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকির সম্মুখীন দেশ হিসেবে এটি বাংলাদেশের জুন্য বিশেষ গুরুত্বপূর্ণ। এ সভায় প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরবেন এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে সম্মিলিত বৈশ্বিক উদ্যোগের আহ্বান জানাবেন।

খ) একই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রী জাতিসংঘ সদর দপ্তর চত্বরে বৃক্ষরোপণ করবেন বলে আশা করা যাচ্ছে।

গ) ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র কর্তৃক আয়োজিত 'হোয়াইট হাউস গ্লোবাল কোভিড-১৯ শীর্ষ সম্মেলন ও মহামারীর অবসান এবং আরও ভালোভাবে গড়ে তোলা' শীর্ষক এক উচ্চপর্যায়ের সভায় বক্তব্য প্রদান করবেন।

ঘ) একই দিনে প্রধানমন্ত্রীর বাংলাদেশ কর্তৃক আয়োজিত 'রোহিঙ্গা সংকট : একটি টেকসই সমাধানের বাধ্যবাধকতা' শীর্ষক একটি উচ্চপর্যায়ের সাইড ইভেন্টে অংশগ্রহণ করার কথা আছে। ইতোমধ্যে এ অনুষ্ঠান আয়োজনে ওআইসি, এশিয়ান এবং ইউরোপিয়ান দেশগুলোর পক্ষ থেকে সাড়া পাওয়া গেছে। বাংলাদেশ ছাড়াও গাম্বিয়া, ইন্দোনেশিয়া, সৌদি আরব, তুরস্ক, যুক্তরাজ্য, ইউরোপিয়ান ইউনিয়ন এবং ওআইসি অনুষ্ঠানটির সহআয়োজক।

ঙ) ২৩ সেপ্টেম্বর ইউএন ফুড সিস্টেমস সামিট শীর্ষক উচ্চপর্যায়ের সভায় প্রধানমন্ত্রী যোগ দেবেন। খাদ্য খাতে বাংলাদেশের উল্লেখযোগ্য সাফল্য তুলে ধরার জন্য এ সম্মেলন হবে একটি অনন্য উপলক্ষ। প্রধানমন্ত্রী উক্ত সভায় অংশগ্রহণ করে, প্রযুক্তিগত সহযোগিতা, কৃষি গবেষণা ও উন্নয়ন, টেকসই উৎপাদন, খাদ্য বিতরণ এবং সঞ্চয়ের ক্ষেত্রে বিভিন্ন অংশীজনদের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তোলার ব্যাপারে বিশ্ব নেতৃত্বকে আহবান জানাতে পারেন বলে আশা করা যাচ্ছে।

চ) একই দিনে জাতিসংঘের সাধারণ কর্মসূচি: সমতা ও অন্তর্ভুক্তির লক্ষ্যে কাজ শীর্ষক একটি উচ্চপর্যায়ের সাইড-ইভেন্টে প্রধানমন্ত্রী বক্তব্য দেবেন।

ছ) ২৪ সেপ্টেম্বর তারিখে প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের সাধারণ বিতর্ক পর্বে বাংলাদেশের পক্ষে বক্তব্য রাখবেন। প্রতিবারের মতো এবারো মাননীয় প্রধানমন্ত্রী বাংলায় বক্তৃতা দেবেন। তিনি বাংলাদেশের অভাবনীয় উন্নয়ন অগ্রযাত্রা, আর্থসামাজিক ক্ষেত্রে অর্জন এবং স্বাস্থ্যখাতের সাফল্য সম্পর্কে আলোকপাত করবেন। পাশাপাশি, বিশ্ব শান্তি, নিরাপদ অভিবাসন, করোনাভাইরাসের টিকার ন্যায্যতাভিত্তিক বন্টন, বৃহৎ পরিসরে করোনা ভ্যাক্সিন উৎপাদনের লক্ষ্যে পেটেন্টসহ মেধাস্বত্ব উন্মুক্তকরণ, ফিলিস্তিনি ও বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক সংকট, জলবায়ু ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্পর্কিত বিষয়সমূহ তার বক্তব্যে উঠে আসবে।

জ) প্রতি বছরের মতো এবারো যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশিরা প্রধানমন্ত্রীর সম্মানে একটি অভ্যর্থনা অনুষ্ঠান আয়োজন করবেন। কোভিড মহামারির প্রেক্ষিতে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে এ সভা অনুষ্ঠিত হবে। এছাড়া প্রধানমন্ত্রী প্রতিবারের ন্যায় বেশ কয়েকটি দ্বিপাক্ষিক বৈঠকে অংশগ্রহণ করবেন বলে আশা করা যাচ্ছে। মালদ্বীপের রাষ্ট্রপতি ইব্রাহিম মোহামেদ সলিহ, ভিয়েতনামের রাষ্ট্রপতি নগুয়েন জুয়ান ফুক, বার্বাডোজের প্রধানমন্ত্রী মিরা আমর মটলি, ইউরোপিয়ান কাউন্সিলের সভাপতি চার্লস মাইকেলসহ বিভিন্ন দেশের রাষ্ট্র-সরকার প্রধানদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নিয়ে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন বলে আশা করা যাচ্ছে। এছাড়া তিনি জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

ঝ) এছাড়া প্রতিবারের মতো প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী সম্প্রদায়ের আয়োজনে একটি গোলটেবিল বৈঠকে অংশগ্রহণ করবেন। এই বৈঠকে বাংলাদেশের ব্যবসায়ীরা বাংলাদেশে বিনিয়োগ পরিবেশ ও সুযোগ সুবিধার বিষয়সমূহ তুলে ধরবেন এবং যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী ও বিনিয়োগকারীগণ তাদের বিনিয়োগ প্রস্তাব বাংলাদেশের কাছে তুলে ধরবেন। এর মাধ্যমে দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে একটি সংযোগ তৈরি হবে।

ঞ) এবারের সাধারণ অধিবেশনের সাইড লাইনে বেশ কিছু মন্ত্রী পর্যায়ের সভা অনুষ্ঠিত হবে। এর মধ্যে রয়েছে পারমাণবিক অস্ত্রের সম্পূর্ণ নির্মূলের জন্য আন্তর্জাতিক দিবস শীর্ষক উচ্চপর্যায়ের সভা, ডারবান ঘোষণা এবং কর্মসূচির ২০তম বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিতব্য উচ্চপর্যায়ের সভা, যুক্তরাষ্ট্রের ডেপুটি সেক্রেটারি অব স্টেটের সাথে মন্ত্রীপর্যায়ের সভা অনুষ্ঠিত হবে। এছাড়া ডি-৮ ও সার্কের মধ্যাহ্নভোজ সভা অনুষ্ঠিত হবে। পররাষ্ট্রমন্ত্রী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী বহুপাক্ষিক এবং দ্বিপাক্ষিক এসব সভায় অংশগ্রহণ করবেন।

ট) একটি শান্তিপূর্ণ ও মানবিক বিশ্ব প্রতিষ্ঠায় বাংলাদেশের প্রচেষ্টা, অভিবাসন, জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, শান্তিরক্ষা কার্যক্রমসহ বিভিন্ন বিষয়ে নেতৃস্থানীয় ভূমিকা পালন এবং উদীয়মান অর্থনীতির দেশ হিসেবে বাংলাদেশের সাফল্য আজ সর্বজনবিদিত। এর ধারাবাহিকতায়, জাতিসংঘ সাধারণ পরিষদের এ অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের অংশগ্রহণ বহুপাক্ষিক ফোরামে বাংলাদেশের দৃপ্ত পদচারণাকে আরও সমুন্নত করবে।

# বিমানে হিজাব পরিহিতা দেখেই চিৎকার

(প্রথম পাতার পর)

মিশিগান বিমানে হিজাব পরার জন্য ওই মুসলিমনারীর উপর বর্ণবাদী হালমা চালায় এক শ্বেতাঙ্গ উগ্রবাদী নারী।

জানা গেছে, মুসলিমবিদ্বেষী হামলার শিকার নারীর নাম আয়েশা তৌরি। তিনি মিশিগান স্টেট ইউভার্সিটির গবেষক দলের সহকারি। গত ১১ সেপ্টেম্বর ট্যুইন টাওয়ারে হামলার দিন আটলান্টা থেকে স্পিরিট এয়ার লাইন্সের একটি বিমানে করে মি-শিগান আসছিলেন আয়েশা তৌরি। তখনই তার ওপর বর্বরোচিত হামলা চালানো হয়। বিমানের মধ্যেই ওই শ্বেতাঙ্গ নারী আয়েশা তৌরিকে হিজাব পরিহিত অবস্থায় দেখে 'মুসলিম সন্ত্রাসী' বলে চিৎকার করতে করতে থাকে। তার পরেই আয়েশা তৌরির উপর আছড়ে পড়েন ওই শ্বেতাঙ্গ নারী। আয়েশার মুখে এলোপাথাড়ি কিল-ঘুসি মারতে থাকেন, বর্ণবাদী ও ধর্মবিদ্বেষী বলে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকেন।

এ ঘটনা বিমানের অপর এক যাত্রী ভিডিও মাধ্যমে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এই ঘটনায় সরব হয়েছেন মানবাধিকারকর্মীরা। দ্রুত তদন্ত করে ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন স্থানীয় আদালত।

স্থানীয় ওয়েন কাউন্টি আদালতের নজরে এলে বর্ণবাদী এ হামলার তদন্তের নির্দেশ দেয়া হয়। এই ঘটনায় স্পিরিট এয়ারলাইন্সের কর্মীরা জানিয়েছেন, বিমানে এই ধরনের ঘটনায় তারা অনুতপ্ত। এর পরে তারা ওই যাত্রীকে বিমানে ভ্রমণে সুযোগ দেবেন না।

# যুক্তরাষ্ট্রে ৬৫ বছরের উর্ধ্বে সবাইকে বুস্টার

(প্রথম পাতার পর)

দিয়েছে ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ)।

শুক্রবার সংস্থাটির পক্ষ থেকে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রে কেবল ৬৫ বা তার অধিক বয়সীদেরই বুস্টার ডোজ দেওয়া হবে। যদিও এফডিএ'র প্যানেল গণহারে বুস্টার ডোজ প্রদান প্রত্যাখ্যান করেছে।

আগামী সপ্তাহ থেকে করোনার ডেল্টা ধরন প্রতিরোধে বুস্টার ডোজ দেওয়ার পরিকল্পনা করেছিল বাইডেন প্রশাসন। এ কারণে ফাইজার গণহারে বুস্টার ডোজ প্রদানের জন্য আবেদন করে। কিন্তু এফডিএ'র প্যানেল সেই প্রস্তাব প্রত্যাখ্যান করে শুধু বয়স্ক ও উচ্চ ঝুঁকিতে থাকা নাগরিকদের তৃতীয় ডোজ প্রদানের সুপারিশ করেছে।

হোয়াইট হাউজের প্রেসসচিব জেন সাকি এক বিবৃতিতে বলেছেন, আমরা আগ্রহীদের এক সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি দেওয়ার আহ্বান জানাবো, যেখানে আমাদের একটাই লক্ষ্য কোভিড-১৯ নিয়ন্ত্রণ করা।

ইউনিভার্সিটি অব পেনসিলভ্যানিয়ার সংক্রামক ব্যাধি বিশেষজ্ঞ এবং প্যানেল সদস্য ড. পল ওফিট বলেন, আগামী ২০ সেপ্টেম্বর ব্যাপক পরিসরে বুস্টার ডোজ দেওয়ার পরিকল্পনা নিয়েছিলেন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন। এফডিএর প্যানেল আমেরিকানদের গণহারে বুস্টার ডোজ প্রদান প্রত্যাখ্যান তা সম্ভব হচ্ছে না।

# বোরকা নিয়ে মন্তব্য করে তোপের মুখে

(প্রথম পাতার পর)

প্রতি তার মনোভাবের জন্য তার বিরুদ্ধে ইসলাম বিদ্বেষের অভিযোগ উঠেছে।

বরিস জনসন মন্ত্রিসভা রদবদল করার পর চলতি সপ্তাহেই যুক্তরাজ্যের সংস্কৃতি বিষয়ক মন্ত্রী হিসেবে দায়িত্ব পান ৬৪ বছর বয়সী নাডিন।

বরিস জনসনের মতো তারও বিভিন্ন বিষয়ে বিতর্কিত মন্তব্য করার ইতিহাস রয়েছে। ২০১৮ সালে সংসদ সদস্য থাকাকালে বরিস জনসন এক কলামে লিখেছিলেন, বোরকা "অপ্রীতিকরচ। যেসব নারীরা বোরকা পরেন তাদের "ব্যাংক ডাকাতচ এবং "ডাকবাক্সেরচ মতো দেখায়। অন্যদিকে নাডিন মুখ ঢাকা বোরকা নিষিদ্ধের আহ্বান জানান।

মার্কিন টেলিভিশন চ্যানেল স্কাই নিউজকে তিনি জানান, এই মধ্যযুগীয় পোশাক, যা নারীর সৌন্দর্য ও শরীরের ক্ষত ঢেকে রাখে তা নিষিদ্ধ হওয়া উচিত। তিনি জানান ওই পোশাক আসলে নারীদের ওপর হওয়া গার্হস্থ্য নির্যাতন ঢেকে রাখতে ব্যবহৃত হয়। তিনি আরও জানান, নারীরা যা পরতে চায় তাই পরার অনুমতি দেওয়া উচিত। তাদের নিজেদের পছন্দে বিয়েটাও মনে হয় করতে দেওয়া হয় না। এমনকি নারীদের নিজেদের জননাঙ্গ রাখাও অনুমতি দেওয়া হয় না বলেও মন্তব্য করেন তিনি। যুক্তরাজ্যে ফিমেল জেনিটাল মিউটিলেশন (এফজিএম) বা নারীদের খৎনার অনুমতি নেই উল্লেখ করেন তিনি।

পাশাপাশি নিজের টুইটার অ্যাকাউন্টেও এই নিয়ে মুখ খুলেছেন নাডিন। টুইটারে তিনি লিখেছেন, আপনি এমন সমাজ আশা করতে পারেন না যেখানে একদিকে সমকামীরা বিয়ে করে সুখে শান্তিতে বাস করছে, আবার অন্যদিকে নারীদের জোর করে আড়ালে রাখা হচ্ছে।

অবশ্য নাডিনের এসব মন্তব্যে মোটেও খুশি হননি নেটিজেনরা। এমন লাগামছাড়া মন্তব্যের তীব্র প্রতিবাদ করেছেন নেটিজেনরা। ব্রিটেনে ৩০ লাখের মতো মুসলিম বসবাস করেন। কোনো আনুষ্ঠানিক তথ্য না থাকলেও তাদের মধ্যে খুব অল্প সংখ্যক মুসলিম নারী মুখ ঢাকা বোরকা পরেন বলে জানা গেছে।

# সরকার হঠাতে একদফা আন্দোলন

(প্রথম পাতার পর)

কারণও তুলে ধরা হবে। সরকার এসব দাবি পূরণে কার্যকর উদ্যোগ না নিলে সরকার হঠানোর এক দফার আন্দোলনে যাওয়ার চিন্তা করছে দলটির হাইকমান্ড। পাশাপাশি আন্দোলন এবং নির্বাচনে দেশের সব শ্রেণি-পেশার মানুষের সমর্থন আদায়ে আগাম কিছু প্রতিশ্রুতিও দেওয়া হবে। এ সংক্রান্ত রূপরেখার খসড়া তৈরি করছে দলটির নীতিনির্ধারকরা।

বিএনপির কেন্দ্রীয়, তৃণমূল ও নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে সিরিজ বৈঠক থেকে প্রাপ্ত গুরুত্বপূর্ণ মত যুক্ত করা হবে এসব খসড়ায়। এরপর স্থায়ী কমিটির বৈঠকে এ নিয়ে হবে বিস্তারিত আলোচনা। প্রাথমিক দফা ও প্রতিশ্রুতি যোজন-বিয়োজন করে তা চূড়ান্ত করা হবে। তবে দাবি ও প্রতিশ্রুতি এ দুটো বিষয় একসঙ্গে নাকি আলাদাভাবে তুলে ধরা হবে-তা এখনো চূড়ান্ত হয়নি। আপাতত নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারসহ বেশ কিছু দফা জাতির সামনে তুলে ধরার পক্ষে হাইকমান্ড। আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনের মাধ্যমে তা তুলে ধরা হবে। এতে দেশি-বিদেশি গণমাধ্যম, বিভিন্ন রাজনৈতিক দল, সুশীল সমাজের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হতে পারে। বিএনপির নীতিনির্ধারণী সূত্রে জানা গেছে এসব তথ্য।

সূত্র জানায়, জাতির সামনে এ রূপরেখা তুলে ধরার দিনক্ষণ এখনো চূড়ান্ত হয়নি। দলের নির্বাহী কমিটি ও নাগরিক সমাজের সঙ্গে বৈঠক শেষ করে তা চূড়ান্ত করার পক্ষে বেশিরভাগ নীতিনির্ধারক। এরপরই আনুষ্ঠানিকভাবে এসব দাবি তুলে ধরতে চান তারা। তবে শনিবার অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে নেওয়া সিদ্ধান্ত আজ সংবাদ সম্মেলনের মাধ্যমে জানানো হতে পারে।

জানতে চাইলে গণস্বাস্থ্যের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী যুগান্তরকে বলেন, দীর্ঘদিন পর বিএনপির ঘুম ভেঙেছে- এটা ভালো লক্ষণ। সকালের নাস্তা করে যদি ফের ঘুমিয়ে পড়ে তাহলে কিছুই হবে না। এখন জেগে থাকতে হবে। দলের করণীয় চূড়ান্তে নেতাদের পাশাপাশি সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গেও তাদের বসতে হবে। আন্দোলন কিংবা নির্বাচনে তারা কি করতে চায় এমন একটি রূপরেখা দ্রুত জাতির সামনে তুলে ধরতে হবে।

তিনি আরও বলেন, দলীয় সরকারের অধীনে এ দেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। তত্ত্বাবধায়ক ব্যবস্থা বাতিল হয়েছে। এর বিকল্প হলে খুবই ভালো। যেমন আমি জাতীয় সরকারের একটা প্রস্তাব দিয়েছি। বিএনপিও একটা প্রস্তাব দিতে পারে। তারা যদি নির্বাচনকালীন সরকারের রূপরেখা দেয় সেটা খুবই ভালো কথা। তাদের কিছু না কিছু করতে হবে। একটি সুষ্ঠু নির্বাচন করতে হলে ভোটের আগে নিরপেক্ষ সরকার গঠন করা সম্ভব নয়। তাই এখন থেকেই এ ব্যাপারে কাজ করতে হবে। তাছাড়া নির্বাচন কমিশন গঠনেও একটি রূপরেখা দিতে পারে বিএনপি। পাশাপাশি আন্দোলন বা নির্বাচনে যাওয়ার আগে জাতির সামনে কিছু প্রতিশ্রুতি দিতে হবে। শুরুতেই বলতে হবে, ক্ষমতায় গেলে তারা প্রতিহিংসার রাজনীতি করবে না। বিএনপির নীতিনির্ধারণী সূত্রে জানা গেছে, দফার সংখ্যা কত হবে তা এখনো চূড়ান্ত হয়নি। প্রাথমিকভাবে তৈরি খসড়ায় অগ্রাধিকার দেওয়া হচ্ছে নির্বাচ-নকালীন নিরপেক্ষ সরকার। দলীয় সরকারের অধীনে নির্বাচনে যাবে না- এমনটা ধরে নিয়েই তারা পরিকল্পনা তৈরি করছেন। কোন প্রক্রিয়ায় নির্বাচনকালীন সরকার গঠন করা যেতে পারে তা নিয়ে রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করবে বিএনপি। প্রয়োজনে দল হিসাবে আওয়ামী লীগের সঙ্গেও এ ইস্যুতে কথা বলার চিন্তা রয়েছে। দলটির নেতারা জানান, নির্বাচনকালীন সরকার ইস্যুতে তারা একটি স্থায়ী সমাধান চান। যাতে প্রতিবার ভোটের আগে এ ইস্যু নিয়ে ঘোলাটে পরিস্থিতির সৃষ্টি না হয়। এ দাবির পেছনে যৌক্তিক কারণও তুলে ধরা হবে। দলীয় সরকারের অধীনে বিগত দুটি জাতীয় সংসদ নির্বাচনের চিত্র তুলে ধরবেন তারা। নির্বাচন কমিশন বা প্রশাসনের ইচ্ছা থাকলেও দলীয় সরকারের অধীনে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় বলে সাধারণ ভোটারদের মধ্যে এমন ধারণা জন্ম নিয়েছে। তাই দিন দিন মানুষ ভোটের প্রতি আগ্রহ হারিয়ে ফেলছেন। ভোট কেন্দ্রে কমছে ভোটার উপস্থিতি। মানুষকে ভোটকেন্দ্রমুখী করার একমাত্র পথ হচ্ছে নির্বাচনকালীন নিরপেক্ষ সরকার। ভোটের আগে এমন একটি সরকার প্রতিষ্ঠা করতে হবে যাতে ভোটারদের মনে আস্থা ফিরে আসে যে, তারা নিজের পছন্দমতো জনপ্রতিনিধি বেছে নিতে পারবেন।


এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
KUWAIT AIRWAYS
Biman
Emirates
ETIHAD
QATAR
DELTA AIR LINES
American Airlines
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
$৬৪৯+
JFK-Dhaka-JFK Return
ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।
Mohammad B Hossain (Belal)
President & CEO
আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায় সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.




Fly Emirates
SPECIAL FARE
Fly to Dhaka With Emirates Via Dubai
From
New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles
718-200-2655
718-406-9745
World Tours and Travel
MD. Shamsuddin, MBA CEO
37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372





IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands
১ ঘন্টায় ব্যানার
এখন জ্যামাইকাতে
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP
আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন
ডিজিটাল ব্যানার
বিজনেস কার্ড
পোস্টকার্ড
ফ্লায়ার
ক্যালেন্ডার
ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
সাইন
পোস্টার
ম্যাগাজিন
স্টিকার প্রিন্ট
লেমিনেশন
টি-শার্ট
আইডি কার্ড
মেন্যু
রিসিট বুক
লেটার হেড
ইনভাইটেশন কার্ড
রোল আপ ব্যানার
সাইড ওয়াক সাইন
পাসপোর্ট ফটো
WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION
JOB PROPOSAL
WRITTEN
আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি
100% BEST QUALITY
929-372-7445, 845-793-4580
www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432
callijventures@gmail.com




Khalil Biryani House
Khalil Biryani House
খলিলের খাবার দিয়ে আপনার অনুষ্ঠান হয়ে উঠুক জমজমাট
HALAL
For Delivery
+1 646-763-5073
Khalil Halal Chinese
2062 McGraw Ave.
Bronx, NY 10462.
347 621 2884
Khalil Biryani House
1457 Unionpart Road
Bronx, NY 10462
718 409 6840
www.khalilsfood.com

PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Health Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

# Injured in an Accident?

**MAPQUEST US:** 133-33 Brookville Blvd., Rosedale, NY 11422
**PUBLIC TRANS:** **E Train** to last stop in Queens, then Q5 Bus to Brookville Blvd and Merrick Blvd. Ask driver when to get off.
**QUEENS:** Cross Island Pkwy to Belt Pkwy to exit 24B-Merrick Blvd. turn left at light onto Merrick Blvd-Visitor Parking on RT.
**BROOKLYN:** Belt Pkwy East to exit 24A-130th Ave. turn LT onto Brookville Blvd, then at light trun RT onto Merrick Blvd, see above.
**L.I.:** Northern State West to cross Island Pkwy So. Then to Belt Pkwy to exit 24B-then follow Queens directions.
**L.I.:** Southern State Pkwy W to Belt Pkwy-exit 24B-follow Queens directions above.



## FRANCISCO CASTILLO

*Attorney at law*

One Cross Island Plaza, Suite 116, Rosedale, New York-11422
**Phone: 718-528-4424, Fax: 347-294-1055**
E-mail: francisco@franciscocastillolaw.com



# তাহেরা আল কুরআন একাডেমির গ্রাজুয়েশন ও ফান্ড রাইজিং সম্পন্ন

**আশরাফুল হাবিব মিহির:** “আল কুরআনের শিক্ষা বিস্তার, এটাই একমাত্র পথ প্রজন্মকে রক্ষার” এই অঙ্গীকারকে সামনে রেখে গত ১২ সেপ্টেম্বর রোববার সন্ধ্যা ৭ টায় নিউইর্য়কের কুইন্সের জ্যামাইকার ৮৯-১৪ ১৫০ স্ট্রীটে অবস্থিত তাহেরা আল কুরআন একাডেমির শিক্ষার্থীদের গ্রাজুয়েশন ও ফান্ড রাইজিং অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ফার্মাসিস্ট, সমাজসেবক, কমিউনিটির পরিচিত মুখ আমির খান। বিশেষ বক্তা ছিলেন, বাংলাদেশ থেকে আগত স্বনামধন্য বক্তা, মুবাল্লিগে দ্বীন আল্লামা মুফতি নজরুল ইসলাম কাসেমী। বিশেষ অতিথি ছিলেন জেএমসি’র ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ, মুফতি আব্দুল মালেক, হাজি ক্যাম্প মসজিদের ইমাম হাফেজ রফিক, মৌলানা ইয়ামিন, মুফতি উবাইদুল্লাহ, মির্জা মশিউর রহমান, আলহাজ ফারুক উদ্দিন সহ বিশিষ্ট কমিউনিটি লিডার ও উলামায়ে কেরাম।

অনুষ্ঠানে আমির খান বলেন, বর্তমান প্রজন্মকে ইসলামমুখী করতে কুরআন শিক্ষার বিকল্প নেই। ইসলামের বাণীকে সারা বিশ্বে ছড়িয়ে দিতে প্রয়োজন প্রাতিষ্ঠানিক শিক্ষা ও দিক নির্দেশনা। বর্তমান প্রজন্মই পারে একটি সুন্দর শান্তিময় সমাজ উপহার দিতে। ব্যক্তিগত, পরিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় সর্বক্ষেত্রে ইসলামের দাওয়াত পৌঁছে দিতে দক্ষ, কর্মঠ ও বিজ্ঞ প্রজন্ম গড়ে তোলার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান এবং সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

অনুষ্ঠান শেষে গ্রাজুয়েশন প্রাপ্ত শিক্ষার্থীদের সার্টিফিকেট ও পদক দেয়া হয়। বাদ আছর থেকে শুরু হওয়া অনুষ্ঠানে অভিবাবক ও শিক্ষার্থীরা স্বতঃস্ফর্তভাবে অংশগ্রহন করে এবং কুরআন তেলাওয়াত, নাশিদ ও ইসলামী শিক্ষার নানান পরিবেশনায় অংশ নেয় তারা। উল্লেখ্য তাহেরা আল কুরআন একাডেমির ২০১৯ সাল থেকে কার্যক্রম শুরু করে তৃতীয়বার অর্ধ-শতাধিক শিক্ষার্থীর গ্রাজুয়েশন সম্পন্ন করেছে।

করোনা মহামারিতে অনলাইনে সফলভাবে শিক্ষা কার্যক্রম অব্যাহত ছিল। বর্তমানে ইন-পারসন ও অনলাইন দুইভাবেই ক্লাস চলছে। উন্নত সিলেবাস ও দক্ষ শিক্ষকদের মাধ্যমে এই কোরআন ক্লাস পরিচালিত হচ্ছে। শিক্ষা খরচ ব্যায় করতে অক্ষম শিশুরাও সমান ভাবে ইসলামি শিক্ষা লাভ করছে। কোন সহৃদয় ব্যক্তি যদি অসহায় এ দরিদ্র শিশুদের, শিক্ষা খরচের ব্যায়ভার বহন করতে চান, তাহলে দুনিয়া ও আখেরাত উভয় জাহানে নেকি হাসিল করতে পারেন। জ্যালে’র মাধ্যমে এএএমসি’র ইমেইল অ্যাড্রেসে সরাসরি অথবা পে-পাল এর মাধ্যমেও ডোনেশন করা যাবে।

সামার সমাপনীর সাথে সাথেই প্রতিষ্ঠানের উইকেন্ড ক্লাস যথারীতি শুরু হয়েছে এবং রেজিষ্ট্রেশন চলছে। অনুষ্ঠানে আগত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন ও সহযোগিতার হাত বাড়িয়ে দিতে প্রতিষ্ঠানের প্রিন্সিপাল ইমাম আতাউর রহমান ও ডাইরেক্টর ফয়সাল নেওয়াজ বিশেষ অনুরোধ জানান।






# ক্ষমা চাইলেন প্রিয়াঙ্কা চোপড়া

**বাংলা পত্রিকা ডেস্ক :** সিবিএস-এর শো৩দ্য অ্যাক্টিভিস্ট-এ অংশ নিয়েছিলেন প্রিয়াঙ্কা চোপড়া। অবশেষে বিতর্ক ও লাগাতার সমালোচনার মুখে পড়ে ক্ষমা চাইলেন তিনি। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

প্রিয়াঙ্কা জানিয়েছেন, এই সমালোচনা তাকে তার ভুল শুধরে নিতে সাহায্য করেছে। শো-টি ভুল পথে এগোচ্ছিল সে কথা স্বীকার করে নিয়ে অভিনেত্রী আরো বলেছেন, ওই শো-তে আমার অংশগ্রহণ আপনাদের অনেককে হতাশ করেছে, সে কারণে দুঃখিত।

এর আগে সিবিএস-এর তরফে৩দ্য অ্যাক্টিভিস্ট শোয়ের ফরম্যাটে পরিবর্তনের কথা ঘোষণা করা হয়েছিল। এটি একটি প্রতিযোগিতামূলক শো থেকে এককালীন ডকুমেন্টারিতে পরিবর্তন করা হয়েছে।

এর আগে৩দ্য অ্যাক্টিভিস্টশোয়ের তরফ থেকে ঘোষণা করা হয়, এখানে ৬ জন অনুপ্রেরণা দেবে এমন সমাজকর্মীকে রাখা হবে। যাঁরা আবার তিনজন পাবলিক ফিগারের সঙ্গে মিলে টিম তৈরি করবেন।

যে তিনজনের টিমে ছিলেন মার্কিন গায়ক উশার (শোয়ের সঞ্চালক), প্রিয়াঙ্কা চোপড়া এবং জুলিয়ান হাফ। যদিও এই ঘোষণাটি শেষ পর্যন্ত উপহাসে পরিণত হয়। শোটি সস্তা বিনোদনে পরিণত হচ্ছে বলে অভিযোগ ওঠে।



# সাহিত্য সাময়িকী

## হাসু আপার জন্মদিনে

### নাসির আহমেদ

জাতির পিতার কন্যা তুমি, ধন্য জনম ধন্য
'সোনার বাংলা'র স্বপ্ন সফল শুধুই তোমার জন্য।
পিতা-মাতা, ভাই ও স্বজন সব হারিয়ে নিঃস্ব
দুঃখে ভরা জীবন তোমার দেখলো সারা বিশ্ব।

শোকের সাগর পাড়ি দিয়ে এতটা পথ চলতে
তোমার মত কে পারে আর প্রদীপ হয়ে জ্বলতে!
অন্ধকারে জ্বাললে আলো সেই আলোতেই চলছি
উন্নয়নের পথ ধরে আজ তোমার কথাই বলছি।

ছোট্টবেলার হাসুআপা বিশ্বনেতা আজকে
সবার ওপর দেশপ্রেম আর মূল্য দিলেন কাজকে।
সত্যপথে চলার সাহস ভয়ভীতিহীন শক্তি
দেশের জন্য মরতে রাজি, ভয় নেই এক রত্তি!

বদলে যাওয়া বাংলাদেশের কী অপরূপ দৃশ্য!
মানবতার জননীকে শ্রদ্ধা জানায় বিশ্ব।
শেখ হাসিনা-হাসু আপা তুমিই দেশের গর্ব
তোমার পথেই ভবিষ্যতে আমরাও দেশ গড়বো।

## দূরত্বের বৈরাগ্যে

### আয়েশা মুন্নি

তোমার সাথে যখন হৃদত্যার সূত্রপাত হয়েছিল, বাইরে তখন অঝোর ধারায় বৃষ্টি। গাছের পাতারা ধুয়ে পরিচ্ছন্ন রঙিন হতে শুরু করে সবেমাত্র। তুমি অপলক দৃষ্টিতে তাকিয়ে নিজেকেই যেন নিজে বললে 'কি সুন্দর'!

আমি ঠোঁটের কোনে হাসি টেনে ফেরার পথ ধরতেই, তুমি নিমগ্ন ধ্যানে আওড়ে গেলে অরন্যক বসু-
'এ জন্মের দূরত্ব টা পরের জন্মে চুকিয়ে দেব,
এ জন্মের চুলের গন্ধ পরের জন্মে থাকে যেন'..

তবে কি প্রণয় জাতীয় পতাকার মতো শোভন সুন্দর! গোলার্ধের মতো মহাবিষুব হতে জলবিষুব।
তবুও কখনোতো, কোথাও জীবন সুন্দর!

সেদিন সন্ধ্যার পিচ ঢালা ভেজা রাস্তা গল্প জমা করল। আমার সমস্ত শহর, নাগরিক বাতাস তোমার চেনা সুরের আমলকিতে থমকে গেল। শহীদ মিনার বেদীতে যে ফুলগুলো ছিল তাঁরাও বৃষ্টি মেখে নব কল্লোলে মেতে উঠলো।

কিন্তু আমাদের পথচলা জীবন অনিশ্চিয়তা দূরত্ব। আমরা বুঝতে শুরু করলাম আমাদের আলাদা রকম সকাল, আমাদের দুপুর একসাথে হচ্ছে না, রাত বিলীন হচ্ছে নিজস্ব আঁধারের করবীতে। অথচ এখনো প্রতিদিন আমরা হাঁটি দূরত্বের বৈরাগ্যে।

## মানুষ মারতে দেখে কি করে খাও

### এইচ বি রিতা

আন্দ্রে ব্রেইভিক, স্টিফেন প্যাডক
কোথায় নেই?
এ দেশ, ওদেশ,
তোমার মাঝে, আমার মাঝে
ওরা সর্বত্র ভ্রমগ্রস্ত ভগ্নমনস্কতায় টিকে থাকে।

আরো আছে একদল শূকর
গোগ্রাসে গিলে খায় মানবতা-বিবেচনাবোধ
তোমরা দেখো মানুষ মরে
টুকরো টুকরো মাংস খুলে পড়ে
রক্তস্নাত উপত্যকায় ভেসে যায় জননীর প্রিয় সন্তান।

তোমরা সব দেখো
টিভি চ্যানেল খুলে কখনো খবরের পাতায়
শুনো দ্বিখন্ডিত লাশের ইতিহাস
তোমরা দেখো কেমন হাত-পা ছড়িয়ে
মরে পড়ে থাকে অজ্ঞাত শিশু!

তবু তোমাদের বিরতি নে ই
কফির কাপে ঠোট ছুঁয়ে যাও অবলীলায়
মাংস ভুনা-খিচুরী
নিদারুন স্বাদে ভুলে যাও মনুষ্য মাংসের কথা!
বলি,
মানুষ মারতে দেখে তোমরা কি করে খাও?

## জীবনের পাঠ

### বিল্লাল মাহমুদ মানিক

পাঠ করো জীবনের ধারাপাত
বিষাদের ক্যানভাসে আঁকো শৈশব
খুলে দাও নিন্দার গিঁট
পান করো রক্ত বা পুঁজের শরাব
ভুলে যাও যাপনের খিদে
এর চেয়ে বেশি কিছু পাবে না কোথাও।

জীবন এমনই হয়
আমৃত্যু কিছুই থাকে না সাথে নিজেকে বিহীন।

## এবং অন্তরালে

### সালেহীন সাজু

ক্লান্ত পথিক ভাবে, মানুষ কি তবে, একটি হাত ছেড়ে অন্তরালে, অন্য আরেকটি হাত ধরে; ফিরে পাওয়ার আনন্দে কি সে, তার পূর্ব পুরুষকে আলিঙ্গন করে? হয়তো করে কিংবা করে না, পথিক তা জানে না। তবু দৃশ্যত, পথিক দেখে, বহু দুরুত্ব ঘুচে গেছে পাশাপাশি প্রস্তর ফলকে, অথচ একদিন, জেগে জেগে যারা ছিলো যোজন-যোজন দূরত্বে,

পরিযায়ী পথিক ভাবে, শুধু চলে যাওয়ার জন্যই এ আসা একদিন ঘুমাবো বলেই ক্লান্ত, শ্রান্ত দেহে, অবিরাম এ জেগে থাকা, আরো ভাবে, মানুষ জনমভর নিজেকে খুঁড়ে খুঁড়ে, নিজের জন্য একটি অন্ধকার গর্ত ছাড়া আর কখন কি আবিস্কার করেছে?

## মেয়েটিকে বলেছিলামড় ভালোবাসি

### হিলারী হিটলার আভী

সুদীর্ঘ সাত শারদীয়া উৎসবের পরে
আমি মেয়েটিকে বলেছিলাম ড়ড় ভালোবাসি!

মেয়েটি মনন অভিমান নিয়ে বলেছিল ড়
দুই দেশ অর্থাৎ মাঝে কাঁটাতার!
আমি যুবতী তুমি বৃদ্ধ!
ধর্মও ভিন্ন ভিন্ন!

আমি মেয়েটিকে কলকাতার মৃণাল সেনের কথা বলেছিলাম!
তাকে হ্যাঞ্চ ব্যাক অব নটরডেম-এর কথা বলেছিলাম!
সবশেষে তাকে কবি পিটগগ-এর কথাও বলতে চেয়েছিলাম,
দুঃখিত! এখন নাকি কথা বলতে হলে রিচার্জ দরকার!





আল্লাহ্‌ সর্বশক্তিমান
জয় বাংলা
জয় বঙ্গবন্ধু
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি,
বিশ্ব শান্তি মডেলের প্রণেতা (জাতিসংঘ কর্তৃক গৃহীত), বঙ্গবন্ধু কন্যা
জননেত্রী শেখ হাসিনা
নিউইয়র্ক লাগোর্ডিয়া এয়ারপোর্ট ম্যারিয়োট-এ
ভার্চ্যুয়াল উপস্থিতিতে
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রবাসী নেতা কর্মীদের উদ্দেশ্যে
গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন।
জনাব সজীব ওয়াজেদ জয়,
কী নোট স্পিকার,
ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায়
মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা
জেএফকে
বিমান বন্দরে
স্বাগত অভ্যর্থনা
১৯ সেপ্টেম্বর, বিকাল ৬টা
ম্যারিয়োট-এ
ভার্চ্যুয়াল নাগরিক সংবর্ধনা
২৪ সেপ্টেম্বর
বিকাল ৫টা
জাতিসংঘের সামনে
শান্তি সমাবেশ
২৪ সেপ্টেম্বর, দুপর ১২টা
ড. সিদ্দিকুর রহমান
সভাপতি
আব্দুস সামাদ আজাদ
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ
সার্বিক সহযোগিতায়ঃ নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগ, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগ, যুক্তরাষ্ট্র কৃষক লীগ, যুক্তরাষ্ট্র আওয়ামী যুবলীগ, যুক্তরাষ্ট্র আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ, যুক্তরাষ্ট্র জাতীয় শ্রমিক লীগ, যুক্তরাষ্ট্র ছাত্রলীগ, যুক্তরাষ্ট্র আওয়ামী মহিলা যুবলীগ, ওয়াশিংটন মেট্রো আওয়ামী লীগ, ভার্জিনিয়া স্টেট আওয়ামী লীগ, মেরিল্যান্ড স্টেট আওয়ামী লীগ, ফ্লোরিডা স্টেট আওয়ামী লীগ, ক্যালিফোর্নিয়া স্টেট আওয়ামী লীগ, পেনসিলভেনিয়া স্টেট আওয়ামী লীগ, জর্জিয়া স্টেট আওয়ামী লীগ, মিশিগান স্টেট আওয়ামী লীগ, মিশিগান মহানগর আওয়ামী লীগ, নিউজার্সী স্টেট আওয়ামী লীগ, ইলিনয়েস স্টেট আওয়ামী লীগ, নিউ ইংল্যান্ড স্টেট আওয়ামী লীগ, টেক্সাস স্টেট আওয়ামী লীগ, কানেকটিকাট স্টেট আওয়ামী লীগ, সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগ, টেম্পা আওয়ামী লীগ (ফ্লোরিডা), ডালাস আওয়ামী লীগ, সাউথ জার্সী মেট্রো আওয়ামী লীগ, ফিলাডেলফিয়া ট্রাই-কাউন্টি আওয়ামী লীগ, বাফেলো সিটি আওয়ামীলীগ, নিউইয়র্ক আপস্টেট আওয়ামী লীগ, উইনকনসিন স্টেট আওয়ামী লীগ, যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি, যুক্তরাষ্ট্র জাসদ, যুক্তরাষ্ট্র গনতন্ত্রী পার্টি, মুক্তিযোদ্ধা সংসদ, সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ৭১, মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গবন্ধু ফাউন্ডেশন, বঙ্গমাতা শহীদ শেখ ফজিলাতুননেছা মুজিব পরিষদ, বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদ, শেখ হাসিনা মঞ্চ, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, শেখ কামাল স্মৃতি পরিষদ, শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ, ঘাতক দালাল নির্মূল কমিটি, বাংলাদেশ আওয়ামী ফোরাম ইউ এস এ, বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবি পরিষদ, বঙ্গবন্ধু থিয়েটার, বাংলাদেশ লিবারেশন ওয়ার-৭১, মুক্তিযোদ্ধা যুব কমান্ড, মুক্তিযুদ্ধের চেতনার স্বপক্ষের সকল সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ এবং সমাজের বিশিষ্ট ব্যাক্তিবর্গ।
প্রচারে: দুলাল মিয়া এনাম, প্রচার সম্পাদক









### জেবিওয়াইএফ-নাইট সকার টুর্ণামেন্ট ২০২১

# এজী স্পোটিং ক্লাব ও রিও'স নাইট স্পোটিং ফাইনালে

**আশরাফুল হাবিব মিহির:** জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের উদ্দ্যেগে শুরু হওয়া "নাইট সকার টুর্ণামেন্ট ২০২১" এর সেমি ফাইনাল খেলা অনুষ্ঠিত গত ১৬ ও ১৭ সেপ্টেম্বর নিউইর্য়কের কুইন্সের হ্যাগারটি পার্কে অনুষ্ঠিত হয়।

চেজারর্স স্পোটিং এবং এজী স্পোটিং ক্লাবের মধ্যকার অনুষ্ঠিত প্রথম সেমি ফাইনাল খেলায় ৫-০ গোলে এজী স্পোটিং ক্লাব জয়লাভ করে। খেলার প্রথমার্ধে এজী স্পোটিং ক্লাব ২-০ গোলে এগিয়ে ছিলো, বিরতির পর আরো ৩ গোল করে নিজেদের বিজয় নিশ্চিত করেন। দলের পক্ষে একমাত্র হ্রাট্রিক করেন রেদোয়ান, আর রিয়াদ করেন ২টি গোল।

রিও'স নাইট স্পোটিং ক্লাব এবং ঢাকা স্করপিয়ন সকার স্পোটিং ক্লাবের মধ্যকার অনুষ্ঠিত দ্বিতীয় সেমি ফাইনাল খেলায় রিও'স নাইট স্পোটিং ক্লাব ১-০ গোলে জয়লাভ করে। নির্ধারিত সময়ের মধ্যে খেলার ফলাফল নির্ধারিত না হওয়ায়, খেলা অতিরিক্ত সময়ে গড়ায়। অতিরিক্ত সময়ের প্রথমার্ধে রিও'স নাইট স্পোটিং ক্লাবের জুবায়েরের দর্শনীয় গোলের মাধ্যমে নিজের দলকে ফাইনালে নিশ্চিত করেন।

উল্লেখ্য, টুর্ণামেন্টে মোট ৫টি দল অংশগ্রহণ করে। রবীন লীগ ভিত্তিতে একে অপরের মোকাবেলা করে, পয়েন্ট তালিকায় শীর্ষে থাকা প্রথম ৪টি দল সেমিফাইনালে উত্তীর্ণ হয়। এখনও পর্যন্ত এই টুর্ণামেন্টের একমাত্র হ্রাট্রিক করেন এজী স্পোটিং ক্লাবের রেদোয়ান। ১৯ সেপ্টেম্বর রোববার রাত ৯:৩০টায় ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এই সকার টুর্ণামেন্টের মিডিয়া পার্টনার টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা।

টুর্ণামেন্টে স্পন্সর হিসেবে ছিলো: ল' অফিস - এটর্নি র‍্যান্ডি বি. সিগেল, বিসিএল অফ ইউ.এস.এ., মিরচ্ রেষ্টুরেন্ট, জ্যামাইকা স্যোশাল অ্যাডল্ট ডে কেয়ার, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, জ্যামাইকা বাংলাদেশ সোসাইটির সভাপতি বাহলুর সৈয়দ উজ্জল, অভিজাত গ্রুপ, আই. জে ক্রিয়েটিভ সলিউশান, এন.ওয়াই ইন্সুরেন্স ও ব্রোকারেজ, সিলেট মোটরস্ এবং এমপায়ার স্টেট ইন্সুরেন্স।

খেলার সার্বিক সহযোগিতায় ছিলো: মো: আবু নাসের ভূঁইয়া, মো: কাশেম, এম.ডি. সেলিম উল্লাহ্ , মো: আফতাব হোসেন, আহসান আবদুল্লাহ টিটু, আসাদ সুমন, সুমন খান, মইনুর রহমান, শেখ আপেল, নাসিফ, রিয়াদ, করিম, বাবু, সজীব, মেহেদী রিজন, মাজেদ হোসাইন, রিপন, সাদী, সাজীদ, খাইরুল ইসলাম, মেহের আলম, খন্দকারম তৌহিদ, রাজেস, সাহেদ, ফরহাদ, রিয়াদ, রেজা, হৃদয়, মাসুদ রানা, তাইফুর চৌধুরী প্রমুখ।

জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের প্রেসিডেন্ট মো: জাসেম ও সেক্রেটারী তানভীর ভূঁইয়া বলেন, তরুণদের নিয়ে ফুটবল ছাড়াও অন্যান্য খেলাধুলা নিয়ে টুর্ণামেন্টে করার ব্যাপারে তাদের পরিকল্পনায় আছে।



# ব্রুকলীনে বারী হোম কেয়ারের অফিস উদ্বোধন

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্ক বাংলাদেশী অধ্যুষিত ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডে গত ১৪ সেপ্টেম্বর উদ্বোধন হয়েছে হোম কেয়ার এজেন্সি বারী হোম কেয়ার-এর অষ্টম শাখা। বারী হোম কেয়ারের চেয়্যারম্যান মুনমুন হাসিনা বারী জানান, ব্রুকলীনবাসীদের সুবিধার্থেই বারী হোম কেয়ারের নতুন শাখা চারু করা হলো। এখান থেকে ব্রুকলীনে বসবাসকারী প্রবীণ এবং বয়স্কদের হোম কেয়ার সংশ্লিষ্ট সব ধরনের সেবা প্রদান করা হবে। ১৪ সেপ্টেম্বর এর উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বারী হোম কেয়ায়ের সিইও আসেফ বারী সহ কমিউনিটি'র বিশিষ্ট ব্যক্তিবর্গ। সিইও আসেফ বারী জানান, কমিউনিটিকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করার লক্ষ্যে বারী হোম কেয়ারই সর্বপ্রথম নিউইয়র্ক এর পাঁচ বোরোতে ঘন্টায় ২২ ডলার প্রদান করছে, সেই সাথে লং আইল্যান্ডে প্রদান করছে ২১ ডলার এবং বাফেলোতে ১৮ ডলার।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন গোল্ডেন এজ হোম কেয়ারের সিইও মোহাম্মদ শাহনেওয়াজ, চেয়্যারপার্সন রানু নেওয়াজ, সিনিয়র এল্ডার কেয়ার এর সিইও গিয়াস আহমেদ, বাংলাদেশ সোসাইটি নির্বাচনে সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আলী ইমাম শিকদার, কাজী আযম, ফিরোজ আহমেদ, চার্চ-ম্যাকডোনাল্ড বিজনেস এসোসিয়েশন এর সভাপতি আব্দুর রব চৌধুরী, নিউইয়র্ক-বাংলাদশ লায়ন্স ক্লাবের সভাপতি আহসান হাবীব, শো টাইম মিউজিক এর পপ্রধান আলমগীর খান আলম, জ্যাকসন হাইটস এলাকাবাসী সংগঠন এর সেক্রেটারী মোহাম্মদ নমি আলম, বাংলাদেশ সোসাইটির প্রাক্তন সাধারণ সম্পাদক জয়নাল আবেদনী, নর্থ বেঙল ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক মো: আবুল কাশেম এবং রিয়েল এস্টেট ইনভেস্টর জে. এফ. এম রাসেল।

উল্ল্যেখ্য, বারী হোম কেয়ারের চার্চ ম্যাকডোনাল্ড শাখার তত্ত্বাবধানে থাকবেন ইফতেখার আহমেদ। নিউইয়র্কে হোম কেয়ার সার্ভিসের জন্য অন্যান্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান বারী হোম কেয়ার নিষ্ঠা এবং দক্ষতার সাথে দীর্ঘদিন ধরে কমিউনিটিতে অসুস্থ, শারীরিকভাবে চলাফেরায় অক্ষম এবং প্রবীণদের সেবা দিয়ে আসছে। প্রতিষ্ঠানটি নিউইয়র্ক স্টেটের আইন মেনে সহজ পদ্ধতিতে হোমকেয়ার সার্ভিস দিয়ে থাকে, দ্রুততার সাথে হোম কেয়ার সেবা চালু করার নিশ্চয়তা দান করেএবং ঘরে বসে উপার্জনে সহায়তা করে।

নিউইয়র্কের জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রঙ্কস, লং আইল্যান্ড, ওজোন পার্কে বারী হোম কেয়ারের সকল শাখায় তাদের কার্যক্রম সাফল্যের সাথে পরিচালিত হচ্ছে। এছাড়া বাফেলোতেও রয়েছে বারী হোম কেয়ারের দু'টি শাখা।


MSW
জ্যামাইকায়
Grand Opening
বাংলাদেশীদের মুখরোচক খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MY SECOND WIFE
Steaks & Kabab palace | 100% zabiha Halal
169-04, Hillside Avenue, Jamaica, NY 11432
Ph: 718-480-6866, E-mail: mysecondwife@gmail.com
-: মুখরোচক খাবারের মধ্যে রয়েছে :-
* Afghan Kabab
* Chicken / Beef Adana Kabab (Turkish )
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
এফিডেভিট অব সাপোর্ট
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
ডিভিডি, এসাইলাম, গ্রীনকার্ড রিনিউ

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ক্ষুদ্র ব্যবসা
পার্টনারশীপ, কর্পোরেশন
ফেডারেল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS
IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.
Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com

## ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

## জয় ক্যাটারিং মেন্যু

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
|---|---|---|---|
| প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | মটর পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527



# রোকসানা মির্জা দর্শক শ্রোতারা

(শেষের পাতার পর)

রকম গানের পরিবেশন করে দর্শকের অভিভূত করেন। শোটাইম মিউজিকের কর্নধার আলমগীর খান আলম তার অভিজ্ঞ চৌকস পরিচালনায় অনুষ্ঠানটি হয়ে উঠে ছিল সুন্দর আর অনবদ্য। মূলতঃ রোসানা মির্জা সব সময়ই হাই বিটের গান করে থাকেন এবং দর্শকদের নৃত্য করেন। এই অনুষ্ঠানে তার ভিন্ন রূপ দেখে দর্শক-শ্রোতা। অত্যন্ত সুন্দর ঘরোয়া বৈঠকী গানের পরিবেশ সৃষ্ট করেছিলেন তিনি। শেষের দিকে তিনি হাই বিটের হিন্দি গান পরিবেশন করেন এবং দর্শকরা মঞ্চের সামনে নৃত্য করতে থাকে। সব মিলিয়ে সুন্দর একটি পরিচ্ছন্ন অনুষ্ঠান দর্শকরা উপভোগ করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ জনপ্রিয় শিল্পী রিজিয়া পারভিন সহ প্রবাসের শিল্পীদের মধ্যে চন্দ্রা রায়, শাহ মাহাবুব, মামুন, রাজীব আরো আরো অনেকে উপস্থিত ছিলেন।



# প্রকাশ্যে এলো

(৪৬ পাতার পর)

এখন পরিবারে তিনজন হওয়ার অপেক্ষায় আছি। দোয়া চাই সবার।'

জানা যায়, কয়েক মাস আগে হঠাৎ শখের ফেসবুক প্রোফাইল, ইনস্টাগ্রাম, ফেসবুক পেজ হ্যাকড হয়ে যায়। তবে নতুন ফেসবুক অ্যাকাউন্ট খুলে প্রিয় মানুষদের সঙ্গে সংযুক্ত হচ্ছেন এই মডেল।

মডেল ও অভিনয়শিল্পী নিলয় আলমগীরকে ২০১৫ সালের ৭ জানুয়ারি বিয়ে করেন শখ। শুরুতে ওই বিয়ের খবরও গোপন রেখেছিলেন। কিন্তু বিয়ের দুই বছরের মধ্যে তাদের সেই সংসার ভেঙে যায়। ২০২০ সালের আগস্টে জানা যায় আবারও বিয়ে করেছেন এ অভিনেত্রী। ওই বছরের ১২ মে পারিবারিক আয়োজনে তার বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। স্বামী রহমান জন পেশায় ব্যবসায়ী।




আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960



MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

| | | |
|---|---|---|
| SAT | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get 25% Discount sign up by 4th July |
| SHSAT | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| COMMON CORE MATH & ENGLISH | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!





Mohammed M. Alam
M.Com (Management), LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।















# জেএফকেতে আ.লীগ বিএনপি'র সমাবেশ

(শেষের পাতার পর)

জেএফকে অন্তজূাতিক বিমানবন্দরে পৌছান। এসময় যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শহীদুল ইসলাম ও জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা প্রধানমন্ত্রীকে ভিভিআইপি লাউঞ্চে স্বাগত জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সময় বিকেল ৫টা ৪৬মিনিটি জেএফকে বিমানবন্দরে অবতরণ করেন বলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান জানান। তাঁর সফর সঙ্গীদের মধ্যে উল্লেখযোগ্য বিশিষ্টজনের মধ্যে রয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার ও পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন রয়েছেন।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিউইয়র্ক আগমন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ জেএফকে বিমানবন্দরের চার নম্বার টার্মিনালের একপাশে 'ওয়েল কাম সমাবেশ' করে। অপরদিকে যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতা-কর্মীরা একই টার্মিনালের অপর প্রান্তে 'ভোটার বিহীন নির্বাচনের প্রধানমন্ত্রী' আখ্যায়িত করে বিক্ষোভ সমাবেশ করে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের নেতৃত্বে আওয়ামী লীগের শত শত নেতা-কর্মী প্রধানমন্ত্রীকে স্বাগত জানান এবং সরকারের পক্ষে নানা শ্লোগান দেন। এসময় আওয়ামী লীগের সিনিয়র নেতৃবৃন্দ ছাড়াও সভাপতি মজিবুর রহমান মিয়া ও সাধারণ সম্পাদক শাহীন আজমলের নেতৃত্বে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ, ভারপ্রাপ্ত সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদুর রহমান চৌধুরীর নেতৃত্বে নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ, আহবায়ক তারিকুল হায়াদার চৌধুরীর নেতৃত্বে যুবলীগের একাংশ এবং যুগ্ম আহ্বায়ক জামাল হোসাইন, সেবুল মিয়া ও ইফজাল আহমেদ চৌধুরীর নেতৃত্বে অপরাংশ, সভাপতি শাহনাজ মমতাজ ও সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমীনের নেতৃত্বে মহিলা লীগ, নূরুজ্জামান সরদারের নেতৃত্বে স্বেচ্ছাসেবক লীগ সহ অন্যান্য অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা অংশ নেন।

অপরদিকে স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উদযাপন কমিটি, যুক্তরাষ্ট্র-এর আহ্বায়ক জিল্লুর রহমান জিল্লু ও সদস্য সচিব মিজানুর রহমান ভূঁইয়ার নেতৃত্বে বিপুল সংখ্যক বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল ও মহিলা দলের নেতা-কর্মী উপস্থিত ছিলেন। এসময় তারা সরকার বিরোধী নানা শ্লোগান দেন। এসময় বিএনপি'র সিনিয়র নেতৃবৃন্দ ছাড়াও সভাপতি জাকির হোসেন ও সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমেদের নেতৃত্বে যুবদল, সাধারণ সম্পাদক মাকসুদুল হক চৌধুরীর নেতৃত্বে স্বেচ্ছাসেবক দল সহ অন্যান্য অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা অংশ নেন। নিরাপদ দূরত্বেই বিকেল ৪টা থেকে সাড়ে ৬টা পর্যন্ত উভয় দলের এই কর্মসূচী চলে। উভয় সমাবেশ থেকে দলীয় নেতা-কর্মীরা জেএফকে এলাকা শ্লোগানে মুখর করে তোলেন। এদিকে গত শনিবার (১৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় জ্যাকসন হাইটসে আওয়ামী লীগ-বিএনপি নেতা-কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হওয়ায় রোববার প্রধানমন্ত্রীর আগমনে জেএফকে-তে ব্যাপক পুলিশী নিরাপত্তা ছিলো লক্ষণীয়।

# যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

**যোগাযোগ কম:** আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

**আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না:** এটা ঘটতে পারে আপনার বাড়ির লির্স্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

**উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও:** ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্ত্র বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

**আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ:** আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

**কি করবেন?** যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না।

নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়।

গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwkamalmortgagetips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

# যুক্তরাষ্ট্র আঃলীগের নতুন কমিটি নিয়ে

(শেষের পাতার পর)

কমিটি গঠনের ব্যাপারে দলীয় নেতা-কর্মীদের মধ্যে কানাঘুষা শুরু হয়েছে। সংগঠনের সম্মেলনের মাধ্যমে নতন কমিটি গঠনের ব্যাপারে একটি অংশ সোচ্চার দাবী জানিয়ে আসছেন। আলোচনা হচ্ছে নতুন কমিটি, না কি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক পদে নতুন নির্বাচন বা মনোনয়ন। তবে দলের তৃণমূল পর্যায়ের নেতা-কর্মীদের প্রধান দাবী সাধারন সম্পাদক পদটি 'ভারমুক্ত' করা হোক। দলীয় নেতা-কর্মীরা নতুন কমিটির ব্যাপারে সভাপতি শেখ হাসিনার দিকে তাকিয়ে আছেন। চলছে নানা জণ্পনা-কল্পনা।

প্রায় একযুগ আগে নিউইয়র্ক সফরকালীন সময়ে প্রধানমন্ত্রী ও দলীয় সভানেত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কমিটি গঠন করেন। সেই কমিটিতে ড. সিদ্দিকুর রহমান সভাপতি ও সাজ্জাদুর রহমান সাজ্জাদ সাধারণ সম্পাদক মনোনীত হন। পরবর্তীতে সাংগঠনিক অনিয়মের অভিযোগে সাজ্জাদ সাধারণ সম্পাদকের পদ হারান। সাং-গঠনিক নিয়মে ড. সিদ্দিকুর রহমান নেতৃত্তাধীন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের বর্তমান কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে প্রায় ১০ বছর আগেই। সাজ্জাদুর রহমান সাজ্জাদ পদচ্যুত হওয়ার পর থেকেই যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করে চলেছেন যুগ্ম সম্পাদক আব্দুস সামাদ আজাদ।

জানা গেছে, প্রায় এক যুগ আগে গঠিত কমিটির দুই বছরের মধ্যেই অসাংগঠনিক কর্মকান্ডের দায়ে সাজ্জাদ সাসপেন্ড হন এবং প্রথম যুগ্ম সম্পাদক নিজাম চৌধুরী সহ সংগঠনের আরো ৮জন নেতা অসাংগঠনিক কর্মকান্ডের দায়ে কারণ দর্শানোর চিঠি পাওয়ায় ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পান যুগ্ম সম্পাদক আব্দুস সামাদ আজাদ।

সূত্র মতে, দলের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের স্থলে ওয়াশিংটন থেকে একাধিক নেতা সভাপতি পদের প্রার্থী হতে চান। সভাপতি হতে চান ফ্লোরিডায় বসবাসকারী এফ ফজলুর রহমান। এই পদে আরো যাদের নাম শুনা যাচ্ছে তারা হলেন- অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ, ড. নূরুন্নবী, ড. শাহজাহান মাহমুদ, ডা. মাসুদুর রহমান প্রমুখ। অপরদিকে সাধারণ সম্পাদক পদে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ-এর চুড়ান্তকরণে নেতা-কর্মীরা দ্বিধা-দ্বন্দ্বে। দলের জন্য আব্দুস সামাদ আজাদের অবদানকে নেতা-কর্মীরা অস্বীকার না করলেও প্রবাসে বৃহত্তর সিলেটবাসীদের বড় কমিউনিটি থাকায় এই বিভাগ থেকে সাধারণ সম্পাদকের পদে নতুন মুখ খোঁজা হচ্ছে। কেননা, সভাপতি ড. সিদ্দিকুর রহমান বগুড়া তথা উত্তরবঙ্গের সন্তান। সূত্র মতে, দলের কর্মকান্ডে আব্দুস সামাদ আজাদের অবদান অস্বীকার করা যাবে না। অপরদিকে সংগঠনের একটি মহল দল থেকে বহিষ্কারাদেশ প্রত্যাহারে জোর লবিং চালাচ্ছেন সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদ। তার দেশের বাড়ী বৃহত্তর সিলেটের মৌলভীবাজার জেলায়। সংগঠনের প্রথম যুগ্ম সম্পাদক নিজাম চৌধুরী এনআরবি কমার্শিয়াল ব্যাংক প্রতিষ্ঠা করে অধিকাংশ সময় ঢাকায় ব্যস্ত থাকছেন। বৃহত্তর সিলেট থেকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের তালিকায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম এবং জনসংযোগ সম্পাদক ও সিলেট জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি কাজী কয়েস, আন্তর্জাতিক সম্পাদক দেওয়ান বজলু চৌধুরী প্রমুখের নাম আলোচিত হচ্ছে। পাশাপাশি সাধারণ সম্পাদক পদের জন্য সংগঠনের অপর যুগ্ম সম্পাদক আইরীন পারভীন ও মহিউদ্দিন দেওয়ান ও নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমাদুর রহমান চৌধুরীর নামও দলীয় নেতা-কর্মীদের মধ্যে আলোচিত হচ্ছে। সূত্র মতে সংশ্লিষ্টরা নিজ নিজ লাইনে লবিং করে চলেছন। তবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সম্মেলন হবে কি হবে না বা নতুন কমিটি হবে কি হবে না তা সম্পূর্ণ নির্ভর করছে দলীয় সভাপতি শেখ হাসিনার উপর। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সম্মেলন বা নতুন কমিটি সম্পর্কে সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন, এব্যাপারে কেন্দ্রের কোন নির্দেশনা নেই। সব কিছুই নির্ভর করছে প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনার উপর। তিনি যা চাইবেন আমি তাই করবো। তবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ পরিচালনায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা সজিব ওয়াজেদ-এর পরামর্শ নিয়েই দল পরিচালনা করা হচ্ছে বলে তিনি দাবী করেন।

# ভোটাধিকার ও নিউইয়র্ক রুটে বিমান চাই

(শেষের পাতার পর)

বিমানের 'নিউইয়র্ক-ঢাকা ফ্লাইট' চালু। এ ফ্লাইট চালু হলে প্রবাসীদের চেয়ে বাংলাদেশ বিমানই লাভবান হবে। কারণ বাংলাদেশের পতাকাবাহী বিমান দেখলে মানুষ আর অন্য বিমানে যেতে চায়না। তিনি বলেন, সাবেক বিমানমন্ত্রী রাশেদ খান মেনন বলেছিলেন, বিমান চালু নিয়ে, দুই একটা সমস্যা আছে কিছুদিনের মধ্যে তা সমাধান হবে। কিন্তু সময় অনেক গড়িয়েছে বিমানের ফ্লাইট এখনো চালু হয়নি। আমরা বছরের পর বছর অপেক।সায় আছি, অথচ বিমান আসছে না।

রহমানিয়া ট্রাভেল সার্ভিসের স্বত্বাধিকারী মৌলভী কে রহমান মাহমুদ বলেন, বাংলাদেশ বিমানের ফ্লাইট চালু হলে প্রবাসী বাংলাদেশের সবাই উপকৃত হবে। বিশেষ করে যারা ইংরেজিতে পারদর্শী না তারা স্বাচ্ছন্দেবোধ করবেন। এছাড়া স্বজনদের কাছে পার্সেলসহ গিফট পাঠাতে পারবেন অনায়াসে। আশাকরি বিমান চালু হলে বিমান লাভের মুখ দেখবে এবং প্রধানমন্ত্রীর সফরে আমরা এর একটি সুস্পষ্ট ঘোষণা চাই।

বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক ছানু বলেন, আমাদের দাবী হলো প্রবাসীরা যাতে বাংলাদেশে ভোটাধিকরা প্রয়োগ করতে পারি। আমরা চাই বাংলাদেশের মানুষ যেমন ভোটকে উৎসব করে সেরকমটা করতে পারি। তিনি বলেন, সোনালী ব্যাংকের যে শাখা এখানে খোলার কথা ছিল সেটির ঘোষণা চাই।

কমিউনিটির একাধিক নেতা বলেন, বিমান বন্দরে প্রবাসীদের হয়রানি, প্রবাসীদের সম্পত্তি দখল, দ্বৈত নাগরিক হওয়ার আবেদন যাতে দ্রুত নিস্পত্তি করেন সেটিও আমাদের দাবীর মধ্যে রয়েছে।

তারা বলেন, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের যে হেল্প ডেস্ক আছে তারা যাতে নিউইয়র্কবাসীর ফোন বা অভিযোগ পেলে দ্রুত নিস্পত্তি করেন সেটির দিকে সংশ্লিষ্টরা নজর দেন সে ব্যাপারে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ঘোষণা সময়ের দাবী।

কুইন্সের জ্যামাইকায় বসবাসকারী গৃহবধু মাহমুদা খাতুন বলেন, 'নিউইয়র্ক-ঢাকা ফ্লাইট' চালুর ব্যাপারে আমরা শুধু বাংলাদেশ সরকারের আশ্বাস-ই শুনে আসছে। সরকারের মন্ত্রীরা নিউইয়র্ক আসলে আশ্বাস দিয়ে যান। স্বয়ং প্রধানমন্ত্রীও আশ্বাস দিয়েছেন। কিন্তু বিমান আসছে না। আমরা আশ্বাস বা কথা নয়, বাস্তবায়ন চাই।







# গ্রেস মেং'র জ্যামাইকা মুসলিম সেন্টার পরিদর্শন

(শেষের পাতার পর)

গ্রেস মেং। গত ১৩ সেপ্টেম্বর সোমবার দুপুরে তিনি জেএমসি ভবন পরিদর্শনে আসেন এবং জেএমসি পরিচালনা কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় ছাড়াও ক্ষয়ক্ষতি সম্পর্কে অবহিত হন। এসময় গ্রেস মেং আকস্মিক বৃষ্টির পানিতে মারাত্বকভাবে ক্ষতিগ্রস্ত জেএম-সি'র ক্ষতি পূরণের জন্য সিটি, ষ্টেট ও ফেডারেল সাহায্যের বিষয় বিবেচনা করার ছাড়াও ক্ষতিগ্রস্তদের সাহায্যে কংগ্রেসে বিল উত্থাপনের আশ্বাস দেন। খবর ইউএনএ'র।

নিউইয়র্কের কংগ্রেশন্যাল ডিষ্ট্রিক্ট-৬ থেকে একাধিকবার নির্বাচিত এবং বাংলাদেশী কমিউনিটির বন্ধু হিসেবে পরি-চিত গ্রেস মেং সোমবার দুপুর দেড়টার দিকে জেএমসিতে আসেন। এসময় কমিউনিটি অ্যাক্টিভিষ্ট, জেএমসি পরিচালনা কমিটির সদস্য ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার কংগ্রেসওম্যান-কে জেএমসি গ্রেটে স্বাগত জানান। পরে গ্রেস মেং জেএমসি অফিসে অবস্থানকালে জেএমসি'র সেক্রেটারী মনজুর আহমেদ চৌধুরী বর্তান পরিস্থিতি এবং ক্ষয়ক্ষতির কথা তুলে ধরেন। তিনি বলেন, শুধু জেএমসি নয়, নিউইয়র্কের বিভিন্ন মসজিদ, মন্দির, গীর্জাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান মারাত্বকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক মানুষ বিশেষ করে যারা বেসমেন্টে বসবাস করেন তারা ভয়াবহ ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছেন। নিউইয়র্কের কুইন্সে সর্বাধিক লোকের মৃত্যু ঘটেছে।

কংগ্রেসওম্যান গ্রেস মেং এসময় ধৈর্য্য ধরে জেএমসি কর্মকর্তাদের কথা শুনেন এবং তার পক্ষ থেকে সকল প্রকার সাহায্যের আশ্বাস দেন। গ্রেস মেং ফেমা'র মাধ্যমে ফেডারেল ডিজাস্টার ফান্ড সহ সিটি ও ষ্টেটের বিভিন্ন ফান্ডের কথা তুলে ধরে বলেন, বাইডেন প্রশাসন ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য কাজ করছে। আমরাও চেষ্টা করছি। ক্ষতিগ্রস্তদের জন্য প্রয়োজনে কংগ্রেস বিল উত্থাপনের কথাও বলেন গ্রেস মেং।

পরে গ্রেস মেং জেএমসি ভবনের বেসমেন্ট ঘুরে ঘুরে দেখেন এবং ক্ষতিগ্রস্ত বেসমেন্টের বিভিন্ন অংশের ছবি নিজের ক্যামেরায় তুলে ধরেন। তিনি নিজ হাতে ভবনের ফ্লোর সহ দেয়ালে হাত দিয়ে পরখ করেন।

মনজুর আহমেদ চৌধুরী বার্তা সংস্থা ইউনাইটেড নিউজ অব আমেরিবকা (ইউএনএ) প্রতিনিধি-কে জানান, সাম্প্রতিক ভয়াবহ বৃষ্টিতে জেএমসি'র ৫০ হাজারোধিক ডলারের ক্ষয়ক্ষতি হয়েছে। বেসমেন্টের কারপেট পুরোটাই নষ্ট ছাড়াও দেয়াল ও ফ্লোর ক্ষতিগ্রস্ত হয়েছে।

এসময় সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান ছাড়াও অন্যান্যের মধ্যে জেএমসি'র কোষাধ্যক্ষ বাবুল মজুমদার, সদস্য সাবুল উদ্দিন, সাবেক সদস্য জহিরুল হক, কুইন্স বরোর চীফ ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক ও ডিএইচ কেয়ার-এর স্বত্বাধিকারী শাহরিয়ার রহমান উপস্থিত ছিলেন।



# সালমান শাহকে নিয়ে শাবনূরের আবেগঘন

(শেষের পাতার পর)

ঘটে। তিনি হাজারো মানুষের 'স্বপ্নের নায়ক' সালমান শাহ। ১৯৭১ সালের ১৯ সেপ্টেম্বর সিলেটে নানাবাড়িতে জন্মগ্রহণ করেন সালমান। বেঁচে থাকলে আজ ৫০ বছরে পা রাখতেন তিনি। ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর অসংখ্য ভক্তকে কাঁদিয়ে চলে যান সালমান শাহ।

আজকের এই দিনে সালমানকে নিয়ে আবেগঘন বার্তা দিয়েছেন শাবনূর। শাবনূর একটি ভিডিও প্রকাশ করে তিনি বলেন, 'সালমান শাহ এমন একটি নাম, যার সঙ্গে জড়িয়ে আছে সোনালি সময়। অল্প সময়ে অগণিত ভক্তের মাঝে নিজেকে বিলিয়ে দিয়ে গেছেন। প্রতিবছর এদিন কোটি ভক্তের হৃদয় আলোড়িত করে সালমান শাহ ফিরে আসেন ক্ষণিকের জন্য। ভালোবাসা অঞ্জলি নিয়ে ফিরে যান অযুত নক্ষত্রের ভিড়ে।' সব শেষে প্রিয় নায়কের জন্য শুভ কামনায় শাবনূর বলেন, 'ভালো থেকো সালমান শাহ, প্রতিদিন; যেখানেই আছ।'

এর আগে সালমান-শাবনূরের প্রেম নিয়ে বিভিন্ন সময় নানা আলোচনা হয়েছে। তবে শাবনূর প্রকাশ্যে তা কোনো দিন স্বীকার করেননি। বর্তমানে ছেলে আইজান নেহানকে নিয়ে অস্ট্রেলিয়ায় স্থায়ীভাবে বসবাস করছেন তিনি। সেখান থেকেই সালমান শাহর জন্মদিনে তাকে স্মরণ করলেন এ নায়িকা।

সালমান-শাবনূর জুটির আলোচিত সিনেমাগুলো হলো-'সুজন সখি', 'বিক্ষোভ', 'স্বপ্নের ঠিকানা', 'মহামিলন', 'বিচার হবে', 'তোমাকে চাই', 'স্বপ্নের পৃথিবী', 'জীবন সংসার', 'চাওয়া থেকে পাওয়া', 'প্রেম পিয়াসী', 'স্বপ্নের নায়ক', 'তুমি আমার', 'বুকের ভেতর আগুন' ও 'আনন্দ অশ্রু'।

# আ. লীগ-বিএনপি'র নেতা-কর্মীদের মিছিল-পাল্টা মিছিল, ধাওয়া-পাল্টা

(শেষের পাতার পর)

দুটি ঘটনায় ধাক্কা-ধাক্কি ও হৈচৈ-এর ঘটনা ঘটেছে। এদিকে গত বুধবার ও শনিবার স্থানীয় আওয়ামী লীগের পৃথক দুটি সংবাদ সম্মেলনে এই ঘটনা ঘটে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিউইয়র্ক আগমন উপলক্ষ্যে তাঁকে স্বাগত জানিয়ে যুক্তরাষ্ট্র যুবলীগের যুগ্ম আহ্বায়ক জামাল হোসাইন ও ইফজাল আহমেদ চৌধুরীর নেতৃত্বে যুবলীগের একটি অংশ শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ৭৩ ষ্ট্রীট, ব্রডওয়ে, ৭২ স্ট্রীট ও ৩৭ এভিনিউর ফুটপাত ধরে দেশীয় স্টাইলে মিছিল করে। এতে যুবলীগ ছাড়াও আওয়ামী লীগ ও দলের বিভিন্ন অঙ্গ সংগঠনের কয়েকজন নেতা-কর্মী অংশ নেন। অপরদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের নেতৃত্বে দলীয় নেতা-কর্মীরা জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় দলীয় কর্মসূচী নিয়ে অনির্ধারিত বৈঠকে মিলিত হন। এসময় বিএনপি দলীয় কয়েজন নেতা-কর্মী ডাইভাসিটি প্লাজা এলাকায় মিছিল নিয়ে এসে 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নাম ধরে অকথ্য ভাষায় শ্লোগান তুলতে তাদের প্রতিহত করা হয় বলে আওয়ামীগ দলীয় নেতা-কর্মীরা জানান।

এদিকে 'ভোটার বিহীন নির্বাচনের প্রধানমন্ত্রী' শেখ হাসিনা এই দাবী করে স্বাধীনতার সূবর্ণজয়ন্তী কমিটি যুক্তরাষ্ট্রের নেতা-কর্মীরা শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের একটি রেষ্টুরেন্টে সংবাদ সম্মেলন শেষে মিছিল করে ৭৩ স্ট্রীট ও ৩৭ এভিনিউর কর্ণারে তাদের মিছিলের পিছন দিক থেকে যুবলীগের নেতা-কর্মীরা হামলা চালায় এবং ৩৭ এভিনিউর উপরে স্থাপিত বিএনপি'র অস্থায়ী কার্যালয়ে সাটানো জিয়া-খালেদা জিয়া ও তারেক রহমানের ব্যানার, পোস্টার ছিড়ে ফেলে বলে বিএনপি নেতা মিজানুর রহমান ভূইয়া মিল্টন অভিযোগ করেন। এসময় আওয়ামী ও বিএনপি নেতা-কর্মীদের মধ্যে ধাওয়া, পাল্টা ধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পরে নিউইয়র্ক পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও কেউ গ্রেফতার হয়নি। এই ঘটনায় বিএনপি'র ৩জন কর্মী আর আওয়ামী লীগের একজন কর্মী আহত হন বলে যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মাকসদুল হক ভূইয়া এবং যুবলীগের যুগ্ম আহ্বায়ক জামাল হোসাইন জানান।

নিউইয়ক পুলিশের সামনেই আওয়ামী লীগ ও বিএনপি'র নেতা-কর্মীরা পাল্টা-পাল্টি শ্লোগান দেয়। এসময় ড. সিদ্দিকুর রহমান একটি গাড়ীর উপর দাঁড়িয়ে সবাইকে শান্ত থাকার আহ্বান জানিয়ে বলেন, প্রধানমন্ত্রীকে অসম্মান করে কেউ কথা বললে তাকে ছাড় দেয়া হবে না। প্রায় ঘন্টা খানেক চলে হাতাহাতি আর পাল্টা-পাল্টি শ্লোগান। ফলে জ্যাকসন হাইটস এলাকায় ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয় এবং দেশী-বিদেশী পথচারীরা আতংকগ্রস্ত হয়ে পড়েন।

এর আগে 'বিএনপি-জামায়াত'-এর ষড়যন্ত্র এবং বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীকে অসম্মান করে শ্লোগন দেয়ায় বিএনপি-জামায়াত কে প্রতিরোধ করে ডাইভারসিটি প্লাজায় তাৎক্ষণিক প্রতিবাদ সভা করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এতে সভাপতিত্ব করেন সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং সভা পরিচালনা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। সভায় আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীরা সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

বিএনপি'র সংবাদ সম্মেলনে যেখানে 'শেখ হাসিনা সেখানেই প্রতিবাদ' কর্মসূচী ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্য রাখেন স্বাধীনতার সূবর্ণজয়ন্তী কমিটি যুক্তরাষ্ট্রের সদস্য সচিব মিজানুর রহমান ভূইয়া মিল্টন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন কমিটির আহ্বায়ক জিল্লুর রহমান জিল্লু এবং বক্তব্য রাখেন যুগ্ম আহ্বায়ক জসিম ভূঁইয়া। সংবাদ সম্মেলনে বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

যুক্তরাষ্ট্র যুবলীগের যুগ্ম আহ্বায়ক জামাল হোসাইন জানান, 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নাম ধরে অকথ্য ভাষায় শ্লোগান দেয়ায় বিএনপি-জামায়াত-কে প্রতিহত করা হয়েছে এবং প্রধানমন্ত্রীকে অসম্মান করায় আমার ও যুবলীগ নেতা ইফজাল আহমেদ চৌধুরীর নেতৃত্বে যুবলীগের নেতা-কর্মীরা তাদের পোষ্টার-ব্যানার ছিড়ে ফেলেছে।

# নিমিষেই হবে মাথাব্যথা দূর!

(শেষের পাতার পর)

কাজকর্ম সব এলোমেলো হয়ে যায়। তখন বাধ্য হয়েই মুঠো মুঠো ব্যথানাশক ওষুধ পেটে পড়ে। যেটি একেবারেই স্বাস্থ্যসম্মত নয়। তাই মাথাব্যথা কমাতে জেনে নিন ঘরোয়া কয়েকটা উপায়। যা নিমিষেই কমাবে আপনার মাথার যন্ত্রণা-

শুরুতেই ঘরের আলো কমিয়ে মৃদু করুন। কিছুক্ষণ স্ক্রিনের আলো থেকে নিজেকে দূরে রাখুন। প্রয়োজনে ভালো মানের রোদচশমার ব্যবহার শুরু করুন। সরাসরি রোদ পড়ে অনেক সময় মাথার যন্ত্রণা শুরু হয়।

এছাড়াও হালকা সুবাসযুক্ত এসেনশিয়াল অয়েল আঙুলে নিয়ে হালকা হাতে কপাল জুড়ে ম্যাসাজ করে নিলে ব্যথা কমে যায়।

একটা আপেল কিন্তু আপনার মাথাব্যথা দূর করতে সহ-য়তা করে। তাই ঘরে আপেল থাকলে চট করে কেটে লবণ মেখে খেয়ে নিন। কমে যাবে আপনার মাথা ব্যথা।

মাথাব্যথা কমানোর একটি প্রাচীন পদ্ধতি অকুপ্রেশার। চট করে ব্যথা কমাতে এলবাম হাতের বুড়ো আঙুল ও তর্জনীর মাঝখানের অংশে ডান হাতের বুড়ো আঙুল ও তর্জনী দিয়ে চেপে ধরুন। কমে যাবে ব্যথা।

খুব বেশি মাথা ব্যথায় চলে যান রান্নাঘরে। আদা কুচি করে নিয়ে চিবিয়ে নিন। দেখবেন কমে যাচ্ছে মাথাব্যথা কিংবা হালকা ভেজে নেয়া লবঙ্গ পাতলা সুতি কাপড়ে মুড়িয়ে ঘ্রাণ নিন। এতেও কমে যায় মাথাব্যথা।

# জাহান্নামের ছায়া ধোঁয়া

(শেষের পাতার পর)

বেড়ি এবং আগুনের জিঞ্জির, আগুনে উত্তপ্ত ও প্রজ্বলিত কোটি কোটি টন ভারী লোহা ও গুর্জ, আগুনে উত্তপ্ত করা আসন প্রভৃতি। আর যার সৃষ্টি লেলিহান অগ্নিশিখা হবে, তার অভ্যন্তরস্থ বায়ুর ধ্বংসলীলা কত ভয়ংকর হতে পারে- তা ভাষায় প্রকাশ করা অসম্ভব। এ প্রসঙ্গে মহান আল্লাহ বলেন, 'আর বাম দিকের দল কত হতভাগ্য, বাম দিকের দল! তারা থাকবে অত্যুষ্ণ বায়ু ও উত্তপ্ত পানিতে, কৃষ্ণবর্ণের ধূম্রের ছায়ায়, যা শীতলও নয়, আবার আরামদায়কও নয়।' (সুরা ওয়াকিয়া, আয়াত : ৪১-৪৪)

জাহান্নামীরা জাহান্নামের আজাবে অতিষ্ঠ হয়ে এক ছায়াকর বৃক্ষের দিকে ছুটে আসবে। যখন সেখানে পৌঁছবে তখন বুঝতে পারবে যে এটা কোনো ছায়াদানকারী বৃক্ষ নয়; বরং এটা জাহান্নামের ঘনকালো ধোঁয়া। জাহান্নামের ছায়ার বর্ণনা দিয়ে আল্লাহ তাআলা বলেন, 'তোমরা যাকে অস্বীকার করতে, চলো তার দিকে। চলো তিন শাখাবিশিষ্ট ছায়ার দিকে, যে ছায়া শীতল নয় এবং যে ছায়া অগ্নিশিখা থেকে রক্ষা করতে পারে না। তা উৎক্ষেপণ করবে অট্টালিকাতুল্য বৃহৎ স্ফুলিঙ্গ, তা পীতবর্ণ উষ্ট্রশ্রেণিসদৃশ। সেই দিন দুর্ভোগ মিথ্যারোপকারীদের জন্য।' (সুরা মুরসালাত, আয়াত : ২৯-৩৪)

জাহান্নামের অগ্নিবায়ুর উষ্ণতা এত প্রখর, যা সব জাহ-ন্নামিকে চূর্ণ-বিচূর্ণ করে দেবে। যে আগুন মানুষকে জীবিত থাকতেও দেবে না, আবার মরতেও দেবে না। মহান আল্লাহ বলেন, 'তুমি কি জানো সাকার কী? তা (মানুষকে) অক্ষতও রাখবে না, আবার ছেড়েও দেবে না। মানুষকে দগ্ধ করবে।' (সুরা মুদ্দাসসির, আয়াত : ২৭-২৯)

এ ব্যাপারে আল্লাহ বলেন, 'কখনো না। সে অবশ্যই নিক্ষিপ্ত হবে পিষ্টকারীর মধ্যে। আপনি কি জানেন পিষ্টকারী কী? এটা আল্লাহর প্রজ্বলিত আগুন, যা হৃদয়ে পৌঁছবে। এতে তাদের বেঁধে দেওয়া হবে লম্বা লম্বা খুঁটিতে।' (সুরা হুমাজা, আয়াত : ৪-৯)

জাহান্নামের আগুন অনবরত প্রজ্বালন করা হবে। তাপ কমে যাওয়ার সঙ্গে সঙ্গে আবার জ্বালানো হবে। তা কখনো নির্বাপিত হবে না। আল্লাহ তাআলা বলেন, 'আর যার (নেকির) পাল্লা হালকা হবে তার স্থান হবে হাবিয়া। আপনি কি জানেন হাবিয়া কী? তা হলো জ্বলন্ত আগুন।' (সুরা কারিয়া, আয়াত : ৮-১১)

গ্রীষ্মকালে গরমের তীব্রতা জাহান্নামের আগুনের উষ্ণ বাষ্পের কারণেই হয়ে থাকে এবং জ্বরও জাহান্নামের আগুনের একটি অংশ। হাদিসে এসেছে, আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, নবী করিম (সা.) বলেছেন, 'যখন গরম বৃদ্ধি পায় তখন সালাত (বিলম্বে আদায়ের) মাধ্যমে তা ঠান্ডা করো। কারণ গরমের তীব্রতা জাহান্নামের নিঃশ্বাসের কারণে হয়। আর জাহান্নাম আল্লাহর কাছে অভিযোগ করল যে হে আমার রব! আমার এক অংশ অন্য অংশকে খেয়ে ফেলছে (অতএব আমাকে নিঃশ্বাস ত্যাগের অনুমতি দিন)। অতঃপর আল্লাহ তাকে বছরে দুবার নিঃশ্বাস ত্যাগের অনুমতি দেন। একটি শীতকালে আর অন্যটি গ্রীষ্মকালে। তোমরা গ্রীষ্মকালে যে কঠিন গরম অনুভব করো, তা এ নিঃশ্বাস ত্যাগের কারণে আর শীতকালে যে কঠিন শীত অনুভব করো, তাও ওই নিঃশ্বাস ত্যাগের কারণে হয়ে থাকে।' (বুখারি, হাদিস : ৫৩৬-৫৩৭)

# প্রকাশ্যে এলো শখের বেবি বাম্প

**বাংলা পত্রিকা ডেস্ক :** মডেল ও অভিনেত্রী আনিকা কবির শখ মা হচ্ছেন এমন গুঞ্জনই শোনা যাচ্ছিল। তবে এবার বিষয়টি নিজেই নিশ্চিত করলেন তিনি। আজ শনিবার ছিল তার ‘বেবি শাওয়ার’ অনুষ্ঠান। সেখানে পরিবারের সদস্য ছাড়াও শোবিজের অনেকেই উপস্থিত ছিলেন। সেই ছবি এখন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে। কিছুদিন আগে এই অভিনেত্রী লিখেছিলেন, ‘এখন সারাক্ষণ আমার ভেতরের মানুষটাকে নিয়েই ভাবতে ভাবতে দিন চলে যায়’। এবার শখ বললেন, ‘আমরা দুটি মানুষ খুব ভালো আছি, আপনাদের দোয়ায়। (বাকি অংশ ৪২ পাতায়)



# মোমবাতি প্রজ্জলনের মাধ্যমে ৯/১১ স্মরণ করলো জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ও ইয়্যুথ ফোরাম









**নিউইয়র্ক (ইউএনএ):** ২০০১ সালের সেপ্টেম্বর মাসের ভয়াবহ ৯/১১-এর ঘটনায় নিহতদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেছে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ও জ্যামাইকা বাংলাদেশী ইয়্যুথ ফোরাম। এ উপলক্ষ্যে সংগঠন দু'টির উদ্যোগে পৃথক পৃথকভাবে দুটি সমাবেশ আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

নাইন ইলেভেনের দিন সন্ধ্যায় জ্যামাইকার হিলসাইড এভিনিউ আর ১৬৮ ষ্ট্রীটের কর্নারে পথ সমাবেশের আয়োজন করা জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি। এসময় সংগঠনের নেতৃবৃন্দ ও জ্যামাইকাবাসী বাংলাদেশীরা ব্যানার হাতে মোমবাতি প্রজ্জলন করে নিহতদের প্রতি গভীর শ্রদ্ধা জানায়। এতে ফ্রেন্ডস সোসাইটির অন্যতম উপদেষ্টা ছদরুন নূর, সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, সহ সভাপতি মান্নাফ তালুকদার, সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, প্রবীণ প্রবাসী ওমর খসরু, এনওয়াইপিডি'র অফিসার রাসেক মালিক, ইয়্যুথ ফোরামের সাধারণ সম্পাদক তানভির ভূইয়া প্রমুখ বক্তব্য রাখেন।

ব্যতিক্রমী এই পথ সমাবেশে অন্যানের মধ্যে ফ্রেন্ডস সোসাইটির অন্যতম উপদেষ্টা ফারুক হোসেন তালুকদার ও এবিএম সালাহউদ্দিন আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী খুররম খুরশীদ, ফ্রেন্ডস সোসাইটির আপ্যায়ন সম্পাদক সৈয়দ লিটন আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও জ্যামাইকা বাংলাদেশী ইয়্যুথ ফোরাম একই দিন রাতে জ্যামাইকার একটি মাঠে তাদের নাইট লীগ ফুটবল খেলার আগে সমাবেশের আয়োজন করে। সভাপতি মোহাম্মদ জাসেমের পরিচালনায় অনুষ্ঠানে ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এর আগে নাইন ইলেভেনের ঘটনায় এক মিনিট নিরবতা পালন করা হয়।







## শেখ হাসিনার আগমন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র নাগরিক কমিটির সভায়

# বিএনপি-জামায়াতের ষড়যন্ত্র কঠোর হস্তে মোকাবেলায় হুশিয়ারী

**নিউইয়র্ক (ইউএনএ):** জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশেনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র নাগরিক কমিটি'র ব্যানারে সভা করেছে আওয়ামী লীগ ও সমমনা প্রবাসী বাংলাদেশীরা। জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) রাতে আয়োজিত সভায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। খবর ইউএনএ'র।

নাগরিক কমিটির আহ্বায়ক ও যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নূরুজ্জামান সরদারের সভাপতিত্বে আয়োজিত সভায় বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, আওয়ামী লীগ নেতা হিন্দাল কাদির বাপ্পা ও শেখ মোহাম্মদ সেলিম এবং প্রধান বক্তা ছিলেন নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদুর রহমান চৌধুরী। সভায় অন্যান্যের মধ্যে মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ ও খুরশীদ আনোয়র বাবলু সহ বক্তব্য রাখেন মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা জয়নাল আবেদীন, যুগ্ম সম্পাদক আইরীন পারভীন, প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম, প্রবাস বিষয়ক সম্পাদক সোলায়মান আলী, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি শাহনাজ মমতাজ, যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক আহ্বায়ক রেজাউল করিম চৌধুরী, ব্রুকলীন আওয়ামী লীগের সভাপতি নূরুল ইসলাম নজরুল প্রমুখ। সভা পরিচালনা করেন নাগরিক কমিটির সদস্য সচিব নাফিকুর রহমান তুরান।

সভায় বক্তারা প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফরকালীন সময়ে নিউইয়র্ক ও ওয়াশিংটনে ভ্যানগার্ড হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি বিএনপি-জামায়াতের যেকোন ষড়যন্ত্র কঠোর হস্তে মোকাবেলা করা হবে বলে হুশিয়ারী উচ্চারণ করেন। এছাড়াও সভায় কোন কোন বক্তা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের দলীয় কোন্দল, বিভেদ-বিভক্তি, কোন কোন নেতার সুযোগ-সুবিধা প্রাপ্তি এবং নতুন কমিটি গঠনের বিষয় তুলে ধরেন।









# মিশিগানে বসছে বর্ণাঢ্য ক্রিকেট আসর

(শেষের পাতার পর)

মিশিগানে ক্রিকেটের এই চমৎকার আয়োজন সে কথাই বলে। তেমনই এক বর্ণাঢ্য ক্রিকেট টুর্নামেন্টে আয়োজন করতে যাচ্ছে মোটর সিটি চ্যাম্পিয়নশীপ (এমসিসি-২০২১)। আগামী অক্টোবরে দ্বিতীয় বৃহত্তম বাংলাদেশী অভিবাসীর আবাসস্থল মিশিগানে প্রথম বারেরমতো বসছে এই ক্রিকেট আসর।

এই আয়োজকদের সকলেই বাংলাদেশী। মিশিগানে ভারতীয় ও পাকিস্তানীরা এরকম আয়োজন করলেও বাংলাদেশীদের আয়োজনে এটিই প্রথম। আগামী ৮ অক্টোবর থেকে শুরু হওয়া মিশিগান সহ টুর্নামেন্টে যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য থেকে মোট ১০টি দল এতে অংশ নেবে। এই টুর্নামেন্টে বাইরের খেলোয়াড়রাও অংশগ্রহণ করার সম্ভাবনা আছে বলে জানা গেছে।

গত শনিবার (১৮ সেপ্টেম্বর) টুর্নামেন্টের উদ্যোগতারা এ উপলক্ষ্যে ওয়ারেন শহরের স্থানীয় একটি রেস্টুরেন্টে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই ক্রিকেট আসরের কথা জানান আনুষ্ঠানিকভাবে। মিশিগানের বিভিন্ন শহরের ৫টি ভেন্যুতে একই সাথে এ টুর্নামেন্টের খেলাগুলো অনুষ্ঠিত হবে। প্রায় ৭০ হাজার ডলার বাজেটের এই ক্রিকেট আসরের প্রাইজ মানি থাকছে ৩৫ হাজার ডলার।

কোভিডে সিডিসির সকল গাইড লাইন মেনে আয়োজকরা একটি সুন্দর ও পরিচ্ছন্ন টুর্নামেন্ট যুক্তরাষ্ট্রবাসীকে উপহার দেয়ার প্রস্তুতি নিচ্ছেন। এই আয়োজন ঘিরে মিশিগানের ক্রীড়ামোদি ও

ক্রিকেট প্রেমিরা উৎফুল্ল। সাংবাদিক সম্মেলনে মোটর সিটি চ্যাম্পিয়নশীপের সভাপতি মোশারফ চৌধুরী লিটু ও সাধারণ সম্পাদক তায়েফুর রহমান টুর্নামেন্টের বিস্তারিত বর্ণনা করেন। সাথে ছিলেন উদ্যোগতা ইফতেখার আহমদ ও জগলুল হুদা।

দশটি দলের মধ্যে রয়েছে মিশিগান ঈগলস, মিশিগান চিতাস, এশিয়া ইউনাইটেড, রেপটারস

একাদশ, বাংলাদেশ টাইগার্স ইউএসএ, ওজনপার্ক ইউনাইটেড, গ্লাডিয়েটর, ডিসি রেজিমেন্ট, হার্ড এন্ড বেঙ্গল এবং জর্জিয়া টাইগার্স।

খেলার ভেন্যুগুলো হচ্ছে ড্রেট্রয়েট শহরের লাক্সী রিক্রিয়েশন সেন্টার, রচেষ্টার সিটির ব্লুমার পার্ক,

পন্টিয়াক সিটির মারফি পার্ক ও ওয়ারেন সিটির ট্রমলি পার্ক। কমিটির সদস্য হিসাবে রয়েছেন- জুয়েল হুদা, অনুপম শর্মা, শাহাদাত হোসেন মিন্টু, সেলিম আহমদ ও সাহেল হুদা। মিশিগান ক্রিকেট এসোসিয়েশনের প্রেসিডেন্ট সুশীল ভাট ও ডাইভার সিটি কাপের প্রেসিডেন্ট শাহিদ আহমদ উপদেষ্টা হিসাবে রয়েছেন।

খেলায় উল্লেখযোগ্য সংখ্যক ক্রিকেট প্রেমী দর্শকের মাঠে উপস্থিতি আশা করছে উদ্যোগতরা।




TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA



## গ্রেস মেং'র জ্যামাইকা মুসলিম সেন্টার পরিদর্শন

**নিউইয়র্ক (ইউএনএ):** অতি সম্প্রতি ঘূর্ণীঝড় আইডা'র প্রভাবে ভয়াবহ বৃষ্টির পানিতে খতিগ্রস্ত জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) পরিদর্শন করেছেন নিউইয়র্কের কংগ্রেসওম্যান (বাকি অংশ ৪৫ পাতায়)



*কি কথা বলছেন সেপুলভেদা ও এরিক*

### ব্রঙ্কসে সম্বর্ধনায় এরিক

## আমি নেতা নই আপনাদের ভাই

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক সিটি মেয়র পদে ডেমোক্রেট দলীয় প্রার্থী এরিক এডাম বলেছেন, আমি দীর্ঘদিন ধরে কমিউনিটির কর্মকান্ডে **(বাকি অংশ ২৯ পাতায়)**

### মিট দ্যা প্রেসে সেলিম হারুন

## কর্ণফুলী ট্রাভেলস'র বিশেষ ওমরাহ প্যাকেজ ঘোষনা

**বাংলা পত্রিকা ডেস্ক:** উত্তর আমেরিকায় নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশীদের জনপ্রিয় ট্রাভেল এজেন্সী কর্ণফুলী ট্রাভেল্‌স এজেন্ট ৭দিন জনপ্রতি (বাকি অংশ ৪১ পাতায়)

## যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



M. Kamal, MLO CPA

**এম কামাল:** এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪৪ পাতায়)



জ্যাকসন হাইটসে বিএনপি-আওয়ামী লীগ কর্মীদের মারামারির দৃশ্য।

# জ্যাকসন হাইটসসে আ.লীগ-বিএনপি'র সংঘর্ষে আহত ৪

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিউইয়র্ক আগমন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও বিএনপি'র নেতা-কর্মীদের মিছিল-পাল্টা মিছিল শেষে ব্যাপক হাতাহাতির ও ধাওয়া পাল্টা-ধাওয়ার ঘটনা ঘটেছে। শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসে এই ঘটনা ঘটে। এতে বিএনপি'র তিন কর্মী আর আওয়ামী লীগের একজন কর্মী আহত হয়েছেন বলে দলীয় সূত্রে জানা গেছে। এদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের বিবদমান দুই গ্রুপের নেতা-কর্মীদের মধ্যে পৃথক (বাকি অংশ ৪৫ পাতায়)

### প্রধানমন্ত্রীর উদ্দেশে প্রবাসীদের দাবী

# ভোটাধিকার ও নিউইয়র্ক রুটে বিমান চাই

**বাংলা পত্রিকা রিপোর্ট:** প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিউইয়র্ক আগমনকে ঘিরে প্রবাসী বাংলাদেশের মধ্যে আশার সঞ্চার হয়েছে। এ সফরে প্রবাসীরা পুনরায় 'নিউইয়র্ক-ঢাকা রুটে' সরাসরি বাংলাদেশে বিমানের ফ্লাইট চালুর ঘোষণা প্রত্যাশা করছে। এছাড়া অনেকের দাবী প্রবাসীরা যাতে বাংলাদেশে ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে দাবীও উঠেছে জোরেসোরে। বাংলা পত্রিকার সঙ্গে আলাপকালে একাধিক প্রবাসী তাদের এই দাবী ও মনোভাব তুলে ধরেন। মেঘনা ট্রাভেলসের স্বত্বাধিকারী মো. এম রহমান বলেন, প্রবাসীদের দীর্ঘ দিনের দাবী হলো বাংলাদেশের পতাকাবাহী **(বাকি অংশ ৪৪ পাতায়)**



জেএফকেতে আওয়ামী লীগের ওয়েলকাম সমাবেশ (বামে) এবং বিএনপির বিক্ষোভ সমাবেশ (ডানে)

## জেএফকেতে আ.লীগ বিএনপি'র সমাবেশ

**সালাহউদ্দিন আহমেদ:** জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোববার (১৯ সেপ্টেম্বর) নিউইয়র্কে এসে পৌছেছেন। তিনি বিশেষ একটি বিমানে তার সফর সঙ্গী নিয়ে বিকেলে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

### ভোটগ্রহণ হবে 'জয়া হলে' ॥ নির্বাচন ১০ অক্টোবর

## বিয়ানীবাজার সমিতির নির্বাচনে ১৯ পদে ৩৮ প্রার্থী

**বিশেষ প্রতিনিধি:** বহুল প্রতীক্ষিত যুক্তরাষ্ট্রস্থ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির দ্বি-বার্ষিক নির্বাচনে দুই পদে ১৯ পদে ৩৮জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। রোববার নির্বাচন কমিশন চুড়ান্ত প্রার্থীতা ঘোষণা করেন। আগামী ১০ অক্টোবরের (বাকি অংশ ৩৭ পাতায়)

## যুক্তরাষ্ট্র আঃলীগের নতুন কমিটি নিয়ে জল্পনা তুঙ্গে

**বাংলা পত্রিকা রিপোর্ট:** জাতিসংঘের আসন্ন সাধারণ অধিবেশনে যোগদানের জন্য প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা রোববার বিকেলে নিউইয়র্ক পৌছেছেন। প্রধানমন্ত্রীর এই সফরকালীন সময়ে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নতুন **(বাকি অংশ ৪৪ পাতায়)**

### ২৪ সেপ্টেম্বর ভর্চ্যুয়ার সংবর্ধনা

## প্রবাসীদের জন্য সংসদে সংরক্ষিত আসন দাবী

**বাংলা পত্রিকা ডেস্ক:** জাতিসংঘের ৭৬তম সাধারন অধিবেশনে যোগ দিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার যুক্তরাষ্টে আগমন উপলক্ষে **(বাকি অংশ ৬ পাতায়)**

## রোকসানা মির্জার গানে দর্শক শ্রোতারা মুগ্ধ



**অপু:** বিপুল দর্শক-শ্রোতার উপস্থিতিতে গত ১২ সেপ্টেম্বর রোববার কুইন্স প্যালেস অনুষ্ঠিত হয় রোকসানা মির্জার একক সংগীত সন্ধ্যা। তিনি বিভিন্ন (বাকি অংশ ৪২ পাতায়



## জাহান্নামের ছায়া ধোঁয়া ও উত্তাপ

### মাওলানা সাখাওয়াত উল্লাহ

জাহান্নামের আগুনের তীব্র তাপদাহ ও উষ্ণতা অত্যন্ত প্রখর হবে। সেখানে আছে আগুন থেকে প্রস্তুতকৃত পোশাক, বিছানা, ছায়া, ভারী (বাকি অংশ ৪৫ পাতায়)

### খেলার খবর

## মিশিগানে বসছে বর্ণাঢ্য ক্রিকেট আসর

**হেলাল উদ্দীন রানা, মিশিগান থেকে:** ক্রিকেট এখন ছড়িয়ে পড়েছে বিশ্বময়।ক্রিকেটের জনপ্রিয়তা অন্যসব খেলাকে ছাড়িয়ে গেছে বেশ আগেই। যুক্তরাষ্টের (বাকি অংশ ৪৭ পাতায়)

### হেলথ টিপস

## নিমিষেই হবে মাথাব্যথা দূর!

**বাংলা পত্রিকা ডেস্কঃ** মাথাব্যথা রোজকার জীবনের একটি সাধারণ সমস্যা। যখন তখন যেখানে সেখানে হুট করে প্রচন্ড মাথাব্যথায় (বাকি অংশ ৪৫ পাতায়)

### বিনোদন

## সালমান শাহকে নিয়ে শাবনূরের আবেগঘন বার্তা

**বিনোদন ডেস্ক:** চলচ্চিত্রের এক ক্রান্তিকালে আজকের দিনে সুদর্শন ফ্যাশনেবল আধুনিক মানসিকতার এক মহানায়কের আগমন (বাকি অংশ ৪৫ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road, Bronx, NY 10472.

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com